


# পরিকল্পনা বার্তা

একটি ইউডিডি প্রকাশনা
জুলাই ২০১৬

## নগর পরিকল্পনার ৫১ বছর












## নগর উন্নয়ন অধিদপ্তর

## URBAN DEVELOPMENT DIRECTORATE

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচীপত্র


**প্রারম্ভিক**

- নগর উন্নয়ন অধিদপ্তরের ইতিহাস ০৬

**প্রকল্প**

- প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর শীর্ষক প্রকল্পের প্রতিবেদন ১৫
- প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস শীর্ষক প্রকল্পের উন্নয়ন পরিকল্পনা বিষয়ে কর্মশালা ১৭
- প্রিপারেশন অব স্ট্রাকচার প্ল্যান এন্ড এ্যাকশন এরিয়া প্ল্যান ফর মাদারীপুর এন্ড রাজৈর উপজেলা, মাদারীপুর ডিস্ট্রিক্ট প্রকল্প ১৯
- ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান (এমএসডিপি) ২০১১-২০৩১ শীর্ষক প্রকল্প ২০

**গবেষণা**

- Possibility of Infrastructure Development in Municipality Town Center A Case Study on Bhandaria Municipality শীর্ষক গবেষণা ২২
- Improve Living Condition of Urban Poor of Mymensingh Town শীর্ষক গবেষণা ২৩
- খুলনা আঞ্চলিক অফিসে চলমান গবেষণা কার্যক্রম বিষয়ে প্রতিবেদন ২৩
- প্রবেলেমস এন্ড পটেনশিয়ালিটিস অব ইন্ডাস্ট্রিয়ালাইজেশন অ্যাট রাজশাহী : এ কেস স্টাডি অব বিসিক শিল্প এরিয়া ২৪

**প্রশিক্ষণ**

- ইন হাউজ প্রশিক্ষণ ২৫
- শুদ্ধাচার কৌশল ২৫
- বার্ষিক গোপনীয় প্রতিবেদন ২৫
- অডিট আপত্তি ও নিষ্পত্তি ২৫
- হিসাব, নিরীক্ষা ও অডিট আপত্তি ২৫
- পোর্টাল ট্রেনিং ২৫
- অফিস ম্যানেজমেন্ট ২৫
- জনগণের অংশগ্রহণের মাধ্যমে ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন ২৫

**সাম্প্রতিক উদ্যোগ**

- দক্ষিনাঞ্চলের পরিকল্পিত উন্নয়নে নবসৃষ্ট বরিশাল আঞ্চলিক অফিসের ভূমিকা ২৬
- নগর উন্নয়ন অধিদপ্তরের নবসৃষ্ট কক্সবাজার আঞ্চলিক অফিস ২৭
- নগর উন্নয়ন অধিদপ্তরের নবসৃষ্ট সিলেট আঞ্চলিক অফিস ২৭
- খুলনা আঞ্চলিক অফিসের কার্যক্রম ২৯
- নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিসে ২০১৫-১৬ অর্থ বছরের কার্যক্রম ৩১
- মাননীয় মন্ত্রী, সচিব ও চেয়ারম্যান মহোদয়ের রাজশাহী মহানগরী পরিদর্শন ৩২
- বাংলাদেশ কান্ট্রি পেপার : সারসংক্ষেপ ৩৩
- প্রস্তাবিত নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৫ ৩৮
- এশিয়ান ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার (এডিপেসি) থাইল্যান্ড এর সাথে সহযোগীতামূলক কর্মকান্ড ৩৯
- ম্যাপ আর্কাইভ ৩৯

**বিদেশে প্রশিক্ষণ**

- International Urban Training Centre (IUTC) of The Republic of Korea এবং UN-Habitat কর্তৃক আয়োজিত "Urban Development: Smart Eco-City 2016" শীর্ষক ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ ৪০

**সেমিনার**

- Habitat III: The New Urban Agenda ৪১
- Information Discimination Seminar on MSDP: A Pre-Gazettle Notification Scenario ৪১
- সিলেট বিভাগীয় শহরের মহাপরিকল্পনা শীর্ষক সেমিনার ৪১

**ভবিষ্যৎ পরিকল্পনা**

- প্রিপারেশন অব ন্যাশনাল কমপ্রিহেন্সিভ ডেভেলপমেন্টপ্ল্যান ফর দি হোলকান্ট্রি শীর্ষক প্রকল্প প্রস্তাবনা ৪২
- প্রিপারেশন অব কম্প্রিহেনসিভ রিজিওনাল ডেভেলপমেন্ট প্যাকেজ ফর রংপুর ডিভিশন ৪৩
- প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্লানিং প্যাকেজ ফর কামারখন্দ উপজেলা ৪৪
- প্রস্তাবিত পায়রা উন্নয়ন কর্তৃপক্ষ, সমন্বিত মহাপরিকল্পনা এবং নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম ৪৪

**অ্যালবাম** ৪৬


# Index


**Introduction**

- History of Urban Development Directorate 06

**Project**

- Preparation of Development Plan for Benapole-Jessore Highway Corridor Project Report 15
- Workshop on Development Plan under Preparation of Development Plan for Fourteen Upazilas Project 17
- Preparation of Structure Plan & Action area Plan for Madaripur & Rajoir Upazila Madaripur District Project 19
- Project title: Mymensingh Strategic Development Plan (MSDP), 2011-2031 20

**Research**

- Possibility of Infrastructure Development in Municipality Town Center-A Case Study on Bhandaria Municipality 22
- A Research on Improve Living Condition of Urban Poor of Mymensingh Town 23
- Report on Research Work Under Khulna Regional Office 23
- Problems and Potentialities of Industralization at Rajshahi : A Case Study of BSCIC Industrial Area 24

**Training**

- In House Training 25
- Integrity Strategy 25
- Accounting, audit and disposal of objections 25
- Annual Confidential Report 25
- Audit Objection and Solutions 25
- Portal Training 25
- Office Management 25
- Training on Preparation of Detailed Area Plan through People's Participation 25

**Recent Indevour**

- Role of Newly Established Barisal Regional office to Development of Southern Region 26
- Establishment of UDD Coxsbazar Regional Office 27
- Establishment of UDD Sylhet Regional Office 27
- Report on Khulna Regional Office. 29
- Activities Programs Held at UDD Regional Office Rajshahi at 2015-16 fiscal year 31
- Rajshahi City Visited by the Honourable Minister and Secretary of MoHPW and Chairman of NHA. 32
- Bangladesh Country Paper: Executive Summary 33
- Proposed Urban and Regional Planning Act, 2015 38
- Collaboration with Asian Disaster Preparedness Centre (ADPC) Thailand 39
- Map Archive 39

**Foreign Training**

- Participation in the Training Entitled Urban Development: Smart Eco-City 2016 Organized by International Urban Training Centre (IUTC) of The Republic of Korea and UN-Habitat 40

**Saminar**

- Habitat II: The New Urban Agenda 41
- Information Discimination Seminar on MSDP: A Pre-Gazettle Notification Scenario 41
- Seminar on Master Plan of Sylhet Divisional Tours 41

**Future Plan**

- National Comprehensive Development Plan for the Whole Country 42
- Prepaetion of Comprehensive Regiona Development Planning Package for Rangpur Division 43
- Preparation of Development Planning Package for Kamerkhand Upazila 44
- Creation of Proposed Payra Development Authority, Preparation of Comprehensive Master Plan and Role of UDD 44

**Album** 46

# বাণী



**মন্ত্রী**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"পরিকল্পনা বার্তা" ধারাবাহিকভাবে প্রকাশ হওয়ায় আমি নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালকসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

বর্তমান বিশ্ব প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। এ পরিবর্তনের সাথে সাথে সারা পৃথিবীব্যাপী বদলে যাচ্ছে নগরের প্রকৃতি ও নগর ব্যবস্থাপনার ধরণ। এ ক্ষেত্রে তথ্যের অবাধ আদান-প্রদান গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করছে। যুগোপযোগী তথ্যের যথাযথ ব্যবহারের উপর বহুলাংশে নির্ভর করে পরিবর্তিত পরিস্থিতিতে নগর পরিকল্পনার ধরণ এবং বাস্তবায়নে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। আদর্শ নগর পরিকল্পনার মাধ্যমেই সেবা প্রদানকারী সংস্থাসমূহের মধ্যে সমন্বয়ের সুযোগ সৃষ্টি হয়। দেশের উন্নয়ন কর্মকান্ডের সাথে সম্পৃক্ত সকলেই 'পরিকল্পনা বার্তা'য় উপস্থাপিত তথ্যাবলী থেকে উপকৃত হবেন বলে আমার বিশ্বাস।

আমি নগর উন্নয়ন অধিদপ্তরের সাফল্য এবং সমৃদ্ধি কামনা করছি।

১৬.০৮.১৯

(ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এম.পি)

# বাণী



**সচিব**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

এটা জেনে আমি খুবই আনন্দিত হয়েছি যে, নগর উন্নয়ন অধিদপ্তর তার কার্যক্রমের উপর প্রতি বছরের মতো এবারও "পরিকল্পনা বার্তা" বের করতে যাচ্ছে। এই অধিদপ্তরের সকল কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্টদের আমি তাদের এ উদ্যোগের জন্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি। আমার জন্য এটি বিশেষভাবে আনন্দের বিষয় এজন্য যে, নগর উন্নয়ন অধিদপ্তর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান যেটি ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এ পর্যন্ত সারাদেশের প্রায় চারশোটির মত পৌরসভার ভূমিব্যবহার পরিকল্পনা প্রণয়ন করেছে। এছাড়াও পঞ্চাশটি জেলায় অনুরূপ পরিকল্পনা প্রণয়ন করেছে।

পরিকল্পনা প্রণয়ন এবং তার বাস্তবায়ন এই দুইয়ের মাঝে প্রকাশনা একটি সেতুবন্ধন হিসেবে কাজ করে। যে কোন পরিকল্পনা মাঠ পর্যায়ের স্টেক-হোল্ডারদের কাছে অনুসরণীয় এবং গ্রহণযোগ্য করে তোলার ক্ষেত্রে প্রকাশনার ভূমিকা অনস্বীকার্য। আমি বিশ্বাস করি, নগর উন্নয়ন অধিদপ্তরের এই প্রকাশনা জনগণের মাঝে অধিদপ্তরের উদ্দেশ্য এবং এর কার্যক্রম সম্পর্কে একটি ইতিবাচক ধারণার সৃষ্টি করবে।

আমি আবারও নগর উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীকে এ উদ্যোগের জন্য আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

(মোঃ শহীদ উল্লা খন্দকার)

# বাণী



পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর
সেগুন বাগিচা, ঢাকা।

৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার নির্দেশনায় এই দপ্তর সারা দেশের জন্য Comprehensive Development Plan প্রণয়নের প্রস্তাব করেছে, যা নিরাপদ, টেকসই, জলবায়ু পরিবর্তন ঝুকি সহনীয় জনবসতি পরিকল্পনা এবং প্রাকৃতি ও পরিবেশ সংরক্ষনের দিক নির্দেশনা প্রদান করবে। এই পরিকল্পনাকে বাস্তবায়নের লক্ষ্যে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন - ২০১৫' অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছে। নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে এই দপ্তরের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বিগত বছরে প্রণীত 'মাদারীপুর রাজৈর' প্রকল্পে বিক্ষিপ্ত গ্রামীন বসতিকে Compact Settlement এবং শহর এলাকায় Land Readjustment এ জনগণকে সম্পৃক্ত করে দু'টি উপজেলার সমগ্র অংশের ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ইতিমধ্যে, গেজেটকৃত ***এই প্রকল্পটি নগর পরিকল্পনায় গ্রামীন বসতিকে সম্পৃক্ত করনের একটি নতুন ধারা তৈরী করেছে***। এই পদ্ধতির ধারাবাহিকতায় অধিদপ্তর বাংলাদেশের ১৪ টি উপজেলার সমগ্র অংশের ভূমি ব্যবহার পরিকল্পনা প্রনয়নের কাজ চলছে।

***UDD র পরিকল্পনা প্রণয়নের মূল বৈশিষ্ট হলো জনগণকে সম্পৃক্ত করে (PRA), ভূ-তাত্ত্বিক বৈশিষ্ট বিবেচনা, জলাধার ও কৃষি জমি সংরক্ষণ, পরিবেশ ও সংস্কৃতি রক্ষা করে আর্থ-সামাজিক উন্নয়ন***। নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনার এই মূল বৈশিষ্টগুলোকে ব্যবহার করে স্থানীয় পর্যায়ে প্রয়োগযোগ্য আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ময়মনসিংহ স্ট্রাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান (MSDP) প্রকল্পের অনুসৃত ধারনা ও অনুসৃত কার্য পদ্ধতির জন্য Asian Townscape Jury's Award লাভ করেছে। এরই ধারাবাহিকতায় জাতীয় মহাসড়কের গতিশীলতা রক্ষা এবং হাইওয়ে করিডোরের দ্রুত পরিবর্তনশীল ভূমি ব্যবহারকে নিয়ন্ত্রনের আওতায় আনতে বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন করা হচ্ছে। ময়মনসিংহ নতুন বিভাগীয় সদর দপ্তর পরিকল্পনা এই অধিদপ্তরের সুপারিশ অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে।

ইতিমধ্যে, UDD র বিদ্যমান ৫টি আঞ্চলিক অফিসের সাথে আরও ৬ টি অফিস সৃষ্টির প্রস্তাব প্রেরন করা হয়েছে এবং এর ধারাবাহিকতায় পরবর্তীতে প্রতিটি জেলায় জেলা কার্যালয় স্থাপনের প্রস্তাব করা হবে। একই সাথে ঢাকাসহ আঞ্চলিক অফিস সমুহের জন্য স্থান সংগ্রহের প্রক্রিয়া চলমান রয়েছে। দপ্তরের সাংগঠনিক কাঠামো সংস্কারের প্রাথমিক ধাপে প্রতিষ্ঠান প্রধানের পদবি ***'পরিচালক' পরিবর্তন করে অধিকতর পেশাভিত্তিক 'প্রধান পরিকল্পনাবিদ' (Chief Planner) প্রস্তাব করা হয়েছে***।

অধিদপ্তর ভৌত-পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি গবেষণামূলক কাজ ও সেমিনার আয়োজন করে আসছে। Habitat I ও II এর ধারাবাহিকতায় অক্টোবর, ২০১৬ এ Habitat III বিষয়ে কিটো সম্মেলনকে লক্ষ্য রেখে Bangladesh Country Paper তৈরী করেছে। এছাড়াও ইতিমধ্যে এ অধিদপ্তরের একটি নতুন সংস্করনের ওয়েবসাইট চালু করেছে যার মাধ্যমে এ অধিদপ্তরের সকল কাজের তথ্য পাওয়া যাবে। ***নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক এ যাবত প্রণীত সকল প্ল্যানের ডিজিটাল কপি সংরক্ষণের জন্য ম্যাপ আর্কাইভ গঠন করা হয়েছে***। এই ধারাবাহিকতায় Server GIS-এর মাধ্যমে দেশের বিভিন্ন পৌরসভা, উপজেলার GIS ম্যাপ জণসাধারনের সরাসরি ব্যবহারের জন্য uddmasterplan.gov.bd নামে dynamic website চালু করা হয়েছে।

***১৯৬৫ সালের ১৭ই জুলাই অধিদপ্তরের জন্মলগ্ন স্মরণ করে নিয়মিত ভাবে UDD Day পালন করা হচ্ছে।***

পরিশেষে, পরিকল্পনা বার্তা প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ)

## নগর উন্নয়ন অধিদপ্তরের ইতিহাস

পরিকল্পিত নগরায়ন ও বিচ্ছিন্ন উন্নয়ন বাংলাদেশ সরকারের দৃষ্টি আকর্ষন করে এবং এর প্রেক্ষিতে সরকার দেশের ভৌত কাঠামোগত উন্নয়ন নিয়ন্ত্রন করার জন্য মাষ্টার প্ল্যান এবং ভূমি ব্যবহার পরিকল্পনার প্রয়োজনীয়তা অনুভব করে। এরই ধারাবাহিকতায় ১৯৬৪ সালে বাংলাদেশ সরকার ভৌত পরিকল্পনা এবং উন্নয়নের জন্য কারিগরী সহায়তা চেয়ে "ইউনাইটেড নেসন্স স্পেশাল ফান্ড" এর নিকট অনুরোধ জানায়। এর প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তর নামে নতুন একটি সংস্থা ১৯৬৫ সালে ১৭ই জুলাই প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠা কালীন নগর উন্নয়ন অধিদপ্তরের অফিস এবং কর্মচারীদের তিনটি Scheme এর আওতায় রাখা হয় এগুলো যথাক্রমে: "টাউন এন্ড কান্ট্রি প্ল্যানিং", "সার্ভে ইনভেজষ্টিগেশন" এবং "প্ল্যানিং অফ রুরাল হাউজিং" (সুত্র ঃ গর্ভমেন্ট অফ ইষ্ট পাকিস্তান, জিওনং-৪৬৪, তারিখ ঃ ১৭-০৭-১৯৬৫)। সৃষ্টি লগ্নে নগর উন্নয়ন অধিদপ্তর পশ্চিম পাকিস্তানের Works, Power & Irrigation বিভাগের অধীনে ছিল। অধিদপ্তরের প্রশাসনিক কার্যক্রম নিয়ন্ত্রণ করত Works, Power & Irrigation বিভাগের Housing Wing। ইউনাইটেড নেসন্স বাংলাদেশ সরকারের অনুরোধ গ্রহণ করে এবং "লোকেশন এন্ড প্ল্যানিং অফ সিটিস" যার রিভাইজড ভার্সন "টাউন এন্ড কান্ট্রি প্ল্যানিং স্কীম" নামে একটি প্রকল্প অনুমোদন করেন। Works, Power & Irrigation বিভাগের সচিব মোঃ শফিউর রহমানকে ১৯৬৫ সালের ২৬শে জুন নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক হিসাবে নিয়োগ প্রদান করা হয় (সুত্র ঃ গর্ভমেন্ট অফ ইষ্ট পাকিস্তান, ওয়ার্কস, পাওয়ার এবং ইরিগেশন জিওনং-৪৬৪ই, তারিখ ঃ ১৭-০৭-১৯৬৫)। সৃষ্টি লগ্নে নগর উন্নয়ন অধিদপ্তরের নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সঠিক পরিসংখ্যান না থাকলেও ১৯৭৫ সালে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের পরিসংখ্যান বের করা হয়। পরিসংখ্যানে দেখা যায় অধিদপ্তরে ১৬০ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত ছিল (সুত্র ঃ নগর উন্নয়ন অধিদপ্তর-১/১/৭২-৬৭৯, তারিখঃ ১৮-০৬-১৯৭৫)। পরবর্তীতে ১৯৮৩ সালে বিগ্রেডিয়ার এনামুল হক খানকে প্রধান করে গঠিত মার্শাল ল কমিটি অনুসারে অত্র অধিদপ্তরে কার্যপরিধি ও অর্গানাইজেশন সেটআপ নির্ধারণ করা হয় (সুত্র ঃ www.udd.gov.bd)।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় নগর উন্নয়ন অধিদপ্তর বিদ্যমান ও নতুন নগর কেন্দ্রগুলোর জন্য রিজওনাল প্ল্যান, আরবান প্ল্যান এবং সাইট প্ল্যান তৈরী ও সমন্বয় করেছে। নগর উন্নয়ন অধিদপ্তর জাতীয় পর্যায়ে ভৌত পরিকল্পনা/ভূমি ব্যবহার পরিকল্পনার ক্ষেত্রে সরকারের প্রধান সংস্থা। নগর উন্নয়ন অধিদপ্তর জাতিসংঘের সংস্থা সমূহ এবং অন্যান্য উন্নয়ন সহযোগী যেমন World Bank, IDA এবং ADB এর সহযোগীতায় ভৌত পরিকল্পনায় বিভিন্ন কাজ সম্পাদন করেছে।

১৯৭৮-১৯৮২ সালে National Physical Planning Project (ফেজ-১) মূলত তৈরী করা হয়েছিল বাংলাদেশের জাতীয় ভৌত পরিকল্পনার তথ্য ব্যবস্থাপনার জন্য। অক্টোবর ১৯৮০ সালে এই সমীক্ষা

## History of Urban Development Directorate

The haphazard and unplanned growth of cities and towns of Bangladesh attracted the attention of Government and in order to prepare land use plans and master plans for urban areas for directing and controlling the growth of physical developments, the need of a physical planning organization was keenly felt. In the year 1964, a request was made to the 'United Nations Special Fund' to provide technical assistance for carrying out systematic and organized physical planning and development in Bangladesh. Consequently, a new organizations namely, Urban Development Directorate was created in 17th July1965, by transferring the officers and staff under the scheme- "Town and country Planning "and "Survey Irrigation and Planning of Rural Housing"- then under the administrative control of Housing Wing of Works, Power & Irrigation Department (vide G.O.No.464-E, dt.17.07.65). United Nations accepted the request and formally approved a project named "Location and planning of Cities" the revised version of "Town and Country Planning Scheme" *(Source: Government of East Pakistan, Works, Power & Irrigation Department No.464 E, dated: Dacca July 17, 1965).* Mr. Shafiqur Rahman, Secretary, Works, Power & Irrigation Department has been appointed Director, Urban Development Directorate on the date June 26, 1965*(Source: Government of East Pakistan, G.O. No.464 E, Dated: 17.7.1965).* Functions allocated to the Directorate were enhanced in the year 1983, by the Martial Law Committee on organization set up, headed by Brigadier Enamul Haque Khan which was approved by the Review Committee, headed by Major General Atiqur Rahman *(Source:www.udd.gov.bd).*

UDD, under MoHPW, prepares and coordinates regional plans, urban plans and site plans for new and existing urban centers. UDD is the prime government agency in Bangladesh for national level physical/land use plan preparation.

National Physical Planning Project (Phase I) was mainly planned for the management of national physical planning data in Bangladesh. The study report, prepared in October, 1980, aimed to establish macro planning

# প্রারম্ভিক

প্রতিবেদন প্রস্তুত করা হয় যার উদ্দেশ্য ছিল ক্ষুদ্র পরিকল্পনা অঞ্চল প্রতিষ্ঠা করা (যেটা গঠিত হবে অনেকগুলো সাব-রিজিওনে)। এই রিজিওনগুলো দ্বারা প্রস্তাবিত ১২০০ নগর কেন্দ্রে কার্যকর প্রভাব ফেলতে সক্ষম হবে। এই প্রকল্পে ১০ ধরনের ডাটাবেজ সংগ্রহ করা হয়েছে- জনসংখ্যা, অর্থনীতি, কৃষি, পরিবেশ, স্বাস্থ্য, শিক্ষা, প্রকৌশল অবকাঠামো, শহর এলাকা, পরিবহন ও যোগাযোগ, প্রশাসন এবং প্রতিষ্ঠান (সরকারী এবং বেসরকারী)।

১৯৮২-১৯৮৭ সালে নগর উন্নয়ন অধিদপ্তর UNDP, UNCHS এর সহযোগিতায় National Physical Planning Project (ফেজ-২) প্রণয়ন করে। যার উদ্দেশ্য ছিল সরাসরি সহায়তা প্রদানের মাধ্যমে প্রাথমিক কার্যক্রম অর্জন এবং দ্বিতীয়ত প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করবে।

২য় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় (১৯৮০-১৯৮৫) উল্লেখিত কেন্দ্রীয় ভৌত পরিকল্পনার প্রধান উদ্দেশ্য ছিল আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমকে সারাদেশে বিকেন্দ্রীকরণ করা এবং দীর্ঘমেয়াদে ভৌত পরিকল্পনার সমস্যা এবং অগ্রাধিকার সমূহ নির্ধারণ করা সেগুলো হল ঃ

- দীর্ঘমেয়াদে জনসংখ্যার ঘনত্ব নির্দেশ করে দেয়া যা গ্রাম এবং শহরে কাঙ্ক্ষিত সামঞ্জস্যতা বজায় রাখা।
- জমির সুষ্ট ব্যবস্থার এবং ভূমি ব্যবহার নিয়ন্ত্রনের জন্য কৃষি বিষয়ক নীতিমালা প্রণয়ন।
- স্থানীয় সরকার উন্নয়ন কর্তৃপক্ষ ও সরকারী সংস্থা সমূহের জন্য আবাসন, শিক্ষা, বিনোদন এবং উন্মুক্ত স্থান ব্যবহারের জন্য নির্ধারিত স্ট্যান্ডার্ড তৈরী করা।
- বিক্ষিপ্ত গ্রামীণ জনবসতির গুলোর জন্য পর্যায়ক্রমিক ভাবে একত্রীকরণের পরিকল্পনা এবং নীতিমালা প্রণয়ন।
- রুরাল গ্রোথ সেন্টার এবং গ্রাম পর্যায়ে নূন্যতম সুবিধা প্রদানকারী গ্রামীণ জনবসতির জন্য বিভিন্ন পরিকল্পনা এবং নীতিমালা প্রণয়ন এবং মহানগর, পৌরসভা, জেলা ও উপজেলা পর্যায়ে প্ল্যান প্রণয়ন।
- জাতীয় পর্যায়ের ভৌত পরিকল্পনার জন্য বিভিন্ন নীতিমালা প্রণয়ন এবং মহানগর, পৌরসভা, জেলা ও উপজেলা পর্যায়ে প্ল্যান প্রণয়ন।
- যে সকল এলাকার ভৌত পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে সে এলাকাগুলোর ভৌত উন্নয়ন নিয়ন্ত্রন।

# Introduction

regions (consisting of several subdivisions) for Bangladesh. By using these regions, it would be possible to assist in determining the potential effect of the proposed 1,200 growth centers. Ten categorized datasets were planned to be collected for the project under the following heads: Population, Economy, Agriculture, Environment, Engineering infrastructure, urbanized areas, Health, education and social welfare, Transport and communication, Administration and organization (government and non-government) and Energy.

In 1982, the *National Physical Planning Project (Phase II)* was undertaken jointly by UDD, Ministry of Public Works and Urban Development and the United Nation's Center for Human Settlement (UN-HABITAT) with a view to achieve `direct support' as the primary function and `institution building' as the secondary function.

As stated in the second Five Year Plan (1980-85), the central physical planning objective of the government was the decentralization and devolution of socio-economic development activities throughout the country. Over the longer term, physical planning problems and priorities were identified in more detail, as follows:

- The determination of the long term distribution of the population; in the words, a desirable rural-urban balance and the optimum pattern of urban growth;
- The farming of policies for the best use of land and its control (backed by suitable legislative measures);
- Provision of standards for use by local bodies, statutory authorities and government agencies on housing, open space, education, recreation, etc.;
- Policies and plans for gradual nucleation of rural settlements;
- Policies and plans for the development of rural growth centers and key villages (lower order hierarchy of service centers);
- Preparation of national physical planning strategies and of metropolitan, municipal, district and sub-district plans; and
- Preparation of national physical planning strategies and of metropolitan municipal, district and sub-district plans; and
- Development control in all areas for which plans have been prepared.

# প্রারম্ভিক

এই প্রকল্প নগর উন্নয়ন অধিদপ্তরকে নিম্নলিখিত উদ্দেশ্য অর্জনে সহযোগিতা করবেঃ (১) দীর্ঘমেয়াদী National Physical plan এর আউটলাইন করা (২) বিকল্প ভৌত কৌশল প্রণয়ন এবং আইন ও প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধি (৩) নির্দিষ্ট অঞ্চল, জনবসতি ও গ্রোথ সেন্টারের জন্য পরিকল্পনা প্রণয়ন করা এবং (৪) ফিজিক্যাল প্ল্যানিং ক্যাপাসিটি বৃদ্ধিকরণ।

National physical planning প্রকল্পের ১ম ধাপ ছিল অর্থনৈতিক এবং ভৌত পরিকল্পনার সমন্বয়ের জন্য বিশেষ কাঠামো তৈরী করা। এই প্রকল্পের প্রধান কার্যক্রম ছিল নগর উন্নয়ন অধিদপ্তর এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা।

নগর উন্নয়ন অধিদপ্তর প্রধানত ভূমি ব্যবহার পরিকল্পনা সমন্বয় সাধন এবং সাব-ন্যাশনাল প্ল্যান তৈরীতে নিয়োজিত। অধিকন্তু, নগর উন্নয়ন অধিদপ্তর তিনস্থর বিশিষ্ট প্ল্যানিং প্যাকেজ তৈরী , সমন্বয় এবং উন্নয়ন করে যাচ্ছে ঃ (১) স্ট্র্যাকচার প্ল্যান (২) আরবান এরিয়া প্ল্যান এবং (৩) ডিটেইল এরিয়া প্ল্যান। ১৯৬৫ সাল প্রতিষ্ঠালগ্ন হতে এই অধিদপ্তর দেশের (নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমের আওতা বর্হিভূত ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহী চারটি মেট্রোপলিটন এলাকার বাইরে) মাঝারি ও ছোট শহরের মহাপরিকল্পনা প্রণয়ন কওে অধিকতর ও সুষম নগরায়নের গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে আসছে এবং এ পর্যন্ত ৫০টি জেলা শহরের মাষ্টার প্ল্যান এবং ৩৯২ উপজেলা শহরের জন্য মাষ্টার প্ল্যান সফলভাবে প্রণয়ন করেছে।

**অধিদপ্তরের কার্যাবলী ঃ**

(১) নগরায়ন, নগর এলাকার ভূমির সুষ্ঠ ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা।

(২) দেশের ৪টি মেট্রোপলিটন সিটি যথাঃ- ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বাদে সকল নগর এলাকার মাষ্টার প্ল্যান প্রণয়ন, নগর এলাকার অভ্যন্তরে এলাকাভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার নক্শা ও অঞ্চলভিত্তিক প্ল্যান প্রণয়ন ও সমন্বয় সাধন করা।

(৩) নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করা ও ভবিষ্যতে নগর উন্নয়নের ক্ষেত্রে দেশব্যাপী নগর উন্নয়ন সংক্রান্ত স্থান নির্ণয় করা।

(৪) নগরায়ন কর্মসূচী প্রণয়ন করা এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সীগুলোর উন্নয়নমূলক কর্মকান্ডের স্থান নির্ধারনে সহযোগীতা করা।

(৫) মানব বসতি উন্নয়ন পরিকল্পনাকারী প্রতিষ্ঠান হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর আন্তর্জাতিক কারিগরী সহযোগীতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে দেশের ফোকাল পয়েন্ট ও প্রতিরূপ সংস্থা হিসেবে কার্যাদি সম্পাদন করা।

(৬) ভৌত পরিকল্পনা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সেমিনার এবং ওয়ার্কশপের আয়োজন করা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয় সম্পর্কে প্রকাশনা বের করা।

# Introduction

The project was intended to assist UDD to pursue the following immediate objectives: Formulation of an outline of a national physical plan (NPP) with a long term perspective, providing alternative spatial strategies and legal and administrative capacities; Preparation of specific regional, settlement and growth center plans; Identification of Development Projects; and Improvement of physical planning capacity.

The first step of the NPP project was to provide a spatial framework for the integration of economic and physical planning activities in Bangladesh. The main thrust of the project during the first four years was to concentrate on institutional building, primarily within the UDD and the Bangladesh University of Engineering and Technology (BUET).

UDD is engaged in the coordination of land use and the formulation of sub-national plans for the whole country. Moreover, it is engaged is formulation, upgrading and coordination of the three-tiered planning package I.e. structure plan, urban area plan and detailed area plan, down to the lowest level of administrative set-up in the country. Since 1965, this directorate has been playing a vital role in creating adequate and balanced urbanization by formulating development plans of medium and small-sized towns all over the country, except for the four metropolitan cities of Dhaka, Chitagong, Khulna and Rajsahi, and so far has formulated master plans/land use plans for 50 district towns /municipalities and 392 sub-district towns.

**Functions of UDD :**

i. To advise the Government on matters of policy relating to urbanization, land use and land development.

ii. To prepare and co-ordinate regional plans, master plans and detailed layout and site plans for the existing as well as the new urban centres excluding the areas covered by the present town development authorities of Dhaka, Chittagong, Khulna and Rajshahi.

iii. To undertake socio-economic research and collection of data for determination of the location and pattern of future urban development.

iv. To prepare programmes for urban development for execution by the sectoral agencies and secure approval of those from the National Council and assist the agencies in selection of sites for implementation of those programmes.

v. To act as a counterpart organization and focal point

(৭) পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ইন-সার্ভিস প্রশিক্ষণ প্রদান করা।

(৮) নগর উন্নয়ন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ সংস্থাসমূহকে তাদের অনুরোধক্রমে পরামর্শ প্রদান করা।

তাছাড়া নগর উন্নয়ন অধিদপ্তর কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির এখতিয়ারভূক্ত নিম্ন লিখিত থানা যথা ঃ কোতয়ালী, লালবাগ, রমনা, সূত্রাপুর, মতিঝিল, কেরাণীগঞ্জ, ধানমন্ডি, তেজগাঁও, গুলশান, মোহাম্মদপুর, মিরপুর, টংগী, রূপগঞ্জ, ক্যান্টনমেন্ট, সাভার, জয়দেবপুর, নারায়ণগঞ্জ, ফতুল্লা/বন্দর, সিদ্দিরগঞ্জ, নরসিংদী এবং ডেমরা (১৯৮০ ইং সনের পর উল্লিখিত থানা বিভক্ত হয়ে কোন নতুন থানা সৃষ্টি হলে কিংবা ভবিষ্যতে আরো বিভক্ত হলে উক্ত থানা এলাকাও অন্তর্ভূক্ত হবে) এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল এবং সিলেট সিটি কর্পোরেশন/মিউনিসিপ্যাল কর্পোরেশনের আওতাভুক্ত এলাকা জমি অধিগ্রহণের জন্য সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত সংস্থা কর্তৃক চাহিত ভূমির পরিকল্পিত ব্যবহার বিষয়ে পরিক্ষা-নিরীক্ষা পূর্বক অনাপত্তিপত্র প্রদান করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর নিজস্ব জনবল এবং আর্থিক সামর্থ্যের মাধ্যমে ভৌত পরিকল্পনা ও গবেষনামূলক কর্মকান্ডের দ্বারা দেশের উন্নয়নে অবদান রেখে চলছে।

### ২। পূর্ববর্তী অর্জন ঃ

নিকট অতীতে নগর উন্নয়ন অধিদপ্তর নিম্ন লিখিত প্রকল্পসমূহ সম্পাদন এবং রিপোর্ট প্রণয়ন করেছে ঃ

(ক) আরবান হাউজিং পলিসি এন্ড প্রোগ্রাম ডেভেলপমেন্ট (ফাস্ট ফেইজ), সহযোগীতায় ইউএনডিপি (১৯৭৮-১৯৮১)।

(খ) ন্যাশনাল ফিজিক্যাল প্ল্যানিং প্রজেক্ট (ফাস্ট ফেইজ), সহযোগীতায় ইউএনডিপি (১৯৭৮-১৯৮২)।

(গ) ড্রাফট ফিজিক্যাল প্ল্যানিং (ল্যান্ড ইউজ) এন্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল অর্ডিন্যান্স ইন ইটস ল্যান্ড পলিসি কনটেক্সট (জানুয়ারী, ১৯৮৩)।

(ঘ) ন্যাশনাল ফিজিক্যাল প্ল্যানিং প্রজেক্ট (ফাস্ট ফেইজ), সহযোগীতায় ইউএনডিপি, ইউএনসিএইচএস (১৯৮৩-১৯৮৭)।

(ঙ) আরবান হাউজিং পলিসি এন্ড প্রোগ্রাম ডেভেলপমেন্ট (সেকেন্ড ফেইজ), সহযোগীতায় ইউএনডিপি এবং ইউএনসিএইচএস (১৯৮৪-১৯৮৬)।

(চ) ৩৯২ টি পৌরসভার ভূমি ব্যবহার/মাষ্টার প্ল্যান প্রস্তুতকরণ (১৯৮৪-১৯৯১)।

(ছ) প্রিপারেশন অব স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এন্ড ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান অব ফিফটি ডিসট্রিক্ট টাউন্স (১৯৮৪-১৯৯১)।

(জ) ফিজিক্যাল প্ল্যানিং (ল্যান্ড ইউজ) এন্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল অর্ডিন্যান্স, মার্চ ১৯৮৫।

(ঝ) ফাইনাল রিপোর্ট ইন ফিজিক্যাল লেজিসলেশন, সেপ্টেম্বর ১৯৮৫।

(ঞ) হাউজিং সেক্টর ইনস্টিটিউশনাল স্ট্র্যাংদেনিং প্রজেক্ট, সহযোগীতায় এডিবি (১৯৯২-১৯৯৩)।

(ট) আরবান এন্ড সেন্টার সেক্টর রিভিও, সহযোগীতায় ইউএনডিপি, ইউনিসেফ এন্ড ইউএনসিএইচএস (১৯৯২-১৯৯৩)।

(ঠ) প্রিপারেশন অব বাংলাদেশ ন্যাশনাল রিপোর্ট অন হিউম্যান সেটেলমেন্ট (ইউএন-হ্যাবিটেট) (১৯৯৬)।

(ড) প্রিপারেশন অব বাংলাদেশ কান্ট্রি রিপোর্ট অন আরবান ইনডিকেটরস (২০০১)।

(ঢ) দেশের ৮ টি পৌরসভার ভূমি ব্যবহার/মাষ্টার প্ল্যান প্রস্তুতকরণ (২০০৪-২০০৮)।

in the Government for all internationally aided physical planning and human settlement programmes in the country.

vi. To organise seminars/workshops for creating better physical planning awareness and to disseminate information through regular publication of the research and planning materials on urbanization and human settlement planning and development.

vii. To conduct in-service training of the officers and staff of organizations involved in spatial planning and development.

viii. To advise the existing urban development authorities on their operations at their request.

### 2. Previous Activities of UDD:

UDD has completed the following Projects and Reports in the previous years:

a) Urban Housing policy and programme development (First Phase), with the help of UNDP (1978-1981)

b) National Physical Planning Project (First Phase), with the help of UNDP (1978-1982)

c) Draft Physical Planning (Land Use) and Development Control Ordinance in itsy context (january, 1983)

d) National Physical Planning Project (Second Phase), with the help of UNDP , UNCHS (1983-1987)

e) Urban Housing policy and programme development (Second Phase), with the help of UNDP, UNCHS (1984-1986)

f) Preparation of Landuse Plan/Master Plan of 392 Paurashava

g) Preparation of Landuse Plan/Master Plan of 50 district Towns

h) Physical Planning (Landuse) and Development Control Ordinance, March 1985

i) Final report in Physical Planning Legislation, September, 1985

j) Housing Sector Institutional Strengthening Project, with the help of ADB (1992-19993)

উল্লেখ্য নগর উন্নয়ন অধিদপ্তর নিজস্ব জনবল গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ পৌরসভা, টুংগীপাড়া পৌরসভা এবং কোটালিপাড়া পৌরসভার ২০ (বিশ) বৎসর মেয়াদী ভূমি ব্যবহার মাষ্টার প্ল্যান প্রণয়ন করেছে।


*৩। সাম্প্রতিক অর্জন ঃ*

ক) নগর উন্নয়ন অধিদপ্তর ***"সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের ষ্ট্রাকচার প্ল্যান, মাষ্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন"*** শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ সমাপ্ত করা হয়েছে। প্রকল্পটি জুন ২০১০ ইং এ সমাপ্ত হয়েছে। প্রকল্পটির উদ্দেশ্য ছিল সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের আগামী ২০ বৎসরের সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রনের জন্য ষ্ট্রাকচার প্ল্যান, মাষ্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান তৈরী ও ভূমির সর্বোচ্চ ব্যবহার ও নিয়ন্ত্রনের জন্য নীতিমালা তৈরী সহ সিলেট শহরের উন্নয়ন, আর্থিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান, বাসস্থান, উন্মুক্ত স্থান, সেবা, স্বাস্থ্য, বিনোদন নিয়োজিত বিভিন্ন সরকারী/ আধা-সরকারী এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য Planning Standard প্রণয়ন করা। প্রকল্পটি দ্বারা আগামী ২০ বছরের জন্য অর্থাৎ ২০১০ হতে ২০৩০ সাল পর্যন্ত সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের যথাক্রমে প্রায় ২১,০৩৯ একর এবং প্রায় ১৮,৬৭০ একর জায়গায় পরিকল্পিত ভূমি ব্যবহার নিশ্চিত করণের ব্যবস্থা নেওয়া হয়েছে (চিত্র-১ ও চিত্র-২ সংযুক্ত)। ইতিমধ্যে গৃহায়ন ও গণপূত মন্ত্রণালয় থেকে গেজেট প্রকাশ করা হয়েছে।


বিগত তিন বৎসরে অত্র অধিদপ্তর নিজস্ব জনবল দিয়ে ৮ (আট) টি পৌরসভা/উপজেলা শহরের মাষ্টার প্ল্যান প্রণয়নের কাজ সমাপ্ত করেছে। এই ০৮ (আট) টি পৌরসভা/উপজেলা শহর গুলো হচ্ছে ঃ দাগনভূঁইঞা (ফেনী), গলাচিপা (পটুয়াখালী), শাহজাহানপুর (বগুড়া), ধামরাই (ঢাকা), দাউদকান্দি (কুমিল্লা), মুজিবনগর (মেহেরপুর), মুন্সিগঞ্জ (মুন্সিগঞ্জ) এবং জিয়ানগর (পিরোজপুর)। এই মাষ্টার প্ল্যানসমূহের আলোকেই সংশ্লিষ্ট এলাকাসমূহে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে বলে আশা করা যায়।

***খ) "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী বীচ আপ টু টেকনাফ" প্রকল্প***

কক্সবাজার বাংলাদেশের অন্যতম সী-বীচ টাউন এবং পৃথিবীর দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্র সৈকত হিসেবে পরিচিত। এছাড়া কক্সবাজার প্রাকৃতিক সপ্তাশ্চার্যের (Natural Seven Wonders) মধ্যে অন্যতম হিসেবে বিশ্বের দরবারে পরিচিতি লাভ করেছে। কক্সবাজারকে একটি আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর ***"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী বীচ আপ টু টেকনাফ"*** শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন করছে।



চিত্র-১ ঃ সিলেট বিভাগীয় শহরের ঐতিহাসিক এবং আকর্ষণীয় পর্যটন এলাকাসমূহ



চিত্র-২ ঃ বরিশাল বিভাগীয় শহরের নগর এলাকার পরিকল্পনার মানচিত্র

k) Urban Shelter Sector Review, with the help of UNDP, UNCHS (1992-1993)

l) Preparation of Bangladesh National Report on Human Settlement (UN-Habitat), 1996

### 3. Recent Achievements:

a. Urban Development Directorate has been prepared structure Plan and Action Area Plan for sylhet and Barisal Division town at 2010 and Plan has been published as Gazette Notification by the Ministry of Housing & Public Works at 2011. Main objectives of the project is to Preparation of Structure plan and Area Development Plan, The framing of policies for the best use of land and land use control, Provide of standards for use by local bodies, statutory authorities and government agencies on housing, commercial, industrial, administrative, educational, utility services, open spaces and recreational facilities for next 20 years. By this project it has been taken to assure planned development of 21039 acres land of Sylhet town and 18,670 acres of Barisal town for next 20 years from the year of 2010-2030.

Cox's Bazar, is the only sea beach resort town of the country. It is renowned for the sea beach, which is also globally regarded as the longest natural sandy beach. Urban Development Directorate prepared a Master Plan titled "Preperation of Development Plan of Coxbazar Town Sea Beach upto Teknaf" for development of Cox's Bazar area as a nternationl tourist area at 2011 and

আগামী ২০ বৎসরের জন্য কক্সবাজার শহর, কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র সৈকত, মহেশখালী উপজেলা শহর ও সেন্টমার্টিন দ্বীপ এলাকায় পর্যটন শিল্প বিকাশের জন্য ও সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রনের জন্য "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী-বীচ আপ টু টেকনাফ" শীর্ষক জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়নাধীন। আগামী ২০ বৎসরের জন্য অর্থাৎ ২০১০ হতে ২০৩০ সাল পর্যন্ত প্রকল্প এলাকার প্রায় ৭৯,৬৫৭ একর জায়গার পরিকল্পিত ভূমি ব্যবহার নিশ্চিতকরণ (চিত্র-৩)। উক্ত প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলী নিম্নরূপঃ

১) কক্সবাজার শহরের ষ্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়ন।

২) কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত ইকোট্যুরিজম এলাকার ষ্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান তৈরী।

৩) কক্সবাজার শহর, কক্সবাজার শহর হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র সৈকত, মহেশখালী উপজেলা শহর ও সেন্টমার্টিন দ্বীপের ভূমির সর্বোচ্চ ব্যবহার ও নিয়ন্ত্রনের জন্য নীতিমালা তৈরী।

৪) প্রকল্প এলাকায় বীচ ট্যুরিজম কালচারাল ট্যুরিজম, রিক্রিয়েশনাল ট্যুরিজম, সিটি বেজড ট্যুরিজম ও ইকোট্যুরিজামের জন্য উপযুক্ত এলাকা চিহ্নিতকরণ।

৫) প্রকল্প এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য কালচারাল প্যাটার্ন ও কোষ্টাল ক্যারেকটারিষ্টিক সমূহ চিহ্নিতকরণ।

৬) বীচ ট্যুরিজম কালচারাল ট্যুরিজম, রিক্রিয়েশনাল ট্যুরিজম, সিটি বেজড ট্যুরিজম ও ইকোট্যুরিজমের বিকাশ ও টেকসই উন্নয়নের জন্য প্রয়োজনীয় নীতিমালা ও কৌশল প্রণয়ন, প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী গ্রহন ও পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন।

৭) প্রকল্প এলাকার সার্বিক উন্নয়ন, আর্থিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান, বাসস্থান, উন্মুক্ত স্থান, শিক্ষা, স্বাস্থ্য, বিনোদনে নিয়োজিত বিভিন্ন সরকারী/আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য Standard Design করা।

৮) প্রকল্প এলাকার উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রন করা।



চিত্র-৩ঃ "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী বীচ আপ টু টেকনাফ" শীর্ষক প্রকল্পের প্রকল্প এলাকার মানচিত্র

### গ) Comprehensive Disaster Management Programme (CDMP -II) এর সঙ্গে কার্যক্রম

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীনস্থ Comprehensive Disaster Management Programme (CDMP-II) এর মাধ্যমে ভবিষ্যতে শহরকেন্দ্রিক দুর্যোগের প্রস্তুতি ও ঝুঁকি হ্রাস কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে নগর পরিকল্পনার সাথে দুর্যোগ প্রশমন সমন্বয় করে পরিকল্পনা প্রণয়নের জন্য খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগের অধীন CDMP-II এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নগর উন্নয়ন অধিদপ্তর এর সাথে একটি MOU স্বাক্ষরিত হয়।

Published as Gazette notification by Ministry of Housing & Public works of 2013. By this project it has been taken to assure planned development of 79,657 acres land of Coxbazar town to Sea beach upto Teknaf, Maheshkhali and Saintmartin area for next 20 years from the year of 2011-2031.

The main objectives of the project are as follows:

i. Preparation of Structure Plan and Action Area Plan for Cox's Bazar town.

ii. Preparation of Structure Plan and Action Area Plan for Eco-Tourism Area from Cox's Bazar to Teknaf.

iii. The framing of policies for the best use of land and land use control for the area of Coxbazar town to Sea beach upto Teknaf, Maheshkhali and Saintmartin area.

iv. Identification of potential areas of beach tourism, cultural tourism, recreational tourism, city-based tourism and eco-tourism etc. including their prospects and development constraints.

v. Identification of cultural pattern and coastal characteristics for preparation of development plan in the area.

vi. Formulation of policy framework and related strategies, institutional development program and environmental management plan for sustainable development of beach tourism, cultural tourism, recreational tourism, city-based tourism and so on

vii. Provision of standards for use by local bodies, statutory authorities and government agencies on housing, commercial, industrial, administrative, educational, utility services, open spaces and recreational facilities.

vii. Development Control of the project area

### C. Comprehensive Disaster Management Programme (CDMP-II) :

A Memorandum of Understanding (MOU) has been signed between UDD and CDMP-II of Disaster Management and Relief Division of Ministry of Food and Disaster Management for enhancing city based

উল্লেখ্য, নগর উন্নয়ন অধিপ্তর ভৌত/কাঠামোগত/ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণযনে সরকারের গুরুত্বপূর্ণ সংস্থা। কিন্তু এই সব পরিকল্পনায় এ যাবত কাল দুর্যোগের ঝুঁকি হ্রাস বিষয়ক তথ্য উপাত্ত সন্নিবেশ করা হয়নি। CDMP বিভিন্ন দুর্যোগের বিপদ ও ঝুঁকি বিষয়ক মানচিত্র এবং এতদসংক্রান্ত সাড়া প্রদান পরিকল্পনা প্রণয়ন করে যাচ্ছে। এসব মানচিত্র এবং উপাত্ত ব্যবহার করে ভূমি ব্যবহার/কাঠামোগত পরিকল্পনা প্রণয়ন করা গেলে দুর্যোগের ঝুঁকি হ্রাসের প্রাথমিক ধাপ উত্তীর্ণ হওয়া সম্ভব। এই লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরে কর্মরত সকল নগর পরিকল্পনাবিশারদদের কারিগরী জ্ঞান বৃদ্ধির জন্য CDMP-II ব্যাপক প্রশিক্ষণ কর্মশালার ব্যবস্থা নিয়েছে। দেশী-বিদেশী প্রশিক্ষকদের মাধ্যমে হাতে-নাতে এই প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে বাংলাদেশের পৌরসভাগুলোর ভূমি ব্যবহার/কাঠামোগত পরিকল্পনার সাথে দুর্যোগ ঝুঁকি বিষয়ক উপাত্ত সংযুক্ত করে ভৌত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কর্মকান্ড হাতে নেওয়া হবে। এই পরিকল্পনা প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্য নগর উন্নয়ন অধিদপ্তরে একটি অত্যাধুনিক Geographic Information System (GIS) বিষয়ক Laboratory গড়ে তোলার যাবতীয় সহযোগীতা CDMP-II প্রদান করেছে।

***ঘ) "প্রিপারেশন অফ ষ্ট্রাকচার প্ল্যান এ্যাকশন এরিয়া প্ল্যান ফর মাদারীপুর এন্ড রাজৈর উপজেলা, মাদারীপুর ডিষ্ট্রিক্ট" শীর্ষক প্রকল্প***

প্রকল্প এলাকার তথ্য- মাদারীপুর রাজৈর
৩১৩.৮১ বর্গ কিঃ মিঃ ২২৯.২৯ বর্গ কিঃ মিঃ
(৭৭.৫১১ একর) (৫৬,৬৩৫ একর)
(মোট ১.৩৪ লক্ষ একর/৫৪৩ বর্গ কিলোমিটার)
(খ) মোট জনসংখ্যা ৩৪৫৭৬৪ লক্ষ জন ২২৮৭১০ লক্ষ জন
(মোট জনসংখ্যা ৪.৪৪ লক্ষ জন)

বাংলাদেশ কৃষি প্রধান দেশ (জিডিপিতে অবদান ২৮ শতাংশ), জনবহুল ও ভুমি অপ্রতুল দেশ, অপরিকল্পিত নগরায়নের ফলে প্রতিবছর ১% হারে কৃষি জমি অন্য ব্যবহারে রূপান্তরিত হয়। তাছাড়াও পদ্মা সেতু বাস্তবায়নের প্রেক্ষাপটে প্রকল্পটি গুরুত্বপূর্ণ। প্রকল্পের প্রস্তাবনা সমূহ বাস্তবায়নকাল বিশ বছরঃ (২০১৫-২০৩৫ সাল)। এটি দুই স্তর বিশিষ্ট পরিকল্পনা যেমন- স্ট্র্যাকচার প্ল্যান বিশবছর মেয়াদী ও এ্যাকশন এরিয়া প্ল্যান তিন থেকে পাঁচ বছর মেয়াদী। পরিকল্পিত নগরায়নে কৃষি জমি নষ্ট না করেও Compact Development সম্ভব, পরিকল্পিত নগরায়নের মাধ্যমে নগর ও গ্রামীন জনপদের সকল জনগনের কাছে নাগরিক সুবিধাদি পৌছে দেওয়ার মাধ্যমে সমগ্র উপজেলায় নগর ও গ্রামীন সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব। বর্তমান পরিকল্পনার প্রধান তিনটি ল্যান্ডইউজ জোন নির্ধারণ করা হয়েছে, যথাঃ নগরায়ন এলাকা (UPA),নগরায়ন নিয়ন্ত্রন এলাকা (UPCA) ও গ্রামীণ জনপদ এলাকা (RSA)। আগামী ২০৩৫ সাল নাগাদ মাদারীপুর উপজেলায় জনসংখ্যা ৫.৯০ লক্ষ এবং রাজৈর উপজেলায় ৪.৭০ লক্ষ হবে যা নতুন করে অবাসনের জন্য জমি অধিগ্রহণ না করেও বর্তমান বসতি এলাকায়

disaster preparedness and risk reduction activities by Comprehensive Disaster Management Programme (CDMP-II) programme.

UDD is a important department of the government for preparation of physical/structural/landuseplan. But in this plan disaster risk reduction data were not incorporated. CDMP has been preparing map and report of disaster risk reduction. It has been possible to overcome the first step of disaster risk reduction by using these maps and data. For this aim CDMP-ii has been taken to arrange of massive training and workshop for increasing technical knowledge of all planners of UDD. To institutionalizing of this plan CDMP-II has been helping to provide a Geographical Information System (GIS) Laboratory at UDD.

**D. Preparation of Structure Plan and Action Area Plan for Madaripur and Rajoir Upazilla, Madaripur District Project.**

Project area information- Madaripur Rajoir
313.81 Sq. k.m 229.29 Sq. k.m
(77.511 acre) (56.635 acre)
(Total 1.38 Lac acre/543 Sq. k.m)
(ii) Population-2.68 Lac 1.76 Lac
(Total population 4.44 Lac)

Bangladesh is a agricultural based country (contribution to GDP is 28%). It is country of over populated and less land. About 1% agriculture land transmitted to other use per years. Beside this project is very much important in the context of Padma Bridge Implementation. The implementation period of this plan proposal is 20 years (2015-2035). This is two staged plan, one of Structure plan which duration is 20 years and another is action Area plan which duration is 3-5 years. In the Planned urbanization it is possible to compact development by not wastage of agriculture lands. This plan has three specified land use zone, these are (1) Urban Promotion Area (UPA), (II) Urban Promotion Control Area (UPCA) and Rural Settlement Area (RSA).Within the year of 2035 population of Madaripur Upazila and Rajoir Upazila would be 5.9 Lac and 4.70 Lac

ঘনত্বায়নের মাধ্যমে ব্যবস্থা নেওয়া যায়। সে কারণে বর্তমান পরিকল্পনায় নতুন ভাবে জমি অধিগ্রহন না করেও নিবিড় লোকালয় (Compact Settlement) প্রণয়ন-যেমনঃ

-অংশিদারিত্বের ভিত্তিতে ভূমি পুনর্বিন্যাস (Land Readjustment)
-নিয়ন্ত্রিত ভূমি উন্নয়ন (Guided Land Development)
-পুনরুন্নয়ন প্রকল্প (Redevelopment Project)

এর ভিত্তিতে পরিকল্পিত আবাসন গড়ে তোলার প্রস্তাবনা উপস্থাপনা করা হয়। প্রকল্প প্রণয়নে বিভিন্ন সেমিনার/কর্মশালা, ইউনিয়ন পর্যায়ে ২৭ টি কনসালটেশন সভা, সরকারী দপ্তরসমূহের সাথে ০৩ টি কনসালটেশন সভা, মাদারীপুর ও রাজৈর উপজেলা পরিষদ মিলনায়তনে ২০.০৪.২০১৫ খ্রিঃ থেকে ১৯.০৫.২০১৫ খ্রিঃ পর্যন্ত ০১ মাসব্যাপী গনশুনানী অনুষ্ঠিত হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ১৮.০৫.২০১৫ ও ১৯.০৫.২০১৫ তারিখে ০২ দিনব্যাপী পরিকল্পনার Database-এর ব্যবহারের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

**লক্ষ্য সমূহ ঃ**

➪মাদারীপুর ও রাজৈর উপজেলার উন্নয়নের মাধ্যমে জাতীয় ও আঞ্চলিক উন্নয়ন নিশ্চিত করা এবং ঢাকা শহরের উপর থেকে ক্রমবর্ধমান চাপ কমানো। এসব উদ্দেশ্য সফল করতে মাদারীপুর ও রাজৈর উপজেলাকে গড়ে তুলতে হবে একটি (১) কৃষি-শিল্প ভিত্তিক শহর (২) নির্মাণ শিল্প এলাকা (৩) ব্যবসা বাণিজ্য কেন্দ্র (৪) রপ্তানী কেন্দ্র এবং (৫) সর্বোপরি একটি যোগাযোগ ব্যবস্থার কেন্দ্র হিসেবে।

➪কৃষি জমি সংরক্ষণের জন্য Urban Promotion Control Area চিহ্নিত করণ এবং পরিকল্পিত নগরায়নের জন্য Urban Promotion Area নির্ধারন।

➪মাদারীপুর ও রাজৈর উপজেলার অর্থনৈতিক অবস্থার উত্তরণ ঘটানো।

➪স্থানিক পুনর্বিন্যাসের মাধ্যমে পারিসরিক উন্নয়ন।

➪কৌশলগত ভৌত অবকাঠামোর উন্নয়ন।

➪ক্রমবর্ধমান জনসংখ্যা ও কর্মসংস্থানের সমন্বয় সাধন।

➪সমতা ও ন্যায় সংগত ভাবে নগরের মৌলিক সেবা সমূহের ব্যবস্থা করন।

➪দারিদ্র বিমোচন।

**পরিকল্পনা বাস্তবায়ন প্রস্তাবনা ঃ**

➪প্ল্যানের কাষ্টডিয়ান হবে নগর উন্নয়ন অধিদপ্তর। নগর উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে প্ল্যানের বাস্তবায়ন মনিটর করা হবে। প্রশাসন ও উন্নয়ন কাজ পরিচালনাকারী কর্তৃপক্ষ সমূহের মাধ্যমে পরিকল্পনা বাস্তবায়ন সমন্বয় করা হবে।

➪কৃষি জোন (Urban Promotion Control Area) এলাকায় অ-কৃষি উন্নয়ন করা Restricted Use হিসেবে থাকবে। যে সকল Use Conditionally Permitted হবে তার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাছ থেকে NOC নিতে হবে।

➪সরকারী দপ্তর সমূহের প্রকল্পের জন্য ভূমিব্যবহারের ক্ষেত্রে নগর উন্নয়ন অধিদপ্তর থেকে Site Selection করে নিতে হবে এবং ভূমি ব্যবহার ছাড়পত্র নিতে হবে।

respectively, whose residence is possible in the existing residential area without acquisition of new land by increasing the density. In this plan compact settlement has been developed by these three process. a)-Land Readjustment- b)Guided land development c) Redevelopment process.

Planned residential area has been proposed in this Plan. In the stage at Plan preparation several Seminar/Workshop, consultation meeting at 25 unions, consultation with government departments and one month long public hearing program has been organised. A training program was organised at two upazilas on the database of the plan.

## Plan Implementation Proposal

➪Custodian of the plan will be UDD. UDD will monitor the plan implementation. Plan implementation will be coordinated by local administration and departments which are implement the development activities.

➪Non agriculture activities will be restricted in Urban Promotion Control Area (UPCA). In the UPCA area NOC has been taken from Agricultural Extension Department for any kind of development purpose.


➪Different government departments has been taken NOC and site selection clearance for their projects from UDD.


➪In the Pourashava area Pourshava authority will take decision following the guidelines of Master plan.

➪According to the guideline of Structure Plan UDD with his manpower or paurashava and local department with help of UDD can taken detailed area Plan.

Beside this UDD prepared a draft act titled "Urban and Regional Planning and Landuse Management Act" for proper use of land and planned development as well as implementation of Master Plans.

UDD has completed master plan of eight Paurashava/upazila plans from within the three years.




➪পৌরসভা এলাকায় ভূমিব্যবহার এর জন্য পৌরসভা কর্তৃপক্ষ মহাপরিকল্পনার গাইড লাইনের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করবে। স্ট্রাকচার প্ল্যানের গাইড লাইনের ভিত্তিতে ছোট ছোট এলাকার বিস্তারিত নক্সা নগর উন্নয়ন অধিদপ্তর নিজস্ব জনবল দ্বারা অথবা পৌরসভা ও স্থানীয় সরকার দপ্তর সমূহ নগর উন্নয়ন অধিদপ্তরের সহযোগীতায় প্রণয়ন করতে পারবে।

### *৫। উপসংহার ঃ*

বর্তমানে নগরায়নের গতিধারার সঙ্গে সঙ্গতি রেখে ভবিষ্যতে নগরের জন্য প্রয়োজন মাফিক ভূমি ব্যবহারের পরিকল্পনা করণ যে কোন নগরের জন্যই গুরুত্বপূর্ণ। অথচ বাংলাদেশের ছোট ও মাঝারি শহর গুলোতে পরিকল্পিত ভূমি ব্যবহার প্রায় নেই। ফলে পরিকল্পনা বহির্ভূত নগরায়নই শহর বৃদ্ধির প্রধান ধারা হয়ে উঠেছে। অথচ সুস্থ নাগরিক জীবন নিশ্চিত করার জন্য পরিকল্পিত ভূমি ব্যবহারের বিকল্প নেই। মাষ্টার প্ল্যান বা পরিকল্পনা প্রণয়ন হচ্ছে এমন একটি প্রক্রিয়া যার সাহায্য সময়ের সাথে সাথে নগরের সম্ভাব্য পরিবর্তন পরিবর্ধন ও সম্প্রসারন সর্ম্পকে যুক্তি নির্ভর অনুমান সাপেক্ষে ভবিষ্যতে নগরের ভৌত ও আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দীর্ঘ মেয়াদী ও ব্যপক পরিকল্পনা এবং এতে সাধারণতঃ জনসংখ্যা অর্থনীতি, ভূমি ব্যবহার অবকাঠামো ইত্যাদি এতে সন্নিবেশিত থাকে। একজন নগর পরিকল্পনাবিদই পারেন নগরের জন্য এই কার্যকরী ও টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে। নগর উন্নয়ন অধিদপ্তরের দক্ষ নগর পরিকল্পনাবিদগণ উপরোক্ত বিষয় গুলি সামনে রেখে অতীত কাল থেকে অদ্যাবদি নানা ভাবে নগর পরিকল্পনায় ভূমিকা রাখছে বা রাখবে।

These Paurashava/upazilas are Dagonbvuiyan (Feni), Galachipa (Patuakhali), Shajahanpur (Bagra), Dhamrai (Dhaka), Daudkandi (Comilla), Mujibnagar (Meherpur), Munsiganj (Munsiganj) and Zianagar (Pirojpur).

### Conclusion:

At present it is very much important to panned development according to the urbanization trend of any city. But there no plan for small and medium towns of Bangladesh. As a result it is become a trend of unplanned development for the towns in Bangladesh. But it has no alternative of landuse plan to assure proper urban life. Master plan is a such process by which it has been incorporated long term plan of physical and socio-economic development of a city. A planner can prepare this sustainable development plan. Skilled planners of UDD have been contributing to prepare urban planning by considering the above subject matters.

## "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর" শীর্ষক প্রকল্পের প্রতিবেদন

**ফারজানা সমীরউদ্দিন**
উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
ও প্রকল্প পরিচালক
"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর"

গত ১৪ ফেব্রুয়ারী ২০১২ তারিখে অনুষ্ঠিত Executive Committee of National Economic Councils (ECNEC) সভায় ***ভারত-ভূটান-নেপাল-বাংলাদেশ*** সমন্বয়ে গঠিত চার জাতি উপ-আঞ্চলিক সহযোগীতার বিষয়ে আলোচনা হয়। চার জাতি উপ-আঞ্চলিক সহযোগীতা বৃদ্ধির ফলে ***মংলা সমুদ্র বন্দরের*** উপযোগীতা/ব্যবহার বহুলাংশে বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। মংলা সমুদ্র বন্দরের ব্যবহার বৃদ্ধির ফলে নিকটবর্তী বাংলাদেশের সর্ববৃহৎ স্থলবন্দর অর্থাৎ বেনাপোল স্থলবন্দরের ব্যবহার বহুলাংশে বৃদ্ধি পাবে এবং সে প্রেক্ষিতে বেনাপোল স্থলবন্দরের বিদ্যমান অবকাঠামোগত উন্নয়নের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত সমূহের আলোকে ***বেনাপোল স্থলবন্দর*** ও বেনাপোল পৌরসভার উন্নয়নের কৌশল নির্ধারণের জন্য সংশ্লিষ্ট বিষয়ে একটি নোট মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ২৭/০২/২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উক্ত নোট অনুমোদন করেন।

### প্রকল্পের উদ্দেশ্য সমূহ ঃ

বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর ডেভেলপমেন্ট প্ল্যান প্রকল্পের উদ্দেশ্য হলো, বেনাপোল-যশোর হাইওয়ে করিডোরের জন্য ঃ

১. জাতীয় নীতি সমূহের প্রয়োগিক রুপান্তরকরণ;

২. খাতভিত্তিক এর উন্নয়ন কৌশল নিরুপণ ও এগুলো সংযোগকরণ;

৩. খাত ভিত্তিক উন্নয়ন কৌশল সমূহের স্থানিক কৌশল নিরুপণ;

৪. কাঠামোগত পরিকল্পনা, শহর এলাকার পরিকল্পনা, বিস্তারিত এলাকা পরিকল্পনা, সংরক্ষন পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রন পরিকল্পনা প্রনয়ণ।




## "Preparation of Development Plan for Benapole-Jessore Highway Corridor" Project Report

**Farzana Samiruddin**
Deputy Director (Physical Planning)
& Project Director
Preparation of Development Plan for Benapole-Jessore Highway Corridor
Urban Development Directorate

Last 14 February, 2012 at the meeting of **Executive Committee of National Economic Councils** (ECNEC), the issue on town development at Benapole was discussed while considering the development proposal of Land Port at Benapole area. Therefore, a note on the said subject and related different goals and strategies for future development of Benapole Land Port and Benapole (Municipality) Town, was submitted for the kind approval from the Honorable Prime Minister. At that meeting, it was discussed that under the sub-regional cooperation between four nations, **India-Bhutan-Nepal-Bangladesh,** the working activities of **Mongla Port** will be many folds and sub-sequence work-load of **Benapole Land Port** will increase exponentially. Thus, it is very much necessary to extend the present existing land port facilities at Benapole Land Port and the proper planning for accommodating the future growth scenario of said development within the project area and surroundings. Her Excellency, Honorable Prime Minister approved the note on 27.02. 2012.

### Objectives of the project:

Development Plan for Jessore-Benapole Corridor with the following objectives:

a. Transformation of National policies at Jessore-Benapole highway corridor.

b. Formulation and Integration of different sectoral strategies for Jessore-Benapole highway corridor.

c. Spatial interpretation of sectoral strategies for Jessore-Benapole highway corridor.

d. Formulation of Conservation Plan, Development Plan and Development Control Plan for Jessore-Benapole highway corridor.



# প্রকল্প

# Project

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর" |
| ০২ | প্রকল্প প্রস্তাবনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন | ১৪/০৮/২০১৩ (স্মারক নং- গৃগম/পরি-৩ বেনাপোল-০৯/২০১২/১৮৩) |
| ০৩ | প্রকল্প ব্যয় ও অর্থের উৎস | ২১৮.৫৪ লক্ষ টাকা এবং জি ও বি |
| ০৪ | প্রকল্প এলাকা | বেনাপোল স্থল বন্দর ও বেনাপোল পৌর এলাকা, শার্শা ও ঝিকরগাছা উপজেলা শহর, যশোর জেলা শহর এবং বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর সংলগ্ন এলাকা। |
| ০৫ | প্রকল্পভুক্ত এলাকার আয়তন | মোটঃ ৩২৪.১৩ বর্গ কি, গ্রাম এলাকাঃ ১৯৩.৯৮ বর্গকি শহর এলাকাঃ ১৩০.১৫ বর্গকি |
| ০৬ | প্রকল্প মেয়াদ | জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৬ (জুলাই ২০১৩ হতে ২০১৭ ডিপিইসি প্রস্তাবিত) |
| ০৭ | পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর ও NOA প্রদান | ২০/০৩/২০১৪ |
| ০৮ | প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপক নিয়োগ | ২০/০৮/২০১৩, স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.২৩.১৪৩.১.১৩-১৩৭০ |
| ০৯ | Mobilization Report বিষয়ে TMC সভায় গৃহীত | ০৭/০৫/২০১৪ |
| ১০ | Inception Report দাখিল TMC সভায় গৃহীত (২য় রিপোর্ট) | ২৯/০৫/২০১৪ এবং ০২/০৬/২০১৪ |
| ১১ | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক GCP collection & Satellite Image for Base map preparation বিষয়ে ৩য় রিপোর্ট দাখিল (৩য় রিপোর্ট) | ২৮/০১/২০১৫ এবং ০৮/০২/২০১৫ |
| ১২ | স্টিয়ারিং কমিটির ১ম সভা | ০৫ ফেব্রুয়ারী ২০১৫ |
| ১৩ | ০৬/০৪/২০১৫ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Report on Interpretation of Image and Preparation of Base map বিষয়ে ৪র্থ রিপোর্ট দাখিল করেছে, যা TMC সভায় গৃহীত হয়েছে। (৪র্থ রিপোর্ট) | ০৬/০৪/২০১৫ |
| ১৪ | Draft Survey Report দাখিল TMC সভায় গৃহীত (৫ম রিপোর্ট) | ০৮/০৬/২০১৫ |
| ১৫ | Individual Consultant Regional Planning, PRA Expert, Transport Planning Expert, GIS/RS Expert এবং water Resource Management Planning এবং "Planning" কম্পোনেন্টের "Inception Report" দাখিল করেছেন, যা TMC সভায় গৃহীত হয়েছে। | ০৮/০৬/২০১৫ |
| ১৬ | PRA সেশন | ২৭ টি Urban PRA সেশন সম্পন্ন করা হয়েছে |
| ১৭ | Final Survey Report (6th Report) দাখিল এবং গৃহীত | ০৭/০২/২০১৬ এবং ২৫/০২/২০১৬ |
| ১৮ | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবনা পাঠানো হয়েছে | ০৫/০৪/২০১৬ |
| ১৯ | Interim Report দাখিল | ০১/০৬/২০১৬ |
| ২০ | Draft Final Report দাখিল | ০৯/০৬/২০১৬ |

**Project information is presented in below table:**

| S/N | Subject | Description |
|---|---|---|
| 1 | Project name | Preparation of Development Plan for Benapole-Jessore Highway Corridor |
| 2 | Project approved by Ministry | 14/08/2013 |
| 3 | Project cost & Source of Funding | 218.54 Lakh Taka & GoB |
| 4 | Project Area | Benapole Land Port, Sharsha & Jikorgacha Upazilla shahor, Jessore Zilla, Benapole Pourashava, surroundings area of Jessore-Benapole highway corridor. |
| 5 | Total Area of the Project | Total: 324.13 sq. k.m, Rural Area: 193.98 sq. k.m Urban Area: 130.15 sq. k.m |
| 6 | Implementation Period | July, 2013- June, 2016 (July, 2013- June, 2017 DPEC |
| 7 | Contract Agreement with Consultant Firm and NOA | 20/03/2014 |
| 8 | Appointment of Project Director and Project Manager | 20/08/2013 |
| 9 | Mobilization Report approved by TMC Committee | 07/05/2014 |
| 10 | Inception Report submitted by Consultant Firm and approved by TMC Committee (2nd Report) | 29/05/2014 and 02/06/2014 |
| 11 | GCP collection & Satellite Image for Base map preparation Report submitted by Consultant Firm (3nd Report), approved by TMC Committee | 28/01/2015 & 08/02/2015 |
| 12 | 1st meeting of Steering Committee | 05/02/2015 |
| 13 | Report on Interpretation of Image and Preparation of Base map Report submitted by Consultant Firm and approved by TMC Committee (4nd Report) | 06/04/2015 |
| 14 | Draft Survey Report submitted by Consultant Firm and approved by TMC Committee (5th Report) | 08/06/2015 |
| 15 | Individual Consultant Regional Planning, PRA Expert, Transport Planning Expert, GIS/RS Expert and water Resource Management Planning Expert submitted Inception Report of Planning, approved by TMC | 08/06/2015 |
| 16 | PRA Session | 27 Urban PRA completed |
| 17 | Final Survey Report submitted by Consultant Firm and approved by TMC Committee (6th Report) | 07/02/2016 and 25/02/2016 |
| 18 | Project extension proposal send without increasing cost | 05/04/2016 |
| 19 | Submission date of Interim Report | 01/06/2016 |
| 20 | Submission date of Draft Final Report | 09/06/2016 |

## "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের উন্নয়ন পরিকল্পনা বিষয়ে কর্মশালা

মোঃ তানভীর হাসান রেজাউল

প্ল্যানার ও প্রকল্প ব্যবস্থাপক

"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর

ফোরটিন উপজেলাস" প্রকল্প

### কর্মশালা - সারিয়াকান্দি উপজেলা ঃ

গত ০৬/০২/২০১৬ তারিখে সারিয়াকান্দি উপজেলায় অনুষ্ঠিত কর্মশালার উন্মুক্ত আলোচনায় উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক বলেন যে, শহর-গ্রাম নির্বিশেষে সবাই যেন এই প্রকল্পের আওতায় আসে এবং সবাই যেন তা থেকে লাভবান হয় সেই আশা ব্যক্ত করেন। কর্মশালায় সারিয়াকান্দির বিভিন্ন স্টেকহোল্ডার উপস্থিত ছিলেন এবং সারিয়াকান্দি উপজেলার উন্নয়নের জন্য বিভিন্ন পরামর্শ প্রদান করেন, যেমন- (১) নদী শাসনকে এই প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত করা (২) কৃষি জমি রায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা (৩) চর অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পুনঃস্থাপন করা (৪) চর অঞ্চলকে বিদ্যুৎ সুবিধার আওতায় অন্তর্ভুক্ত করা (৫) খাস জমিকে দখলের হাত হতে রক্ষা করা (৬) বাঙ্গালী নদীর ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা (৭) তৃণমূল পর্যায়ে প্রয়োজনীয় হাট বাজার স্থাপন করা। উপজেলা ভাইস-চেয়ারম্যান, কল-কারখানাকে এই উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত করার জোরাল আহ্বান জানান। তিনি বলেন তিন ফসলি জমি রক্ষা করে কল-কারখানা স্থাপন করা হলে এর মাধ্যমে অনেক বেকার লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।

এরপর উপজেলা চেয়ারম্যান সারিয়াকান্দির বহু ঐতিহ্যকে সবার সামনে তুলে ধরেন এবং তিনি বলেন যে, নদী ভাঙ্গন রোধ ব্যতিরেকে যতই পরিকল্পনা বা অবকাঠামো নির্মাণ করা হোক না কেন তা কোন সুফল বয়ে আনবে না। তাই তিনি আগে নদী ভাঙ্গন রোধে সুপরিকল্পিত ব্যবস্থা গ্রহণের জন্য জোরাল আহ্বান জানান।

সারিয়াকান্দি উপজেলা নির্বাহী অফিসার বলেন, একটি এলাকার পরিকল্পিত উন্নয়নের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়টি অত্যান্ত জরুরী। এই জন্য স্থানীয়দের অংশগ্রহণ ও মতামত গ্রহণ করাকে তিনি খুবই গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করেন।

### কর্মশালা- সাঘাটা উপজেলা ঃ

গত ১৫/০২/২০১৬ তারিখে অনুষ্ঠিত কর্মশালার উন্মুক্ত আলোচনায় সাঘাটা উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোনারপাড়ায় ড্রেনেজ সমস্যার কথা উল্লেখ করেন এবং এই ব্যপারে পদক্ষেপ গ্রহণ বিষয়ে গুরুত্ব প্রদান করেন।

এরপর উপজেলা ভাইস-চেয়ারম্যান বলেন যে, জমির সঠিক ব্যবহার করা হচ্ছে না এবং যত্রতত্র ঘর-বাড়ি স্থাপিত হচ্ছে। ফলে জমির অপব্যবহার করা হচ্ছে যা অতিদ্রুত বন্ধ করতে হবে এবং তা পরিকল্পনায় আনতে হবে।

## Workshop on Development Plan under "Preparation of Development Plan for Fourteen Upazilas" Project

**Md. Tanvir Hasan Rezaul**

Planner and Project Manager

"Preparation of Development Plan for

Fourteen Upazilas" Project

### Workshop-Sariakandi Upazila :

The Joint General Secretary of Upazila Awami Leauge told about both of rural and urban area have to come under this project and all the people of the upazila have to be benefitted from this project at the open discussion of the Workshop held on 06/02/2016 at Sariakandi Upazila. Different Stakeholdrs of the Upazila were present at the Workshop and told about different recommendations regarding Development of Sariakandi Upazila as- (i) to include the river erosion issues in the project (ii) to take steps to save the agricultural land (iii) reestablishing the educational institution at the Char area (iv) electrification at the char area (v) to protect the khas land from encroachment (vi) to take necessary steps to stop the erosion of Bengalli Rier (vii) establishing rural markets at the root level. Upazila Vice-Chairman highly urged about establishing industries. He said establishing industries by conserving triple cropping land which will ensure the employment opportunities of the unemployment people.

Upazila Chairman told about the different heritages of Sariakandi and he also told that without protecting river bank erosion no Plan or Infrastructures will be able to achieve the betterment. He highly argued to take plan about protecting river bank erosion first.

At last Upazila Nirbahi Officer (UNO) of Sariakandi Upazila told that, Development Plan is Very Important for the Planned Development of an Upazila. He argued the importance to incorporate the participation and comments of local people.

### Workshop- Saghata Upazila :

The President of Upazila Awami League told about the drainage problem at Bonarpara at the open discussion of the Workshop held on 15/02/2016 at Saghata Upazila and he required taking necessary steps regarding the drainage problem.

Upazila Vice-Chairman told about the improper use of land and the haphazard settlement by which land is using improperly which has to be stopped immediately and this has to be planned properly.

উপজেলা চেয়ারম্যানসহ স্টেকহোল্ডাররা নিম্নোক্ত দাবিগুলো তুলে ধরেন- (১) একটি কেন্দ্রীয় পরীক্ষা কেন্দ্র স্থাপন (২) বাস স্টেশন স্থাপন করা (৩) সি.এন.জি. স্টেশন স্থাপন করা (৪) গ্যাস লাইনের ব্যবস্থা করা (৫) ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করা (৬) রাস্তা প্রস্তুকরণ (৭) রেল লাইনের পার্শ্ব দিয়ে ০.৫ কিঃমিঃ রাস্তা পাকা করা (৮) হাট-বাজারের জন্য পরিকল্পনামাফিক একটা জায়গা নির্ধারণ করা।

সাঘাটা উপজেলা নির্বাহী অফিসার বলেন, একটি এলাকার পরিকল্পিত উন্নয়নের জন্য মহাপরিকল্পনা প্রণয়ন অত্যান্ত জরুরী বিষয়। এই জন্য স্থানীয়দের অংশগ্রহণ ও মতামত গ্রহণ করাকে তিনি খুবই গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করেন এবং সবাইকে সহযোগিতার জন্য আহ্বান করেন।

Then Upazila Chairman as well as stakeholders told about different issues for incorporating into development planning as- (i) to establish a central examination centre at the upazila (ii) establishment of a Bus Station (iii) Establishment of CNG Station (iv) to arrange the gas line (v) Development of Drainage System (vi) Road Widening (vii) carpeting 0.5 km road alongside the railway line at Bonarpara (viii) fixing a permanent place for the markets by planning properly.

At last Upazila Nirbahi Officer (UNO) of Saghata Upazila told that, Development Plan is Very Important for the Planned Development of an Upazila. He urged the importance to incorporate the participation and comments of local people and demanded the support of all.



চিত্র- ১ঃ সারিয়াকান্দি উপজেলায় উন্নয়ন পরিকল্পনা বিষয়ে কর্মশালা




চিত্র- ২ঃ সাঘাটা উপজেলায় উন্নয়ন পরিকল্পনা বিষয়ে কর্মশালা

## প্রিপারেশন অব ষ্ট্রাকচার প্ল্যান এন্ড এ্যাকশন এরিয়া প্ল্যান ফর মাদারীপুর এন্ড রাজৈর উপজেলা, মাদারীপুর ডিষ্ট্রিক্ট প্রকল্প

**শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান**
সিনিয়র প্ল্যানার
**মোঃ রাসেদুল ইসলাম**
গবেষণা সহকারী
থানা সেন্টার প্ল্যানিং-০১
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

"প্রিপারেশন অব ষ্ট্রাকচার প্ল্যান এন্ড এ্যাকশন এরিয়া প্ল্যান ফর মাদারীপুর এন্ড রাজৈর উপজেলা, মাদারীপুর ডিষ্ট্রিক্ট" শীর্ষক প্রকল্পে প্রণীত মাষ্টার প্ল্যানের উপর তথ্য উপস্থাপন, প্রস্তাবনা সমূহের বাস্তবায়ন কৌশল এবং প্রকল্পের ওয়েবসাইট ব্যবহারের উপর গত ১৯/০২/২০১৬ খ্রিঃ তারিখে মাদারীপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নৌ পরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি এবং জেলা প্রশাসক জনাব কামাল উদ্দিন বিশ্বাস মহোদয় সভাপতি হিসেবে ওয়ার্কশপটি পরিচালনা করেন। সরকারী-বেসরকারী দপ্তরসমূহের স্থানীয় প্রধানগণ, রাজৈর ও মাদারীপুর পৌরসভার মেয়র, উপজেলা চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ উক্ত ওয়ার্কশপে উপস্থিত ছিলেন। নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান পাওয়ার পয়েন্টের মাধ্যমে বিভিন্ন তথ্য, প্রস্তাবনা সমূহের বাস্তবায়ন কৌশল এবং প্রকল্পের ওয়েবসাইট ব্যবহারের বিষয়ে একটি প্রবন্ধ উপস্থাপন করেন। পরিশেষে মাননীয় নৌ পরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি দুইটি উপজেলার মোট ২৫টি ইউনিয়নের চেয়ারম্যানগণকে তাদের স্ব স্ব ইউনিয়নের মাষ্টার প্ল্যান ম্যাপ (৮৪˝ X ৭২˝) ও ইউনিয়নের ওয়ার্কিং ম্যাপসমূহ বিতরণ করেন।

উল্লেখ্য যে, মাদারীপুর ও রাজৈর উপজেলার জন্য প্রণীত মাষ্টার প্ল্যান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে যা বর্তমানে গেজেট প্রকাশের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে।



চিত্র ঃ মাদারীপুর ও রাজৈর উপজেলা মাষ্টার প্ল্যানের উপর মাদারীপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি ওয়ার্কশপে উপস্থিত অতিথিবৃন্দ

## Preparation of Structure Plan & Action area Plan for Madaripur & Rajoir Upazila Madaripur District Project

**Sharif Mohammad Tariquzzaman**
Senior planner
**Md. Rashadul Islam**
Research Assistant
Thana Center Planning Unit-1
Urban Development Directorate, Dhaka


A workshop held on 19 Feb' 2016 at Madaripur DC office on data Presentation, Implementation strategy of the proposals and using technique of project website of the project "Preparation of Structure plan & Action area plan for Madaripur & Rajoir Upazila" Madaripur District. Honorable Minister of shipping Mr.Shajahan khan, M.P was the the chief guest and Mr. Kamal Uddin Bishash, Deputy Commissioner conducted the workshop as a chairperson. Local Head of the Govt/private departments, Mayor of two Pourashavas, Upazila chairmans, Union Parishad chairmans was present at the workshop. Mr. Sharif Mohammad Tariquzzaman, Senior planner of Urban Development Directorate (UDD) was presenting a paper on power point which includes different types of data, implementation strategy of the proposal and using technique of project website. At last Honorable Minister of Shipping Mr. Shajahan khan, M.P delivered Maps of union level (84"x72") and working Map prepared by UDD to the Chairmans of 25 Unions of the two Upazilas.

It is mentioned that the Master plan of Madaripur and Rajoir Upazilas was approved by the Ministry of Housing & Public Works which was sent to BG press for Gazette publication.

## ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান (এমএসডিপি) ২০১১-২০৩১ শীর্ষক প্রকল্প

**ইয়ারুন্নেছা খানম**
সহকারী পরিকল্পনাবিদ
নগর উন্নয়ন অধিদপ্তর

সিডিএমপি-২ (সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী) এবং নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে Mainstreaming Disaster Risk Reduction Measures into Comprehensive Landuse Planning and Management এর জন্য বিশ বছর মেয়াদী (২০১১-২০৩১) ময়মনসিংহ পৌরসভা এবং সংলগ্ন এলাকার কৌশলগত উন্নয়ন পরিকল্পনা (Mymensingh Strategic Development Plan-MSDP) ও দীর্ঘ মেয়াদী ভূমি-ব্যবহার ব্যবস্থাপনা প্রণয়নের জন্য সমগ্র দেশে বাস্তবায়নের নিরিখে Model হিসাবে এই পাইলট প্রজেক্ট গ্রহণ করেছে।




ম্যাপঃ প্রকল্প এলাকা, এমএসডিপি

ময়মনসিংহ শহর বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ মাত্রার ভূমিকম্প ঝুঁকির মধ্যে অবস্থিত। বাংলাদেশে এই প্রথমবারের মতো ভূমি ব্যবহার পরিকল্পনায় ভূমিকম্পসহ সার্বিক ঝুঁকি হ্রাস বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে, যা থেকে উদ্ভূত ও সংকলিত Planning Module-টি পরবর্তীতে সমগ্র বাংলাদেশে "Risk Sensitive Land Use Plan" প্রণয়নে মডেল হিসেবে কাজ করবে। তজ্জন্য, MSDP প্রকল্পের মাধ্যমে এ প্রথম কতিপয় Dimension (মাত্রা) কে গুরুত্ব দেয়া হয়েছে।

- ভূ-অভ্যন্তরীন কাঠামো
- (Geo-morphological Structure)
- জনগণের অংশগ্রহণের জন্য PRA (Participatory Rapid Appraisal) পদ্ধতি অবলম্বন
- 3-D (Three Dimensional) GIS Survey
- Social Dynamics of Social Space
- Historical Pattern of Spatial Transformation



ম্যাপ ঃ Draft Structure Plan.


প্রকল্প সম্পর্কে সচেতনতা এবং অংশগ্রহণের নিমিত্তে শিশু-কিশোরদের অংশগ্রহণে আয়োজিত চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরনী অনুষ্ঠানসহ অভিভাবকদের অংশগ্রহণের মাধ্যমে PRA কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

## Project title: Mymensingh Strategic Development Plan (MSDP), 2011-2031

**Yearunnessa Khanam**
Assistant Planner
Urban Development Directorate

Compressive Disaster Management Programme (CDMP) II and Urban Development Directorate (UDD) have jointly under- taken a pilot project entitled "Mymensingh Strategic Development Plan (MSDP)," 2011-2031 for "Mainstreaming Disaster Risk Reduction Measures into comprehensive land use planning and management" with a view to preparing a long-term land use management system. The plan would be prepare for 20-year time span and would be implemented all are the country as a model.

Mymensingh town is situated within the highest level of seismic risk of Bangladesh. Attempt has been made to integrate comprehensive risk of disaster including earthquake into land use planning for the first time in Bangladesh. A Planning module would be developed following the planning process of the whole planning package, which would be used as a model in preparation of disaster risk sensitive land use plan. For this reason the follow dimensions have been introduced into land use planning for the first time in Bangladesh.



ম্যাপঃ Eco-Sensitive Broad Land Zoning Map

- Geo-morphological Structure
- PRA (Participatory Rapid Appraisal)
- 3-D (Three Dimensional) GIS Survey
- Social Dynamics of Social Space
- Historical Pattern of Spatial Transformation

Meanwhile, a Children art competition and an essay competition for adolescent have been arranged for building awareness relating to the theme of the project and project activities as well. Not only the prize distribution ceremony of the both art and eassy competition already been arranged but also a PRA session with the participating guardians also been conducted by the project team.


উপরন্তু প্রকল্প এলাকাভূক্ত ১০টি ইউনিয়ন এবং ময়মনসিংহ পৌরসভার ২১টি ওয়ার্ডসহ ময়মনসিংহ শহরের আন্তঃজেলা বাস চালক, সুশীল সমাজ, Chember of Commerce ও সাংবাদিক, বস্তিবাসী ও NGO, Slums, Minority Community, সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে জরিত ব্যক্তিবর্গ, মেয়র ও কাউন্সিলরগণ, জেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মকর্তাদের সাথে মোট ৪২ টি PRA কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন হয়েছে। PRA এর মাধ্যমে প্রাপ্ত তথ্যাবলী ২০ বছর মেয়াদী মহাপরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হয়েছে।

প্রকল্পের Mouza Map, Digitization, Floor wise Physical Feature Survey, Socio-economic Survey mn Other Survey এর কার্যক্রমগুলো সম্পন্ন হয়েছে। GIS এর মাধ্যমে Floor wise Physical Feature use, Existing Land use Map, Contour, DEM, Regional Drainage Map, Sewerage System of Proposed Urban Area Map, Land Classification According to Elevation Map, Ecological Broad Land Zoning প্রস্তুতকরন করা হয়েছে। PRA হতে প্রাপ্ত তথ্য- উপাত্ত হতে বিশ্লেষন ম্যাপ, চাহিদা ম্যাপ এবং প্রকল্পের অন্যতম অনুসঙ্গ Draft Structure Plan প্রণয়ণ করা হয়েছে।

২১ টি ওয়ার্ড ও ১০ টি ইউনিয়ন হতে Draft Structure Plan এর উপর সর্বস্তরের জনগণের মতামতের জন্য ১৫/১০/২০১৫ হতে ৩১/১০/২০১৫ তারিখ পর্যন্ত গণশুনানি এর কার্যক্রম সম্পন্ন হয়েছ। গণশুনানি থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে Draft Structure Plan

চূড়ান্ত করণ করা হয়েছে। ময়মনসিংহের পৌরসভার মিলনায়তনে ২৫/১০/২০১৫ থেকে ২৭/১০/২০১৫ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপি প্রদর্শনী সফলভাবে সম্পন্ন হয়েছে।

উল্লেখ্য যে, Regional office for Asia and the Pacific (ROAP), UN-Habitat, Asia Habitat Society, Asian Townscape Design Society এবং Fukuoka Urban Research Center এর পৃষ্ঠপোষকতায় আয়োজিত "Townscape Bridging to the future" শীর্ষক Theme এর আওতায় "2014 Asian Townscape Awards" প্রতিযোগীতায় প্রকল্পটি "2014 Asian Townscapes Jury's Award" অর্জন করে।




ম্যাপঃ Land Classification According to Elevation

MSDP প্রকল্পকে মডেল হিসেবে বিবেচনা করে Un-Habitat and ESCAP কর্তৃক যৌথভাবে জাতিসংঘের সহায়তায় Mainstreaming Climate Change into National Urban Policy বিষয়ক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

প্রকল্পের সমগ্র তথ্য উপাত্ত MSDP প্রকল্পের নির্ধারিত ওয়েব সাইটে (www.msdp.gov.bd) জনসাধারনের সুবিধার্থে উন্মুক্ত করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম সেপ্টেম্বর, ২০১৫ সালে সমাপ্ত হয়েছে।

সর্বোপরি, এ প্রকল্পের স্ট্রাকচার প্ল্যানের আওতায় ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং নতুন বিভাগীয় শহর গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

Moreover, PRA sessions have been conducted at 10(ten) unions and municipality (21 wards) with the local level authority. Furthermore other PRA Sessions were conducted with the Bus-Driver of Mymensingh, chamber of commerce (MCC) and with the Journalist, NGO, Slum dwellers and Civil Society, Mayor and Councilors, All Govt officers of Mymensingh. Total 42 PRA was successfully completed. Information's that have been collected will be used to prepare development plan for 20-year time span.

The activity of Mouza map digitization, Floor wise physical feature survey database prepared, Socio-economic survey and some other surveys have been completed.GIS based floor wise physical feature use, existing landuse map, contour, Regional Drainage Map, Sewerage system of proposed urban area map, Land Classification According to Elevation Map, Ecological Broad Land Zoning have been prepared. Information's that have been collected from PRA used to analysis map, demand map and draft structure plan which is one of the major components of the project.

The activity of public hearing have been conducted at ten unions and municipality (21 wards) of Mymensingh with all kind of peoples to collected opinions on draft structure plan held on 15 October, 2015 to 31 October, 2015. Basis on the information that has been collected from public hearing to finalization the draft structure plan. A day long exhibition has been successfully completed at Mymensingh auditorium, Mymensingh Paurashava held on 25 October, 2015 to 27 October, 2015.

Moreover, MSDP project achieves the 2014 Asian Townscape Jury's Award. Organized by four organization. They are Regional office for Asia and the Pacific (ROAP), UN-Habitat, Asia Habitat Society, Asian Townscape Design Society and Fukuoka Urban Research Center. MSDP project participated in the competition with its all information.

Considering the MSDP Project UN-Habitat and ESCAP have jointly decided to start the project on "Mainstreaming Climate Change into National Urban Policy."

All data and information about the project is available for all in the project website (www.msdp.gov.bd). The project activity completed September' 2015.

Above all, Divisional Commissioner Office and New Divisional Town is going to established as per Structure Plan of this project.

## Possibility of Infrastructure Development in Municipality Town Center A Case Study on Bhandaria Municipality শীর্ষক গবেষণা

*শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান*
সিনিয়র প্ল্যানার
*মোঃ রাসেদুল ইসলাম*
গবেষণা সহকারী
থানা সেন্টার প্ল্যানিং-০১
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নবসৃষ্ট ভান্ডারিয়া পৌরসভায় অবকাঠামোগত উন্নয়নের সম্ভাবনার বিভিন্ন দিক বিচার বিশ্লেষনের জন্য নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক Possibility of Infrastructure Development in Municipality Town Center-A Case Study on Bhandaria Municipality শীর্ষক গবেষণার একটি কাজ হাতে নেওয়া হয়েছে। কাজটি সঠিকভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে ভান্ডারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সভা কক্ষে তাঁর সভাপতিত্বে গত ৩০/০৩/২০১৬ ইং তারিখে একটি Focal Group Discussion (FGD) অনুষ্ঠিত হয়। ভান্ডারিয়া পৌরসভার কর্মকর্তা, স্থানীয় জন-প্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উক্ত সভায় উপস্থিত ছিলেন। উক্ত সভায় নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান পাওয়ার পয়েন্টের মাধ্যমে একটি প্রবন্ধ উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ নতুন পৌরসভা শহরের সমস্যা, প্রস্তাবনা, বর্তমান অবস্থা এবং তাদের প্রস্তাবনার উপর আলোকপাত করে তাদের মতামত পেশ করেন। এছাড়াও গত ৩০/০৩/২০১৬ হতে ০৩/০৪/২০১৬ ইং তারিখ পর্যন্ত নগর উন্নয়ন অধিদপ্তরের ০১টি সার্ভে টীম ভৌত অবকাঠামো সুবিধাদির উপর গবেষণা এলাকায় একটি জরিপ কাজ পরিচালনা করেন।

## Possibility of Infrastructure Development in Municipality Town Center-A Case Study on Bhandaria Municipality

**Sharif Mohammad Tariquzzaman**
Senior planner
**Md. Rashadul Islam**
Research Assistant
Thana Center Planning Unit-1
Urban Development Directorate, Dhaka

Urban Development Directorate (UDD) has initiated a research on "Possibility of Infrastructure Development in Municipality Town Center-A Case Study on Bhandaria Municipality" to explore the possibility of infrastructure development at new established Bhandaria Pourashava. A Focal Group Discussion (FGD) was held on 30 March, 2016 at UNO office auditorium, Bhandaria for the successful completion of the research. Officers of Bhandaria Pourashava, local public representatives and some degnited person of the area attended the meeting. Mr. Sharif Muhammad Tariquzzaman, Senior Planner of Urban Development Directorate (UDD) has presented a power point presentation at the meeting. The participants discussed potentialities of infrastructure development in Bhandaria Town.

However, a survey team of Urban Development Directorate (UDD) conducted their survey in the study area on the existing infrastructure facilities of Bhandaria Town from 30/03/2016 to 03/04/2016.



চিত্র ঃ ভান্ডারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সম্মেলন কক্ষে Focal Group Discussion (FGD) এ উপস্থিত অতিথিবৃন্দ

## "Improve Living Condition of Urban Poor of Mymensingh Town" শীর্ষক গবেষণা

**ইসরাত জাহান**
গবেষণা কর্মকর্তা
নগর উন্নয়ন অধিদপ্তর

২০১৫-২০১৬ অর্থ বছরে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "Improve Living Condition of Urban Poor of Mymensingh Town" শীর্ষক গবেষণার একটি কাজ শুরু হয়েছে। উক্ত গবেষণা কর্মক্রম সম্পন্ন করার জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট Technical Working Group (TWG) গঠন করা হয়েছে। উক্ত TWG কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়, নগর গষেণা কেন্দ্র, কোয়ালিশন ফর আরবান পুওর, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট-এর প্রতিনিধি অন্তর্ভুক্ত রয়েছেন। কাজটি সঠিকভাবে সম্পন্ন করার জন্য গত ১৫.০২.২০১৬ হতে ১৯.০২.২০১৬ ইং তারিখ পর্যন্ত নগর উন্নয়ন অধিদপ্তরের একটি সার্ভে টীম গবেষনা এলাকায় একটি আর্থ-সামাজিক জরিপ কাজ পরিচালনা করেন। এছাড়া ময়মনসিংহ পৌরসভার সভা কক্ষে গত ২৮/০৩/২০১৬ ইং তারিখে একটি Focas Group Discussion (FGD) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নগর উন্নয়ন অধিদপ্তরের গবেষণা কর্মকর্তা ইসরাত জাহান গবেষণার বিষয়বস্তু উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ তাদের বর্তমান অবস্থা ও সমস্যা সম্পর্কে মতামত পেশ করেন।



## A Research on "Improve Living Condition of Urban Poor of Mymensingh Town"

**Ishrat Jahan**
Research Officer
Urban Development Directorate

In the fiscal year Urban Development directorate(UDD) has initiated a research on "Improve Living Condition of Urban Poor of Mymensingh Town". A committee named Technical Working Group (TWG) consisting of five members has been formed for the well execution of the research work.. Among the members of the TWG committee Urban Development Directorate (UDD), Dhaka University,Center for Urban Studies,Qualition for Urban poor,Housing and building research Institute are included.A survey team of Urban Development Directorate (UDD) conducted their socio-economic survey in the study area from 15/02/2016 to 19/02/2016 for the successful completion of the research. A Focas Group Discussion (FGD) was also held on 28 March, 2016 at conference room of Mymensingh paurashava. Slum people of different slum area attendedin the meeting.Research officer Israt Jahan of Urban Development Directorate (UDD) has presented the subject matter of the research in the meeting. The participants discussed about their problem and present status.

## খুলনা আঞ্চলিক অফিসে চলমান গবেষণা কার্যক্রম বিষয়ে প্রতিবেদন ঃ

**প্রভাষ চন্দ্র কুন্ডু**
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
খুলনা আঞ্চলিক অফিস, খালিশপুর, খুলনা

২০১৫-২০১৬ অর্থ বছরে খুলনা আঞ্চলিক অফিসের অধীনে "ভূমি ব্যবহার পরিকল্পনা প্রনয়ন এবং বাস্তবায়ন বিষয়ে গ্রামীন মানুষের প্রতিক্রিয়া" শীর্ষক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। উল্লেখ্য যে, অত্র আঞ্চলিক কার্যালয় কর্তৃক এই প্রথমবারের মত কোন গবেষণা কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত গবেষণা কার্যক্রমের জন্য খুলনা জেলার অর্ন্তগত তেরখাদা উপজেলার আজগড়া ইউনিয়নের বিপ্রআজগড়া গ্রামকে সাইট হিসাবে নির্ধারন করা হয়েছে। বিপ্রআজগড়া গ্রাম খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রনীত খুলনা মাস্টার প্ল্যান ২০০১ এলাকার বহির্সীমানায় অবস্থিত।

উক্ত গবেষণা কার্যক্রম সম্পন্ন করার জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট Technical Working Group (TWG) গঠন করা হয়েছে। উক্ত

## Report on Research Work Under Khulna Regional Office.

**Provash Chandra Kundu**
Senior Planner
Urban Development Directorate
Khulna Regional Office, Khalishpur, Khulna.

In the Fiscal Year 2015-2016 a research work entitled "Response of Rural People towards Physical Planning and Implementation in their Village". It is worthy to mention here that, this is the very first work of its' kind to be conducted by the Khulna Regional Office. Bipro Ajagara village of Ajagara Union Parishad under Terokada Upazila of Khulna District has been selected as the site of the research work. Bipro Ajagara village is situated at the outskirt of Khulna Master Plan 2001 area prepared by Khulna Development Authority (KDA).

A committee named Technical Working Group (TWG)

TWG কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা আঞ্চলিক অফিসের দুই জন কর্মকর্তা ছাড়াও নগর ও গ্রামীন পরিকল্পনা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের একজন সহযোগী অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একজন সহকারী অধ্যাপক এবং আজগড়া ইউনিয়ন পরিষদের একজন নির্বাচিত জনপ্রতিনিধি অন্তর্ভুক্ত রয়েছেন।

গবেষণা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে গত ১৫-০২-২০১৬ তারিখে Reconnaissance Survey সম্পন্ন করা হয়েছে। গত ০৯-০৩-২০১৬ তারিখে প্রথম TWG সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত TWG সভায় গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য Methodology চূড়ান্ত করা হয় এবং একই সাথে সংশ্লিষ্ট এলাকাতে হাউজহোল্ড সার্ভে পরিচালনার জন্য হাউজহোল্ড সার্ভে প্রশ্নমালা চূড়ান্ত করা হয়।

গবেষণা কার্যক্রমের মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনা সম্পর্কে সংশ্লিষ্ট এলাকার জনগণের ধারনা কি তা জানাই এই কাজের মূল লক্ষ্য। এই গবেষণা কার্যক্রমের আওতায় জনগনের মতামতের ভিত্তিতে উক্ত গ্রামের একটি ভূমি ব্যবহার পরিকল্পনা প্রনয়ন করা হবে। বিভিন্ন স্তরের জনগনের মতামত জানার জন্য Focus Group Discussion (FGD) আয়োজন করা হবে এবং খুলনা মাস্টার প্ল্যান ২০০১ এর কি প্রভাব উক্ত এলাকাতে পড়েছে তা জানার চেষ্টা করা হবে।

প্রাথমিকভাবে গবেষণা কার্যক্রম এপ্রিল ২০১৬ এর মধ্যে সমাপ্ত করার লক্ষমাত্রা নির্ধারন করা হলেও সার্বিক অবস্থা বিবেচনায় উক্ত কাজ মে ২০১৬ এর মধ্যে শেষ করার লক্ষমাত্রা পুনঃনির্ধারন করা হয়েছে। আশা করা যায় সংশোধিত কর্মপরিকল্পনা মোতাবেক প্রতিবেদন তৈরীর কাজসহ গবেষণা কার্যক্রম শেষ করা সম্ভব হবে।

## প্রবেলেমস এন্ড পটেনশিয়ালিটিস অব ইন্ডাস্ট্রিয়ালাইজেশন অ্যাট রাজশাহী ঃ এ কেস স্টাডি অব বিসিক শিল্প এরিয়া

**জাহাঙ্গীর আলি**
সিনিয়র প্ল্যানার (অতিঃ দাঃ)
নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী

রাজশাহী আঞ্চলিক অফিসের ২০১৫-১৬ অর্থ বছরে চলমান গবেষণা কাজটি হলো "প্রোবেলেমস এন্ড পটেনশিয়ালিটিস অব ইন্ডাস্ট্রিয়ালাইজেশন অ্যাট রাজশাহীঃ এ কেস স্টাডি অব বিসিক শিল্প এরিয়া"। গবেষণা ব্যয় প্রায় ১.৮৩ লক্ষ টাকা (প্রায়)। গবেষণা কাজের অংশ হিসাবে প্রাথমিক তথ্য সংগ্রহ, মৌজা ম্যাপ সংগ্রহ ১টি টিডব্লিউজি এবং ২টি স্টেক হোল্ডার সভা সম্পন্ন করা হয়েছে। ৫ সদস্য বিশিষ্ট টিডব্লিউজি কমিটির সদস্যবৃন্দ হলেন- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ রফিকুল ইসলাম রুমি, রাজশাহী প্রকৌশলী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর ইউআরপি ডিসিপ্লিনের সহকারী অধ্যাপক মোছাম্মাত ইলমে ফরিদাতুল, বিসিকের রাজশাহীর কারিগরি কর্মকর্তা জনাব আনোয়ারুল করিম, নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ) মোঃ জাহাঙ্গীর আলি, প্ল্যানার জনাব মোঃ ফখরুল ইসলাম।




ছবিঃ স্টেকহোল্ডার কনসালটেশন মিটিং, বিসিক, রাজশাহী

consisting of five members has been formed for the well execution of the research work. Among the members of the TWG committee two members are form Urban Development Directorate (UDD), Khulna Regional Office; one from Urban and Rural Planning Discipline, Khulna University; one from Urban and Regional Planning Department, Khulna Universitry of Engineering and Technology and another is elected member of Ajagara Union Parishad.

In order to execute the research work reconnaissance survey has already been conducted on 15/02/2016. The first TWG meeting has commenced on 09/03/2016. In the first TWG meeting the methodology of the research work was discussed and finalized. The required questionnaire for conducting household survey was also finalized in that meeting.

The objective of the research work is to explore the concept/idea of concerned rural people about Land Use Plan. It is expected that, a land use plan will be prepared in consultation with the rural people. Under the research work Focus Group Discussion (FGD) will be arranged in order to know the views of the rural people. The research work will also investigate wheather there is any effect of Khulna Master Plan 2001 in that area.

Initially the target was to complete the research work within April 2016, but considering the various aspect of the work the completion date has been shifted to May 2016. We hope that according to the revised work plan all the task of the research work will be completed

## *Problems and Potentialities of Industralization at Rajshahi: A case study of BSCIC Industrial Area*

**Jahangir Ali**
Senior planner (Add. Charge)
Urban Development
Directorate, Rajshahi Regional Office, Rajshahi

The research title of current fiscal year (2015-16) by UDD Regional Office Rajshahi is "Problems and Potentialities of Industralization at Rajshahi: A case study of BSCIC Industrial Area". Research budget is1.83lakh Tk (app). Primary data collection, Mouza map collection One TWG and two Stakeholder consultation meeting have been completed as part of the research work. Five members of the Technical Working Group (TWG) are Profesor Dr. Syed Rafiqul Islam Rumi of dept. of Geography and Environmental Studies of Rajshahi University, Mst. Ilme Faridatul Asst. Prof. of URP Discipline of RUET, Md. Anwarul Kabir Technical Officer of BSCIC Rajshahi, Md. Jahangir Ali Senior Planner (Addl Chg) of UDD Rajshahi Regional Office and Md. Fakhrul Islam Planner of UDD Rajshahi Regional office.

# প্রশিক্ষণ

# Training

## ইন হাউজ প্রশিক্ষণ

নগর উন্নয়ন অধিদপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৫-২০১৬ অর্থ বছরে নভেম্বর/১৫ হইতে জুন/১৬ পর্যন্ত নিম্নোক্ত ইন হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**শুদ্ধাচার কৌশল ঃ**

গত ০৬/০৯/২০১৫ তারিখে ০১ (এক) দিনের জন্য ***"শুদ্ধাচার কৌশল"*** বিষয়ে ২৪ জন কর্মকর্তাকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**বার্ষিক গোপনীয় প্রতিবেদন ঃ**

গত ১০/১২/২০১৫ তারিখে ০১(এক) দিনের জন্য ***"বার্ষিক গোপনীয় প্রতিবেদন"*** বিষয়ে ২৪ জন কর্মকর্তাকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**অডিট আপত্তি ও নিষ্পত্তি ঃ**

গত ১৭/১/২০১৬ ও ২১/১/২০১৬ তারিখে ০২ (দুই) দিনের জন্য ***"অডিট আপত্তি ও নিষ্পত্তি"*** বিষয়ে ২৬ জন কর্মকর্তা/কর্মচারী কে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**হিসাব, নিরীক্ষা ও অডিট আপত্তি ঃ**

গত ২৯/০৩/২০১৬ তারিখে ০১(এক) দিনের জন্য ***"হিসাব, নিরীক্ষা ও অডিট আপত্তি"*** বিষয়ে ২৯ জন কর্মকর্তা/কর্মচারীকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**পোর্টাল ট্রেনিং ঃ**

গত ২২/০৪/২০১৬ তারিখে ০১ (এক) দিনের জন্য ***"পোর্টাল ট্রেনিং"*** বিষয়ে ০৮ জন কর্মকর্তা/কর্মচারীকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**অফিস ম্যানেজমেন্ট ঃ**

৪১ জন কর্মচার কে ১৫/৫/১৬ থেকে ১৭/৫/১৬ পর্যন্ত ৩ দিন "অফিস ম্যানেজমেন্ট" বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

**জনগণের অংশগ্রহণের মাধ্যমে ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন ঃ**

জনগণের অংশগ্রহণের মাধ্যমে ময়মনসিংহ পৌরসভার ১০ নং ওয়ার্ডের ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রস্তুতের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

## In House Training

Urban Development Directorate has arranged some In House Training in the financial year 2015-2016 in order to develop the capacity of the officers and staffs.

**Integrity Strategy:**

A number of 24 participants in a In House Training on Integrity Strategy held on 6/09/2015 at UDD.

**Accounting, Audit and Disposal of Objections:**

A training on accounting, audit and disposal of objections has been held on 29/03/2016. The number of participants was 29.

**Annual Confidential Report:**

A number of 24 participants in a In House Training on Annual Confidential Report held on 10/12/2015.

**Audit Objection and Solutions:**

A training on Audit objection and Solutions has been held on 17/012016 with a Duration of 02(Two) Days. The number of participants was 27.

**Portal Training:**

A training on Portal Training has been held on 22/04/2016. The number of participants was 8.

**Office Management:**

A number of 41 participants in a In House Training on Office Management held on 15 May, 2016 to 17 May, 2016.

**Training on Preparation of Detailed Area Plan through People's Participation:**

Training on the Preparation of Detailed Area Plan for Ward-10 of Mymensingh Paurashava has been completed.

## দক্ষিনাঞ্চলের পরিকল্পিত উন্নয়নে নবসৃষ্ট বরিশাল আঞ্চলিক অফিসের ভূমিকা

আসাদুজ্জামান
সিনিয়র প্ল্যানার (অতি. দা.)
নগর উন্নয়ন অধিদপ্তর
বরিশাল আঞ্চলিক অফিস, বরিশাল

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ২০১০ সালে বরিশাল বিভাগীয় শহরের জন্য বিশ বছর মেয়াদী ষ্ট্রাকচার প্ল্যান ও পাঁচবছর মেয়াদী এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়ন করা হয় এবং ২০১১ সালে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় কর্তৃক উক্ত প্ল্যান গেজেট আকারে প্রকাশিত হয়। উপরোক্ত বরিশাল বিভাগীয় শহরের প্ল্যান বাস্তবায়নের এবং প্ল্যান মনিটরের জন্য নগর উন্নয়ন অধিদপ্তর সিলেট, বরিশাল ও কক্সবাজার শহরে ০৩ (তিন) টি আঞ্চলিক অফিসের কার্যক্রম শুরুর উদ্যোগ নেয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্র প্রশাসনিক সংস্কার সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন লাভ করে গত ০৬/০৮/২০১৪ ইং তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় হতে বিভিন্ন পদে ২৪ (চব্বিশ) টি পদ সৃজনসহ ০৩ (তিন)টি আঞ্চলিক অফিসের জিও জারী করা হয়। এরই ধারাবাহিকতায় গত ২০/১২/২০১৫ তারিখে বরিশাল সিটি কর্পোরেশন ভবনে ০৫ (পাঁচ) জন জনবল নিয়ে বরিশাল আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম শুরু করা হয়।

সরকারের ভিশন ২০২১ ও ২০৪১ এর উদ্দেশ্য বাস্তবায়নে ইতিমধ্যে পদ্মা সেতু, পায়রা বন্দরের কাজ শুরু হয়েছে এবং ভাঙ্গা হতে বরিশাল হয়ে কুয়াকাটা ও পায়রা বন্দর পর্যন্ত রেল লাইন এবং চার লেনের রাস্তার নির্মাণ কাজ এর উদ্দ্যোগ নেয়া হয়েছে। এ সমস্ত মেগা প্রকল্পগুলো বাস্তবায়িত হলে বরিশালসহ সমগ্র দক্ষিনাঞ্চলে অর্থনৈতিক কর্মকান্ডের ব্যাপক প্রসার হবে। প্রয়োজন হবে নানাবিধ ভৌত অবকাঠামো উন্নয়ন। আমাদের দেশটি কৃষি প্রধান ও জনঘনবসতিপূর্ণ একটি দেশ। নগরায়নের ফলে বর্তমানে প্রতিবছর ১% এর অধিক হারে কৃষি জমি অকৃষিকাজে/নগরে পরিনত হচ্ছে। এমতাবস্থায়, এখনই প্রয়োজন বরিশাল তথা দক্ষিনাঞ্চলের জন্য একটি আঞ্চলিক মহাপরিকল্পনা। তাই শুধু বরিশাল শহরে নয় সমগ্র বরিশাল বিভাগের সকল জেলা, উপজেলা ও গ্রোথসেন্টার সমূহের পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন কর্মকান্ডসমূহ পরিকল্পিতভাবে বাস্তবায়নে সহায়তা করাই এই আঞ্চলিক অফিসের অন্যতম লক্ষ্য। এ জন্য সমগ্র বরিশাল অঞ্চলের পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে বরিশাল আঞ্চলিক মহাপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। ইতিমধ্যে পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলা, কুয়াকাটাসহ কলাপাড়া, আমতলী, রাঙ্গাবালী, গলাচিপা ও পাথরঘাটার এলাকাসমূহ নিয়ে একটি "ইকো ট্যুরিজম ডেভেলপমেন্ট ফর কুয়াকাটা কোস্টাল রিজিঅন" নামে একটি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রনীত মাদারীপুর ও রাজৈর উপজেলা মহাপরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে ১৯/০২/২০১৬ তারিখে স্থানীয় বাস্তবায়নকারী সংস্থা ও জনপ্রতিনিধিদের সমম্বয়ে একটি ওয়ার্কসপের আয়োজনের ব্যবস্থা করা হয়েছে।

## Role of Newly Established Barisal Regional office to Development of Southern Region

**Asaduzzaman**
Senior planner (Add. Charge)
Urban Development Directorate
Barishal Regional Office, Barishal

Urban Development Directorate has been prepared structure plan and Action Area Plan for Sylhet and Barisal Division town at 2010 and this Plan has been published as Gazette Notification by the Ministry of Housing & Public Works at 2011. To Implement and monitoring the above Sylhet, Barisal & Cox's Bazar Plans UDD take a step for setting Regional office at Sylhet, Barisal & Cox's Bazar town. In this respect approval from Ministry of Public Administration, Ministry of Finance, Secretarial Committee for Administrative Reform and finally approved from Honorable Prime Minister the Ministry of Housing & Public Works has been circulated the G.O for Sanction of 24 posts of different category with three Regional Offices. With this continuation the activity of Barisal Regional office has been started at 20/12/2015 with 05 (five) manpower in the office building of Barisal City Corporation.

To fulfill the vision of 2021 and 2041 of the Government already implementation of Padma Bridge, Payra Port, Rail line and four lane highway projects from Vhanga Faridpur to Kuakata via Barisal has been stared. After completion of these mega projects there would be massive expansion of economic activities of Barisal as well as all over the Southern Region and obviously it will need providing various infrastructure development of this region.

Our country is an agricultural and over populated country. Each year more than 1% land has been transferred to non agricultural land. In this circumstances it is need to take Barisal/Southern Regional development plan immediately.

So, the main objectives of this Regional office is to assist the implementation of physical development activities not only Barisal City as well as the all Districts, Upazilas, Growth centers of Barisal Division. For this reason, it has been taken step to prepare Barisal Regional Development Plan for planned development of Barisal Region. In the meantime, proposals for development plan for Vhandaria Upazila, Eco-tourism Development for Kuakata costal Region including Kalapara, Amtali, Rangabali, Galachipa and Patuakhali area. Besides this to implementation of Madaripur & Rajoir Upazila plan it has been organized a workshop for local implementation authorities and public representatives at 19/02/2016 in the DC office's conference room of Madaripur.

## নগর উন্নয়ন অধিদপ্তরের নবসৃষ্ট কক্সবাজার আঞ্চলিক অফিস

মোঃ নাজিম উদ্দীন
সিনিয়র প্ল্যানার (অতিঃ দাঃ)
নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার আঞ্চলিক অফিস

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ২০১১ সালে "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কক্সাজার টাউন সী বীচ আপ টু টেকনাফ" শীর্ষক প্ল্যান প্রনয়ন করে যা ২০১৩ সালে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রনালয় কর্তৃক গেজেট আকারে প্রকাশ করা হয়। কক্সবাজার পর্যটন এলাকার প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে এবং প্রণীতব্য প্ল্যান অনুযায়ী উন্নয়ন মনিটরিং এর জন্য কক্সবাজার আঞ্চলিক অফিস চালুর উদ্যোগ গ্রহন করা হয়। এর ধারাবাহিকতাই জনপ্রশাসন মন্ত্রনালয় ও অর্থ মন্ত্রনারয়ের অনুমোদন, প্রশাসনিক সংস্কার সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন লাভ করে গত ০৬/০৮/২০১৪ ইং তারিখে গৃহায়ণ ও গণপুর্ত মন্ত্রনালয় হতে সিলেট , বরিশাল ও কক্সবাজার আঞ্চলিক অফিস চালুর নিমিত্তে ২৪(চব্বিশ) টি পদের সৃজনসহ তিনটি আঞ্চলিক অফিসের জিও জারি করা হয়। ইতিমধ্যে গত ২০/১২/২০১৬ ইং তারিখে সিলেট ও বরিশালে নগর উন্নয়ন অধিদপ্তর এর আঞ্চলিক অফিস চালু হয়েছে কিন্তু কক্সবাজার আঞ্চলিক অফিস চালু হয় নাই।

অবশেষে নগর উন্নয়ন অধিদপ্তর এর পরিচালক মহোদয় জনাব খন্দকার ফওজি মুহম্মদ বিন ফরিদের আন্তরিক প্রচেষ্টায় অফিস চালুর লক্ষ্যে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রনালয়ের স্মারক নং ২৫.০০.০০০০.০২২.১৬.০৮১.২০১৬-১১৭ তারিখ ১০-০৩-২০১৬ এর অফিস আদেশ মোতাবেক, বাহারছড়া, কক্সবাজার এলাকায় মনোরম পরিবেশে অবস্থিত গণপুর্ত অধিদপ্তর এর বর্তমানে অব্যবহারিত (৮৯১ বর্গফুট সেমি পাকা শেডটি) ১২.৫৩ কাঠা জমিসহ ভবনটি বিনা ভাড়ায় নগর উন্নয়ন অধিদপ্তর কক্সবাজার আঞ্চলিক অফিস চালুর জন্য বরাদ্দ দেওয়া হয়। এরই ধারাবাহিকতায় নগর উন্নয়ন অধিদপ্তর কক্সবাজার আঞ্চলিক অফিস গত ২০-০৩-২০১৬ তারিখ পূর্বাহ্নে বেলা ৯.০০ ঘটিকায় উক্ত বরাদ্দকৃত ভবনে কার্যক্রম শুরু হয়। প্রতিষ্ঠালগ্নে ১ জন কর্মকর্তা প্ল্যানার ও সিনিয়র প্ল্যানার (অতিঃ দাঃ) জনাব মোঃ নাজিম উদ্দীন এবং ৬ জন কর্মচারী যথাক্রমে জনাব মোঃ আবু বকর সিদ্দিক নকশাকার মান-৩, জনাব মোঃ আলতাফ হোসেন সহকারী তথা হিসাবরক্ষক, জনাব ক্যালভিন চাকমা গবেষণা সহকারী, জনাব মোঃ রুবেল হোসেন সার্ভেয়ার, জনাব পবিত্র কুমার ঢালী রেখাকার এবং জনাব আবুল বাশার মিয়া শিকল বাহক হিসেবে যোগদান করেন।

## Establishment of UDD Coxsbazar Regional Office

**Md. Nazim Uddin**
Senior planner (Add. Charge)
Coxs Bazar Regional Office

"Preparation of Development plan for Coxsbazar Town to Sea beach up to Teknaf" is prepared by Urban Development Directorate (UDD) in 2011 and published as Gazette notification by Ministry Housing and Public Works in 2013. For implementation Cox bazar Tourism area according to prepared master plan, it has been taken initiatives to set up UDD Coxsbazar Regional Office. In this respect after the approval from Ministry of Public Administration and Ministry of Finance, recommendation by secretariat committee of administrative reforms and finally approval from Prime Minister's Office, the Ministry of Housing and Public Works issued a govt. order the date 06-08-2014 for establishment of UDD Regional office at Sylhet, Barishal and Coxsbazar with 24 post of 6 category. In the meantime Sylhet & Barishal office started on last 20-12-2015. But Coxsbazar Regional Office is not established.

At last with the best effort of Mr. khonodoker Fouzi Mohammad Bin Farid, Director of UDD, Ministry of Housing and Public Works issued an GO (Government Order) to allocate UDD which memo no 25.00.0000.022.16.081.2016-117 date 10-03-2016, to set up UDD Coxsbazar Regional Office at an unused building (891 sq. ft with shed) of Public Works Department with 12.53 khatha land at Baharchara in Coxsbazar without any rent. In this respect Coxsbazar Regional office started at 9.00 am on the date 20-03-2016. At the beginning of the office, as planner and senior planner (additional charge) Mr. Md. Nazim Uddin, Draftsman grade-3 Mr. Md. Abu Bokor Siddik, Assistant cum Accountant Mr. Md. Altaf Ali, Research Assistant Mr. Calvin Chakma, Surveyor Mr. Rubel Hossain, Tracer Mr. Pobitro kumar Dhali and chaiman Mr. Abul Bashar Mia joined here.

## নগর উন্নয়ন অধিদপ্তরের নবসৃষ্ট সিলেট আঞ্চলিক অফিস

মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার (অতি. দা.)
নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস

নগর উন্নয়ন অধিদপ্তর হতে ***"সিলেট বিভাগীয় শহরের ষ্ট্রাকচার প্ল্যান, মাষ্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন"*** শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ জুন ২০১০ ইং এ সমাপ্ত হয়েছে। প্রকল্পটি তিনটি ধাপের সমম্বয়

## Establishment of UDD Sylhet Regional Office

**Mahmud Hossain**
Senior planner (Add. Charge)
Sylhet Regional Office

Urban development directorate (UDD) prepared the Structural plan, Master plan and Detailed area plan for Sylhet divisional town by June 2010. The project

- ষ্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং ডিটেইল্ড এরিয়া প্ল্যান। ষ্ট্রাকচার প্ল্যানটি আগামী ২০ বছরের (২০৩০ সাল পর্যন্ত) জন্য প্রণীত হয়েছে। এটি সিলেট শহরের ভবিষ্যৎ উন্নয়ন রূপরেখা প্রদান করবে। এই রূপরেখা সিলেট ও আশে পাশের এলাকাকে অন্তর্ভূক্ত করে তৈরী করা হয়েছে যার আয়তন প্রায় ৮৫.১৮ বর্গ কি:মি:। আরবান এরিয়া প্ল্যানটিতে সিলেট শহরের জন্য একটি মধ্যবর্তী উন্নয়ন পরিকল্পনা প্রদান করা হয়েছে যার সময়সীমা হলো আগামী ১০ বছর (২০২০ সাল পর্যন্ত)। এই পরিকল্পনায় শহরের প্রধান ও গুরুত্বপূর্ণ অংশ এবং এর আশেপাশের এলাকা অন্তর্ভূক্ত রয়েছে যার মোট আয়তন প্রায় ৪০.৯৬ বর্গ কি:মি: । এই প্ল্যানের মধ্যম পর্যায়ের অবকাঠামো উন্নয়ন এবং ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা প্রস্তাব করা হয়েছে। ডিটেইল্ড এরিয়া প্ল্যানিং এর জন্য সম্পূর্ণ স্ট্রাকচার প্ল্যান এলাকাকে ১২ টি ষ্ট্যাটেজিক প্ল্যানিং জোনে (এস পি জেড) ভাগ করা হয়েছে। প্রতিটি এস পি জেড (SPZ) এর জন্য আলাদাভাবে ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রস্তুত করা হয়েছে। ডিটেইল্ড এরিয়া প্ল্যানে প্রতিটি এস পি জেডের জন্য আগামী ৫ বছর (২০১৫ পর্যন্ত) সময়সীমায় স্থানীয় পর্যায়ে বিস্তারিত উন্নয়ন পরিকল্পনা প্রস্তাব করা হয়েছে। ডিটেইল্ড এরিয়া প্ল্যান সিলেট সিটি কর্পোরেশন এবং অন্যান্য উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাগুলোকে একটি সুষ্ঠু এবং সমন্বিত উন্নয়নকাজ সম্পন্ন করতে সাহায্যে করবে। এর সাথে সাথে এই প্রকল্পের আর একটি উদ্দেশ্যে হলো স্থানীয় পর্যায়ে যে সব সংস্থা উন্নয়ন কাজে জড়িত আছে তাদের সুষ্ঠু ও দক্ষভাবে কাজ করার ক্ষমতা বাড়ানো। মাষ্টার প্ল্যানটি ১৭ ই নভেম্বর ২০১১ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে তারই ধারাবাহিকতায় গত ২৩-১১-২০১৫ ইং তারিখে নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিসের জন্য রাজস্ব খাতে সৃষ্ট ০৮ টি অস্থায়ী পদের বহাল মঞ্জুরী আদেশ জারি করা হয়। পদগুলো যথাক্রমে:

| ক্র:নং: | পদের নাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | সিনিয়র প্ল্যানার | ০১টি |
| ২ | প্ল্যানার | ০২টি |
| ৩ | গবেষনা কর্মকর্তা | ০১টি |
| ৪ | নক্সাকারমান-০১ | ০১টি |
| ৫ | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১টি |
| ৬ | অফিস সহায়ক | ০১টি |
| ৭ | নিরাপত্তা প্রহরী | ০১টি |

নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিসের কার্যক্রম গত ২০ ডিসেম্বর ২০১৫ ইং তারিখে সিলেট সিটি কর্পোরেশনের এনেক্স ভবনের ৫ম তলায় একজন কর্মকর্তা ও ০৬ জন কর্মচারী/ষ্টাফ নিয়ে আরম্ভ করা হয়েছে। দাপ্তরিক কাজ সহ সিলেট সিটি কর্পোরেশনের প্রকৌশল শাখাকে জি,আই,এস সফটওয়ার ব্যবহার করে সিলেট

consists of three tiers- Structure Plan, Urban Area Plan and Detailed Area Plan. The **Structure Plan** provides a long term development strategy (for 20 years up to 2030) for the development of Sylhet Divisional Town comprising more than 85 square kilometers or about 21,036 acres. The **Urban Area Plan** for Sylhet Divisional Town provides mid term development proposals for 10 years up to 2020 for the development of the core urban Sylhet and its adjoining area (40.96 sq.km.). The Urban Area Plan comprises intermediate infrastructure development proposals including a land use zoning plan. For the purpose of detailed planning the entire Structure Plan area is divided into 12 Strategic Planning Zones (SPZ). A detailed area plan was prepared for each of its SPZ. The **Detailed Area Plan** provides local level detailed development proposals for each of the SPZ for a period of 5 years up to 2015. The Detailed Area Plan will assist the Sylhet City Corporation (SCC) and other development agencies to carry out development activities in a systematic and well coordinated manner. An important parallel objective of the project is to strengthen the capacity of local agencies for management of urban development within the framework of the new planning process. Sylhet Master Plan published for Gazette Notification 17th November 2011. For this consistency last November 2015 newly approved 08 (eight) manpower created by revenue budget for UDD, Sylhet Regional Office, Sylhet. Name of the approved posts is given below:

| Sl.no. | Name of the post | Number |
|---|---|---|
| 01 | Senior planner | 01 |
| 02 | Planner | 02 |
| 03 | Research officer | 01 |
| 04 | Draftsman- 1 | 01 |
| 05 | Office assistant cum computer typist | 01 |
| 06 | Office sohayok | 01 |
| 07 | Guard | 01 |

Sylhet Regional Office opened 20th December 2015 in the Sylhet City Corporation Annex building (4th floor). At present one officer and 06 staff joined this office. With a large population the sylhet divisional town faces a perilous situation to contain development control over the urban conglomerate. UDD initiated the current planning process, out of the urge to streamlining the prevailing uncontrolled and unmanageable spatial development of the rapidly growing urban Sylhet. UDD sylhet office trained

মাষ্টার প্ল্যানের ডাটাবেজ প্রয়োগের বিষয়টি অবহিত করা হচ্ছে। অচিরেই সিলেট বিভাগের বিভিন্ন উপজেলার মাষ্টার প্ল্যানের ডি,পি,পি প্রনয়ন এর কাজ হাতে নেয়া হবে।

Geographic Information System (GIS) software to Sylhet City Corporation engineers for using sylhet master plan database. In future UDD Sylhet office initiates to prepare landuse Master Plan D.P.P for different Upazillas of Sylhet Division.

## খুলনা আঞ্চলিক অফিসের কার্যক্রম

**প্রভাষ চন্দ্র কুন্ডু**
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
খুলনা আঞ্চলিক অফিস, খালিশপুর, খুলনা।

নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা আঞ্চলিক অফিসের কার্যক্রম শুরু হয় ১৯৮৫ সালে। দাপ্তরিক অর্গানোগ্রাম অনুযায়ী খুলনা আঞ্চলিক কার্যালয়ে কর্মকর্তা ও কর্মচারী মিলিয়ে মোট ১৩ (তের) টি পদ রয়েছে। বর্তমানে অত্র কার্যালয়ে কর্মকর্তা ও কর্মচারী সহ মোট ১০ (দশ) জন কর্মরত আছেন। অত্র কার্যালয় হতে অঞ্চলে বিদ্যমান বিভিন্ন সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা যেমনঃ সিটি কর্পোরেশন, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, ওয়াসা ইত্যাদি দপ্তর সমুহ কর্তৃক গৃহীত উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে বিদ্যমান মাস্টার প্ল্যান মোতাবেক উক্ত ভূমির বাস্তব অবস্থা যাচাই পূর্বক ভূমি ব্যবহার ছাড়পত্রের বিষয়ে মতামত দেওয়া হয়। তাছাড়া চাহিদা মোতাবেক বিভিন্ন পৌরসভা/উপজেলার মাস্টার প্ল্যান প্রনয়ন করা হয়। সম্প্রতি কুষ্টিয়া সদর উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য প্রকল্প প্রস্তাবনা মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়। গত ২০-০৩-২০১৬ তারিখে উক্ত প্রস্তাবনা মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত হওয়ায় (স্মারক নং-২৫.০০২.১৪.০০.০০.০০৬.২০১৫.৭৫) খুলনা আঞ্চলিক অফিসের আওতায় কুষ্টিয়া সদর উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

নগর উন্নয়ন অধিদপ্তরের ৫০ বছর পূর্তি উপলক্ষে খুলনা আঞ্চলিক অফিসের আওতায় ইউডিডি'ডে ২০১৫ উদ্যাপন করা হয়। ইউডিডি'ডে ২০১৫ উদ্যাপন উপলক্ষে গত ২২/১২/২০১৫ তারিখে "পরিকল্পিত নগরায়নে খুলনা অঞ্চল" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। খুলনা আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সামসুল আলম খান। বিশেষ অতিথি ছিলেন জনাব জি এম এম কামালপাশা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, খুলনা ও ড. মোস্তফা সরোয়ার, বিভাগ প্রধান, আরবান এন্ড রুরাল প্ল্যানিং ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়। সেমিনারে সভাপতিত্ব করেন নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মানীত পরিচালক জনাব খন্দকার ফওজি মুহাম্মদ বিন ফরিদ। সেমিনারে নগর উন্নয়ন অধিদপ্তর বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করেন জনাব ফারজানা সমিরউদ্দীন, উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)। তিনি নগর উন্নয়ন

## Report on Khulna Regional Office.

**Provash Chandra Kundu**
Senior Planner
Urban Development Directorate
Khulna Regional Office, Khalishpur, Khulna.

The activity of Khulna Regional Office, Urban Development Directorate (UDD) was started in 1985. According to the organogram there are 13 posts for officers and staffs in all. At present a total of 10 persons are working including officers and staffs. The prime activity of the regional office is to provide opinion to the head office regarding the No Objection Certificate (NOC) for any particular land parcel proposed by any government, autonomous/semi-autonomous organization such as City Corporation, Khulna Development Authority, WASA etc. for any development project or any construction work. In addition to this, land use plan for municipality/upazila is also prepared under this regional office. Recently, a proposal for preparation of development plan for Kushtia sadar upazila was prepared and sent to the administrative ministry. The proposal was approved on 20.03.2016 (vide memo no. 25.002.14.00.00.006.2015.75) and according to the approval of ministry the work of "Preparation of Development Plan for Kushtia Sadar Upazila" has been initiated by this office.

This year UDD day was observed to celebrate the Golden Jubilee of Urban Development Directorate. On the occasion of UDD day a seminar entitled "Porikolpito Nogorayone Khulna Anchol" was organized on 22-02-2015, at the conference room of Regional Public Administration Training Centre (RPATC), Khulna. In that seminar Brigadier General Mohammad Samsul Alam Khan, Chairman, Khulna Development Authority (KDA), was present as Chief Guest. Mr. G M M Kamalpasha, Additional Chief Engineer, Public Works Zone, Khulna and Dr. Mostofa Saroar, Head of Department, Urban and Rural Planning Discipline, Khulna University were present as Special Guests in the seminar. The seminar was Chaired by Mr. Khondoker Fowze Bin Farid, Director, Urban Development

অধিদপ্তরের জন্ম লগ্ন থেকে শুরু করে অদ্যবধি চলমান কার্যক্রমের বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করেন। "পরিকল্পিত নগরায়নে খুলনা অঞ্চল" শীর্ষক পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন খুলনা আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানার জনাব প্রভাষ চন্দ্র কুন্ডু। তিনি তার উপস্থাপনায় খুলনা অঞ্চলে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের সার্বিক চিত্র তুলে ধরেন। সেমিনারে উপস্থিত প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দকে নগর উন্নয়ন অধিদপ্তরের ৫০ বছর পূর্তি উপলক্ষে বিশেষ ক্রেষ্ট প্রদান করা হয়।

এই প্রথমবারের মত খুলনা আঞ্চলিক অফিসে কর্মরত কর্মকর্তা ও কমচারীদের জন্য ইন-হাউস প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে। গত ১৩-০৩-১৬ তারিখ হতে ২০-০৩-১৬ তারিখ (০৫ কর্মদিবস) পর্যন্ত খুলনা আঞ্চলিক অফিসে কর্মরত প্রথম শ্রেনীর কর্মকর্তা ও তৃতীয় শ্রেনীর কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য আরপিএটিসি এর তত্ত্বাবধানে "মর্ডান অফিস ম্যানেজমেন্ট ও পাবলিক প্রকিউরমেন্ট" বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। ৪র্থ শ্রেনীর কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য গত ২৭-০৩-১৬ তারিখ হতে ৩১-০৩-১৬ তারিখ পর্যন্ত "কর্মচারী উন্নয়ন কোর্স" শীর্ষক অপর একটি প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয়। বর্তমান পরিচালক মহোদয়ের একান্ত আগ্রহ ও আন্তরিক সহযোগীতার কারনেই কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য উক্ত সহায়ক কর্মসূচীসমূহ বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। আমরা আশাকরি এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচী অত্র কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিসহ দাপ্তরীক কাজে গতিশীলতা আনয়ন করবে।

সূচনা লগ্ন হতে অদ্যবধি নগর উন্নয়ন অধিদপ্তর খুলনা আঞ্চলিক কার্যালয় খালিশপুরস্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ভবনের দ্বিতীয় তলায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে মাত্র দুইটি কক্ষে কার্যালয়ের কার্যক্রম চলমান রয়েছে। তবে আশার কথা এই যে, অত্র কার্যালয়ের অফিস ভবন নির্মানের জন্য খুলনা বিভাগীয় কার্যালয় চত্তরে ০.৩৩ একর জমি রয়েছে। গত ২৪-০৫-২০১৫ তারিখ, রোজ রবিবার নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক জনাব খন্দকার ফওজি মুহাম্মদ বিন ফরিদ খুলনা আঞ্চলিক কার্যালয় ভবন নির্মানের জন্য নির্ধারিত স্থান সরেজমিনে পরিদর্শন করেন। গণপূর্ত বিভাগ-১, খুলনা এর কর্মকর্তাগণের উপস্থিতিতে তিনি উক্ত জমি ও বিদ্যমান ভবন পর্যবেক্ষণ করে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। উক্ত দিক নির্দেশনার প্রেক্ষিতে খুলনা আঞ্চলিক অফিস ভবন নির্মানের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক স্থাপত্য নকশা প্রনয়ন করা হয়েছে এবং খুলনা গণপূর্ত বিভাগ-১, খুলনা কর্তৃক অফিস ভবন নির্মানের ডিপিপি প্রনয়নের লক্ষে খসড়া প্রাক্কলণ গত ১৫-০২-১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। অত্র আঞ্চলিক কার্যালয় ভবন নির্মানি করা সম্ভব হলে খুলনা আঞ্চলিক অফিসের একটি স্থায়ী ঠিকানা তৈরী হবে।

Directorate. In the seminar a Power Point Presentation was presented by Farzana Samiruddin, Deputy Director (Physical Planning) of Urban Development Directorate (UDD). In her presentation she descried the past and present activities of UDD. She also presented the future plan of UDD. Mr. Provash Chandra Kundu, Senior Planner, Urban Development Directorate, Khulna Regional Office conducted another presentation entitled "Porikolpito Nogorayone Khulna Anchol". In his presentation he presented the various aspects of Physical planning and its implementation scenario of Khulna region. Crest was presented among honorable guests at the concluding session of the seminar.

For the first time In-house training program was conducted for the officers and staff of Khulna Regional Office. A training course entitled "Modern Office Management and Public Procurement" was conducted from 13.03.16 to 20.03.16 (five working days) by the trainer of RPATC, Khulna. Another training program entitled "Staff Development Course" was also Conducted during 27.03.16 to 31.03.16. The arrangement of such training program was possible only due to the cordial co-operation of present Director of UDD to enhance the capacity of employees of this office. We do believe that execution of such training courses will be helpful in order to enhance the capacity of the officers and staffs and also working capabilities of the regional office will be improved as well.

From the very beginning, Khulna Regional Office was operated at the first floor of National Housing Authority building (NHA). At present only two rooms are occupied by the office. But there is a ray of hope for the office as 0.33 acre of land has been allocated for this office at the Divesional Commissioner Office premises. Mr. Khondoker Fowze Bin Farid, Director, UDD has visited the land on 24.05.15. The officers of Public Works Department (PWD) were present on his visit. During his visit he had delivered various directions to us and to the PWD officers as well. According to his directions the Architectural Design of the office building for Khulna Regional Office has already been prepared by Department of Architechure (DoA). Khulna Public Works Division-1, Khulna has already prepared the estimate based on the Architectural Design of the office building for the formulation of DPP. We hope that when the office building construction will be completed there will be a permanent address for Khulna Regional Office.

## নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিসে ২০১৫-১৬ অর্থ বছরের কার্যক্রম

রাজশাহী আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ) জনাব মোঃ জাহাঙ্গীর আলি সহ সকল কর্মকর্তা ও কর্মচারী ইউডিডি ডে- ২০১৫ উদযাপন উপলক্ষ্যে সেমিনার আয়োজন নগর উন্নয়ন অধিদপ্তরের ৫০ বছর পূর্তিতে প্রস্তাবিত "প্রিপারেশন অব রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং প্যাকেজ ফর রাজশাহী ডিভিশন" শীর্ষক সেমিনার রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের (আর ডি এ) মিলনায়তনে ১৭ ডিসেম্বর' ২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান বিশিষ্ট রাজনীতিবিদ ও বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মোঃ বজলুর রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ রফিকুল ইসলাম রুমি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের চেয়ারম্যান ড. মিজানুর রহমান; নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) ড. কে. জেড হোসেন তৌফিক, সিনিয়র প্ল্যানার জনাব মাকসুদ হাসেম, সহকারী প্ল্যানার মোঃ আব্দুল ওয়াহাব; রাজশাহী প্রকৌশলী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মোছাঃ ইলমে ফরিদাতুল, প্রভাষক নাজিয়া হোসেন, প্রভাষক হোসেন মহিউদ্দিন, প্রভাষক মোঃ আব্দুল ওয়াকিল; এল জি ই ডি রাজশাহীর অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব আলী আহমেদ; রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের (আর ডি এ) এর প্রধান নির্বাহী (যুগ্ম সচিব) জনাব কমলারঞ্জন দাশ, অথরাইজড অফিসার জনাব আবুল কালাম আজাদ, নির্বাহী প্রকৌশলী মোঃ আবদুল্লাহ আল তারিক, ভারপ্রাপ্ত টাউন প্ল্যানার মোঃ রাহেনুল ইসলাম রনী, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোঃ সাইদুল ইসলাম, এষ্টেট অফিসার মোঃ বদরুজ্জামান, সহকারী প্রকৌশলী শেখ কামরুজ্জামান ও প্রশান্ত কুমার পাল; গণপূর্ত রাজশাহী বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ লতিফুল ইসলাম এবং এ বি এম হুমায়ূন কবীর, উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব এস এম ময়নুল হক; জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ রাজশাহীর উপ-বিভাগীয় প্রকৌশলী কাজী নজরুল ইসলাম এবং প্রশাসনিক কর্মকর্তা (এষ্টেট) জনাব মোঃ একরামুল কবীর সহ নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ। ইউডিডি ডে-২০১৫ উদযাপন, রাজশাহী নগর উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) অধিদপ্তরের অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ কার্যক্রম বিষয়ে বক্তব্য দেন। তিনি উল্লেখ করেন, নগর উন্নয়ন অধিদপ্তর ১৯৬৫ সালে স্থাপিত হয় এবং ১৯৮৫ সালে রাজশাহী ও খুলনা আঞ্চলিক অফিসসমূহ স্থাপিত হয়। ইউ ডি ডি ১৯৮৪-৯১ সাল পর্যন্ত সময়ে ৫০ টি জেলা শহরের এবং ৩৯২ টি উপজেলা ও পৌরসভার মাষ্টার প্ল্যান প্রনয়ণ করে। নিকট অতীতে ইউ ডি ডি সিলেট, বরিশাল ও ময়মনসিংহ বিভাগীয় শহর, কক্সবাজার জেলা শহর এবং মাদারীপুর ও রাজৈর উপজেলা শহরের মাষ্টার প্ল্যান প্রণয়ন করেছে। সিনিয়র প্ল্যানার জনাব মাকসুদ হাসেম প্রস্তাবিত "প্রিপারেশন অব রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং প্যাকেজ

## Activities Programs held at UDD Regional Office Rajshahi at 2015-16 fiscal year

Md Jahangir Ali Senior Planner (Add. Charge) along with all officers and staffs of UDD Regional Office Rajshshi Seminer held on at UDD Day-2015

A seminer held by UDD Regional office Rajshahi at the Conference Room of Rajshahi Development Authority (RDA) on the occasion of 50 years fulfillment of establishing of Urban Development Directorate (UDD) on December 17, 2015. Mr Khondoker Fowze Muhammed Bin Farid Chaired the program. Principal Md. Bazlur Rahman Freedom Fighter and Chairman of Rajshahi Unnayan Katrapakha (RDA) Chaired as the Chief Guest. Profesor Dr. Syed Rafiqul Islam Rumi of Dept. of Geography and Environmental Studies of Rajshahi University Presented as special guest. Many of them who attend the program were Professor Dr. Mizanur Rahman Chairman of Dept. of Geography and Environmental Studies of Rajshahi University; D. K Z Hossain Taufique Deputy Director (Reseaarch & coordination), Mr Maksud Hashem Senior Planner, Mr Abdul Wahab Assistant Planner of UDD; Mst. Ilme Faridatul Asst Prof, Nazia Hossain Lecturer, Hossain Mohiuddm Lecturer, Md. Abdul Wakil Lecturer of RUET; Mr. Ali Ahmed Addl Chief Engg. of LGED Rajshahi; Mr Kamala Raujan Das Chief Executive (JS), Mr Abul Kalam Azad Authorized Officer, Md. Addullah Al Tarik Ex Engg, Md. Rahenul Islam Rony Town Plannner (in charge), Md. Shahidul Islam Chief Account Officer, Md. Badruzzaman Estate Officer, Sk Kamruzzaman and Proshanta Kumer Paul Asst. Engg of Rajshahi Unnayan Katripakha (RDA); Mr. Md. Latiful Islam and Mr. ABM Humayun Kabir of PWD Rajshahi; Mr. Kazi Nazrul Islam SDE and Mr. Md. Ekramul Kabir AO (Estate) of NHA Rajshahi Devision along with officers and staffs of UDD Head Office and Rajshahi Regional Office. Pic: UDD Day– 2015 Observed, Rajshahi Deputy Directore (R&C) D. K.Z Hossain Taufique Addressed on about UDD's Past, Present and Future activities. He added that UDD established in 1965 and Rajshahi & Khulna Regional Office were established in 1985. UDD Prepared Master Plans of 50 District towns and 392 Upazila and Pourashavas during 1984-91. More over, UDD Prepared Master plans of Sylhet, Barisal and Mymensingh Division towns and Madaripur & Razayr Upazila towns in the near past.

ফর রাজশাহী ডিভিশন " বিষয়ক সেমিনার পেপার উপস্থাপন করেন । প্রফেসর ড. মিজানুর রহমান পদ্মা নদীর পাড়কে যথাযথভাবে ব্যবহার করার উপর তাগিদ দেন। রুয়েটের সহকারী অধ্যাপক মোছাম্মাৎ ইলমে ফরিদাতুল রিজিওনাল প্ল্যান ও মাষ্টার প্ল্যান করার সময় প্ল্যানার, ভূগোলবিদ, সমাজবিজ্ঞানী, কৃষিবিদসহ সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণকে সম্পৃদ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন ।

বিশেষ অতিথি অধ্যাপক ড. সৈয়দ রফিকুল আলম রুমি সঠিকভাবে মাষ্টার প্ল্যান প্রণয়ন করা এবং বিল্ডিং কোড মেনে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করেন । প্রধান অতিথি আর ডি এ এর চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মোঃ বজলুর রহমান প্ল্যান বহির্ভূত অনেক কাজ হয়ে থাকে বলে তিনি সবাইকে নৈতিকভাবে দৃঢ় হতে পরামর্শ দেন। সভাপতি জনাব খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ বলেন, ইউ ডি ডি বর্তমানে ন্যাশনাল পোর্টের সংগে যোগ হয়েছে। তিনি সেমিনারে উপস্থিত সকলকে নগর উন্নয়ন অধিদপ্তরের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন । প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে নগর উন্নয়ন অধিদপ্তরের ৫০ বছর পূর্তি উপলক্ষে নগর উন্নয়ন অধিদপ্তরের পক্ষ থেকে সম্মাননা প্রদান করা হয়। পরিশেষে রাজশাহী আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ) জনাব মোঃ জানাঙ্গীর আলি সেমিনারে অংশগ্রহণকারী অতিথিগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভাপতির অনুমতিক্রমে সভার সমাপ্তি ঘোষণা করেন। অনুষ্ঠান পরিচালনা করেন প্ল্যানার জনাব মোঃ ফখরুল ইসলাম ।

## মাননীয় মন্ত্রী, সচিব ও চেয়ারম্যান মহোদয়ের রাজশাহী মহানগরী পরিদর্শন

গৃহায়ণ ও গনপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, মাননীয় সচিব মোঃ মাঈনুদ্দীন আবদুল্লাহ এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আলতার হোসেন সহ পাঁচ সদস্যের একটি টীম ২১-২৩ জানুয়ারী ২০১৫ রাজশাহী মহানগরী ভ্রমণ করেন। অতিথি বৃন্দকে রাজশাহী বিমানবন্দরে ফুলের অভ্যথনা জানান নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ) মোঃ জাহাঙ্গীর আলি, প্ল্যানার জনাব মোঃ ফখরুল ইসলাম এবং সহকারী প্ল্যানার মোঃ আব্দুল ওয়াহাব ।

২২ জানুয়ারী রাজশাহী সার্কিট হাউজে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সংগে নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার এর মতবিনিময় হয় । মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়কে জানানো হয় বর্তমানে নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিসের মাধ্যমে "কমপ্রিহেনসিভ রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং প্যাকেজ ফর রংপুর ডিভিশন" শীর্ষক ডিপিপি প্রনয়নের কাজ চলমান আছে। মন্ত্রী মহোদয় একাজে সন্তোষ প্রকাশ করেন। তিনি আরও উল্লেখ করেন, পরিকল্পিত নগরায়নের জন্য এটা ভাল উদ্যোগ এবং এটা খুব প্রয়োজন। ২২ জানুয়ারী' ২০১৬ তারিখ সন্ধ্যায় জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ আখতার হোসেন নগর উন্নয়ন অধিদপ্তরের রাজশাহী আঞ্চলিক ভবন নির্মাণের জন্য উন্মুক্ত স্থানে প্রস্তাবিত ০৫ কাঠার প্লট পরিদর্শনে আসেন। তিনি অভিমত ব্যক্ত করেন যে, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের বিল্ডিং এর পাশাপাশি নগর উন্নয়ন অধিদপ্তরের বিল্ডিং হলে সেটা অধিকতর ভাল হবে। মাননীয় চেয়ারম্যান এই বিবেচনায় রাজশাহীস্থ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের অব্যবহৃত গাড়ির গ্যারেজসহ ০৫ কাঠা জমির প্লট নগর উন্নয়ন অধিদপ্তরের রাজশাহী আঞ্চলিক ভবন নির্মাণের জন্য প্রস্তাব করেন।

Senior Planner Mr. Maksud Hashem Presented the proposed "Preparation of Regional Development Planning Package for Rajshahi Division" as seminar paper. Profesor Dr. Mizanur Rahman gave Preference on properly was of the bank of the river Padma.

Mst. Ilme Faridatul Asst. Prof. of RUET referred on importance of Co-ordination of Planners. Geographers, Sociologists, Agriculturists along with related specialists at the time of Preparing of Regional Plans. Prof. Dr. Syed Rafiqul Alam Rumi gave importance of preparing Master plans properly and following Building Codes accurately. Chairmen of RDA and Freedom Fighter Principal Md. Bazlur Rahman advised all to be strict ethically as many happens out of plans.

Mr. Khondoker Fowze Muhammed Bin Farid said as the president of the meeting that UDD is connected with National Portal at present. He thanked the audience on behalf of UDD. The Chief Guest and the Special Guest awarded with crest by UDD. Last of all, Md. Jahangir Ali Senior Planner (Addl Chg) of UDD Regional Office Rajshahi and declared the completion of the seminar with the permission of the Seminar President. The program was driver by planner Md. Fakrul Islam.

## Rajshahi City visited by the Honourable Minister and Secretary of MoHPW and Chairman of NHA.

Honorable Minister Engg. Mosharaf Hossain MP, Honorable Secretary Md. Mainuddin Abdullah of MoHPW and Honorable Chairman Engg. Md. Akhter Hossain of National Housing Authority (NHA) along with two high officials a team with 5 members visited Rajshahi City from 21-23 January 2016. The Honorable guests were welcomed with flowers at Rajshahi Airport by Md. Jahangir Ali Senior Planner (Addl Chg), Md. Fakrul Islam Planner and Md. Abdul Wohab Asst Planner of IDD Rajshahi Regional Office at the time of their arrival. A view of exchange held with honorable Minister, Secretary and Chairman Vs Senior Planner UDD on January 22, 2016 at Rajshahi Circuit House in the afternoon. Honorable Minister and secretary were informed by the Senior Planner that a DPP entitled of " Preparation of Comprehensive Regional Development Planning Package for Rangpur Division" is going on by UDD Regional Office Rajshahi. Honorable Minister pleased at this work. It is a good initiate and it is very necessary for planning urbanization he added.

Engg. Md. Aktar Hossain Honourable Chairman of NHA visited the proposed 5 katha plot for building UDD's Regional Office at open space. He expressed his opinion that it would be better if UDD's Regional Office and NHA's Office set up side by side. He proposed UDD's 5 katha land of plot at the location of NHA's unused car parking graze considering this.

## Habitat III

### বাংলাদেশ কান্ট্রি পেপার ঃ সারসংক্ষেপ

মাকসুদ হাসেম
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর

১৯৭৬ সালে ভ্যাঙ্কুভারে অনুষ্ঠিত Habitat I ও ১৯৯৬ সালে ইস্তাম্বুলে অনুষ্ঠিত Habitat II এর ধারাবাহিকতায় ২০১৬ তে ইকুয়েডরে অনুষ্ঠিতব্য UN Habitat III এর সম্মেলনকে লক্ষ্য রেখে UN Habitat এর আহবানে অধিদপ্তর এপ্রিল, ১৫ তে নাইরোবিতে অনুষ্ঠিত Second Preparatory Meeting on Habitat III এ অংশগ্রহন করে। এর ধারাবাহিকতায় নগর উন্নয়ন অধিদপ্তর Stakeholder ও Development partner দের সাথে নিয়ে UN-Habitat প্রদত্ত Guidelines অনুসারে Bangladesh Country Paper এর খসড়া প্রণয়ন করেছে। মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে যে সমস্ত পলিসি পেপার তৈরী করা হয়েছে: Perspective Plan of Bangladesh 2010-2021, National Sustainable Development Strategy 2010-2021, National Social Security Strategy of Bangladesh, 6th Five Year Plan, 7th Five Year Plan, National Water Management Plan, MDG: Bangladesh Progress Report Guidelines for Main Streaming Disaster Risk Reduction, Dhaka Structure Plan, Maymensingh Strategic Development Plan ইত্যাদি সেগুলোর সার-সংক্ষেপ হতে এই খসড়া Country Paper তৈরী করা হয়েছে। ৬টি অনুচ্ছেদে বিভক্ত এই প্রতিবেদনে রয়েছে মোট ৪২টি উপ-অনুচ্ছেদে বিভক্ত। এর সাথে আরো আছে ১৯৯৬, ২০০৬ ও ২০১৩ এর উপর ভিত্তি করে ১৩টি তথ্য ভিত্তিক নগরীয় নির্দেশক।

১৯৭১ সালের স্বাধীনতার পর থেকে বাংলাদেশের শহরের জনসংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। ১৯৭৪-২০১১ সালের মধ্যে বাংলাদেশের শহরের জনসংখ্যা মোট জনসংখ্যার থেকে প্রায় ৪.৮২% থেকে ২৮.০০% বৃদ্ধি পেয়েছে। এটা অনুমান করা হয় যে, ২০২১ সালের মধ্যে বাংলাদেশের জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ শহরে এলাকায় বসবাসকারী হবে। ২০১১ সালে শহরের জনসংখ্যা প্রায় ৪২ মিলিয়ন ছিল। শহরাঞ্চলের এই বিপুল জনসংখ্যার জন্য সীমিত সম্পদ এবং সুবিধা দ্বারা তাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান, কর্মসংস্থাপন, স্বাস্থ্যসেবা, শিক্ষা, পৌরসেবা ও বিনোদন সুবিধা প্রদানসহ সুশাসন প্রতিষ্ঠা এবং দক্ষ জনবল তৈরী করা একটা বড় চ্যালেঞ্জ। এই নগরায়ন চ্যালেঞ্জকে সুষ্ঠ ব্যাবস্থাপনার আওতায় না পারলে বাংলাদেশের ভবিষৎ প্রবৃদ্ধির সম্ভাবনা গুরুতর বাঁধার সম্মুখীন হবার সম্ভাবনা রয়েছে।

দ্রুত নগরায়ন টেকসই নগর উন্নয়নের জন্য একটি মারাত্বক চ্যালেঞ্জ। দারিদ্র জনগণ নগরমুখি অভিবাসনের ফলে ক্রমবর্ধমান হারে নগরদারিদ্রা

## Habitat III

### Bangladesh Country Paper: Executive Summary

**Muksud Hashem**
Senior planner
Urban Development Directorate

With the aim to participate UN Habitat III conference to be held in Ecuador in 2016 as continuation to Habitat I in Vancouver in 1976 and Habitat II in Istanbul in 1996 Urban Development Directorate (UDD) participated in the Second Preparatory Meeting on Habitat III in Nairobi at April, 15. In continuation, UDD along with urban stakeholders and development partners prepared Draft Bangladesh Country Paper according to the Guidelines provided by UN-Habitat. The Draft Paper has been prepared from the policy papers to achieve the status of middle income country, as: Perspective Plan of Bangladesh 2010-2021, National Sustainable Development Strategy 2010-2021, National Social Security Strategy of Bangladesh, 6th Five Year Plan, 7th Five Year Plan, National Water Management Plan, MDG: Bangladesh Progress Report, Guidelines for Main Streaming Disaster Risk Reduction, Dhaka Structure Plan, Maymensingh Strategic Development Plan. The Draft Country Paper contains 42 sections within 6 chapters with 13 Urban Indicators regarding base year 1996, 2006 and 2013.

Bangladesh has been experiencing rapid increase in its urban population ever since its independence in 1971. Urban population as a percentage of total population increased from around 8.2 % to nearly 28 % during 1974-2011 periods. It is estimated that by the year 2021 nearly one-third or 33% of the population of Bangladesh will be living in urban areas. The urban population recorded during the 2011 Census was nearly 42 million. The tremendous challenge of absorbing such a massive number of people in urban areas and providing them with shelter, food, employment, healthcare, education, municipal services and recreation facilities is made more difficult given shortage of urban facilities and resources, skilled manpower and good governance. The urbanization challenge, unless managed well, could pose a serious problem to the future growth prospects for Bangladesh.

Rapid urbanization has been posing serious challenges for sustainable urban development and poverty has increasingly been urbanized by way of transfer of the rural poor to urban areas. One of the significant features of urbanization in Bangladesh is the predominance of a few metropolitan centers resulting in an uneven distribution of urban population in the country urban population is concentrated in Dhaka, Chittagong and Khulna Metropolitan areas (about 54%). The tremendous challenge of absorbing such a massive number of people

বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশের নগরায়নের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল শহরগুলিতে জনসংখ্যার অসমবন্টন। ঢাকা, চট্টগ্রাম এবং খুলনার মত কয়েকটি মহানগরে নগরবাসীরা কেন্দ্রীভূত হচ্ছে, যা সমগ্র দেশের নগর জনসংখ্যার প্রায় ৫৪%। বিদ্যমান নগর অবকাঠামো, সম্পদ, দক্ষ মানবসম্পদ ও সুশাসনের অভাবে বিপুল এই জনগোষ্ঠীকে নাগরিক জীবনে খাদ্য, বাসস্থান, কর্মক্ষেত্র, স্বাস্থ্যসেবা, শিক্ষা, বিনোদন, পৌর পরিসেবা প্রদান কঠিন হয়ে যাচ্ছে।

বিশ্বের জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ একটি, যা জলবায়ু পরিবর্তনের ফলে আরো ঝুঁকিপূর্ণ হয়ে উঠবে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে আগামী বছরগুলোতে বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছাস ও খরার সংখ্যা ও তীব্রতা বাড়বে। এ প্রেক্ষিতে, দুর্যোগ বিবেচনা করে নগর উন্নয়ন অধিদপ্তর পৌর পর্যায়ে দুর্যোগ ঝুঁকি প্রতিরোধ সম্বলিত পূর্ণাংগ ভূমি ব্যবহার উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের লক্ষ্যে এবং আগামী বিশ বছরের জন্য (২০১১-২০৩১) ময়মনসিংহ কৌশলগত উন্নয়ন পরিকল্পনা (MSDP) মডিউল প্রস্তুত করছে। এই প্রকল্পের উদ্দেশ্য হল স্ট্রকচার প্ল্যান, আরবান/রুরাল এরিয়া প্ল্যান ও অ্যাকশন এরিয়া প্ল্যানসহ একটি সমন্বিত ভূমি ব্যবহার উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন এবং এই ধরনের পরিকল্পনায় দুর্যোগ ঝুঁকি হ্রাসের জন্য প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা।

ঢাকাসহ বড় শহরগুলোতে মৌলিক পরিসেবা, বস্তি এবং অপরিশোধিত শিল্প বর্জ্য গুর"তর সমস্যা। শহরাঞ্চলে অনুচিত ভূমি উন্নয়ন, যেখানে নিচু জমি, খাল, পুকুর ভরাট করে ভবন নির্মাণ করা হচ্ছে। জলাধার কমে যাওয়ার ফলে জলবদ্ধতা এবং পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। পরিবেশের উপর নেতিবাচক প্রভাব প্রতিকার না করে সড়ক নির্মাণের ফলে এ সমস্যা আরো বৃদ্ধি পাচ্ছে। শহরাঞ্চলে পরিবেশের উপর নেতিবাচক প্রভাব প্রতিকার না করে বন্যা নিয়ন্ত্রণ কার্যক্রমের ফলে জলবদ্ধতা সৃষ্টি হচ্ছে। অন্যদিকে, Compact Township/Rural Township এমন একটি ধারণা যা স্ব-শাসিত এবং স্ব-অর্থায়নে স্থানীয় সরকার এলাকার জনগণকে হাসপাতাল, বাড়ি-স্কুল, খেলার মাঠ, জলাধার, বাজার এবং গ্রামীণ শিল্প সেবাসহ সকল মৌলিক সুবিধা প্রদান করে থাকে। এই ধরনের নগর সম্প্রসারনের জন্য উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের গ্রোথ সেন্টারের ভেতরে উন্নয়ন উৎসাহিত করে কম ঘনবসতিপূর্ণ এলাকায় বিক্ষিপ্তভাবে আবাসন এড়িয়ে চলতে হবে। নগর উন্নয়ন অধিদপ্তর সমগ্র উপজেলার নগর, গ্রাম ও সংরক্ষন এলাকা নিয়ে সমন্বিত পরিকল্পনার ধারনা সফলভাবে প্রয়োগ করেছে।

গত ৫০ বছরের মধ্যে (১৯৬১-২০১১) নগরায়ণ দ্রুত গতিতে বৃদ্ধি পেয়েছে, বাংলাদেশের মোট জনসংখ্যা ৫৫ মিলিয়ন থেকে ১৫০ মিলিয়ন (প্রায় ২৭৩%) বৃদ্ধি পেয়েছে এবং শহরের জনসংখ্যা ২.৬ মিলিয়ন থেকে ৪৩.৭৩ মিলিয়ন বেড়েছে, যা পূর্বের নগর জনসংখার ১৬০০%। শহরের বৃহৎ জনসংখ্যার জন্য পর্যাপ্ত আবাসন সুবিধা নেই। তাই, শহরাঞ্চলে আবাসনের জন্য চাহিদা একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ। তদুপরি, আবাসন

in urban areas and providing them with food, shelter, employment, healthcare, education, municipal services and recreation facilities is made more difficult given shortage of existing urban facilities and resources, scarcity of skilled manpower and good governance.

As one of the most climate vulnerable countries in the world, Bangladesh would become even more so as a result of climate change impacts. Floods, tropical cyclones, earthquake, storm surges and droughts are likely to become more frequent and severe in the coming years. Considering hazards Urban Development Directorate (UDD) is preparing a module for mainstreaming disaster risk prevention measures at municipal level into comprehensive Land Use development planning and management for Mymensingh Strategic Development Planning (MSDP) Area for twenty years (2011-2031). The aim of the plan is to prepare an integrated development plan covering Structure Plan, Urban/Rural Area Plan and Action Area Plans and subsequent training module including disaster risk reduction measures into comprehensive land use planning and management.

Big cities including Dhaka have serious problems with basic amenities, slum and untreated industrial waste disposal. In the urban areas there is improper land development, whereby low lying lands, canals, and ponds are filled up for constructing buildings. Reduction in water retention areas is causing water logging and drainage problems. Construction of roads without appropriate environmental mitigation measures is adding to these problems. Flood protection activities around urban areas without environmental mitigation measures are also responsible for water logging. However, the idea of 'compact township'/rural township which is a self-governing and self-financing agglomeration of houses, hospitals, schools, playing fields, water reservoir, markets and rural industries within local government units that provide all basic services to the residents. Growth of these types of townships will need to be encouraged in growth centres at Upazila and Union levels avoiding present trend of housing with low densities scattered in various locations. UDD successfully promoted the concept of by planning the whole sub-districts integrating urban-rural and conservation areas.

Experiencing a fast pace of urbanization, in last 50 years (1961-2011), the total population of Bangladesh has increased from 55 million to 150 million (about 273%), whereas urban population has increased from 2.6 million to 43.43 million, thus showing a growth of 1600% (BBS, 2011). Thus demand for housing has become a crucial challenge for urban areas, though large shares of urban population do not have access to affordable housing. Moreover, unplanned land

এর জন্য অপরিকল্পিত ভূমি উন্নয়ন প্রকল্প পরিবেশের জন্য হুমকিস্বরুপ। ঘন জনবসতির সাথে দ্রুত নগরায়ণ, শিল্পায়ন এবং ভূমি ব্যবহার পরিকল্পনায় দূর্যোগ মোকাবেলার পরিকল্পনার অভাবে বন্যা, জলবদ্ধতা, যানজট, বায়ু দূষণ, পানি দূষণের মত পরিবেশগত সমস্যা সৃষ্টি হচ্ছে এবং কৃষি জমি, বন ও জলভূমি হ্রাস পাচ্ছে। পরিবেশগত স্থিতিশীলতা নিশ্চিত কল্পে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, বায়ু দূষণ ও পানি দূষণ কমাতে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকারের দৃঢ় অঙ্গীকার প্রতিফলিত হয়েছে। এই পরিকল্পনায় পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব কমানো এবং জলবায়ু পরিবর্তনের কারণে দারিদ্র ও পরিবেশ বিপর্যয় কমানো একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ হিসেবে বিবেচনা করা হয়েছে। পরিবেশ রক্ষা এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে সরকার প্রয়োজনীয় নীতি, আইন ও বিধি প্রনয়ন করা হয়েছে।

বেসরকারী জমি ব্যবসায়িদের বিক্ষপ্তভাবে বন্যা কবলিত এলাকা, উচ্চমান কৃষিজমি ও পরিবেশগত সংবেদনশীল এলাকায় অনুপ্রবেশ অব্যাহত রয়েছে। এই প্রেক্ষাপটে সুশাসন প্রতিষ্ঠা, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি এবং জবাবদিহিতা নিশ্চিতকরণে রাষ্ট্রের শক্তিশালী অঙ্গীকার খুবই গুরুত্বপূর্ণ। বায়ু দূষণ বাংলাদেশের শহগুলোতে বর্তমান একটি প্রধান সমস্যা, বিশেষ করে ঢাকা এবং চট্টগ্রামে। বর্জ্য ব্যবস্থাপনা বাংলাদেশের সব শহরঞ্চলে অন্য আর একটি সমস্যা। নগরায়নের দ্রুত হার, ভোগ্যপন্নের পরিবর্তিত ধরন ও উ"চ জনসংখ্যা বৃদ্ধির ফলে বর্জ্যের পরিমান বৃদ্ধি পাচ্ছে। নগর ও অঞ্চল পরিকল্পনা পদ্ধতির মূল ধারায় এখনো ঝুঁকি সংবেদনশীল ভূমি ব্যবহার পরিকল্পনা যোগ করা হয়নি। এই ক্ষেত্রে নগর উন্নয়ন অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করছে। নগর উন্নয়ন অধিদপ্তর পূর্ণাংগ ভূমি ব্যবহার উন্নয়ন পরিকল্পনা ও ময়মনসিংহ কৌশলগত উন্নয়ন পরিকল্পনা (MSDP) প্রনয়নের মাধ্যমে দূর্যোগ ঝুঁকি প্রতিরোধমূলক একটি মডিউল তৈরী করছে।

১৯৯০ সালের পর বড় শহরগুলোর উন্নয়ন নিয়ন্ত্রণে কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী শহর উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয় এবং বিভিন্ন বিধি প্রনয়ন করা হয়, যেমনঃ ইমারত নির্মাণ বিধিমালা (১৯৯৬), বেসরকারী আবাসিক এলাকা উন্নয়ন বিধিমালা (২০০৪), ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা (২০০৮), বাংলাদেশ ন্যাশানাল বিল্ডিং কোড (১৯৯৩), যা কিছু পরিবর্তিত হয় ২০০৬ সালে। অন্যান্য আইন নগর উন্নয়নের জন্য প্রাসঙ্গিক, যেমন: বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন (১৯৯৫) (সংশোধিত ২০০০) ও জলাভূমি সংরক্ষণ আইন (২০০০)। নগর ব্যবস্থাপনার ও পরিচালনার জন্য বিভিন্ন ধরনের আইন প্রণয়ন ও উদ্যোগ নেয়া হয়, যেমন: রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন ২০১০ এবং রুলস (২০১১), বেসরকারী আবাসিক প্রকল্প ভূমি উন্নয়ন বিধিমালা (২০০৪)। তাছাড়া, চারটি উন্নয়ন কর্তৃপক্ষের খসড়া আইন প্রস্তুত করা হয়েছে, যেমন: কুয়াকাটা, বরিশাল, সিলেট এবং রংপুর। আবাদি জমি রক্ষা এবং

development project for housing has become threat on environment. Dense population with rapid urbanization, industrialization and absence of disaster resiliency in land use planning have created major environmental problems which contribute to increasing disaster risks such as flood, water logging, traffic congestion, Air Pollution, water pollution along with loss of wetlands, agriculture land and forest. The strong commitment of government to ensure environmental sustainability through conservation of natural resources and reduce air and water pollution has been reflected in the Seventh Five Year Plan. This plan has stressed the need to take into account environment, climate change adaptation and mitigation and recognizes climate change as an added challenge to reduce poverty and environmental degradation. Government has also adopted necessary policies, rules and acts to protect environment and to ensure sustainable development.

The sprawling expansion of the city is mostly initiated by Private Land Developers, continuing with encroachment of flood plains, high value agricultural land and other environmentally sensitive areas. In such a context, good governance, accountability,, capacity building of relevant organizations are very crucial along with strong political commitment. Outdoor air pollution has been a major problem in the cities of Bangladesh, especially in Dhaka and Chittagong city. Waste disposal is an emerging problem in almost all urban areas of Bangladesh. The increase in waste generation can be primarily attributed to factors such as rapid rate of urbanization, changing consumption pattern and high population growth rate. Risk Sensitive Land Use Planning approach is still absent in the mainstream plan preparation methodology. In this relation, Urban development Directorate has played pioneering role as they had developed a module for mainstreaming disaster risk preventive measures into comprehensive Land Use development planning and management for Mymensingh Strategic Development Planning (MSDP).

After 1990 some steps were taken to control the development trend in big cities. These included preparation of development plans for Dhaka, Chittagong, Khulna and Rajshahi cities, and formulation of different rules like Building Construction Rules (1996), Private Residential Area Development Rules (2004) and Dhaka Metropolitan Building Construction Rules (2008). The Bangladesh National Building Code (BNBC) which was prepared in 1993 came into force in 2006 after some modification. Other legislations which are relevant for the urban sector include Bangladesh Environment Protection Act 1995 (modified in 2000) and the Wetland Preservation Act 2000. There are number of initiatives regarding formulation of legislation for urban management: The

পরিকল্পিত ভূমি ব্যবহারের জন্য জাতীয় গৃহায়ন নীতিমালা ২০১২ হালনাগাদ করা হয়েছে এবং আরেকটি উদ্যোগ নগর ও অঞ্চল পরিকল্পনা আইন ২০১৪ (খসড়া) প্রণয়ন। এই আইনের মূল উদ্দেশ্য অপরিকল্পিত নগরায়ন রোধে পরিকল্পিত উপায়ে কার্যকর ভূমি ব্যবহার ব্যবস্থাপনা ও সমন্বিত উন্নয়ন নিশ্চিত করা। ভৌত পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জাতীয়, আঞ্চলিক, মেট্রোপলিটন ও স্থানীয় পর্যায়ে জাতীয় নীতিমালা সমন্বয় করা এই পরিকল্পনা উদ্দেশ্য। নগর বিষয়ে ব্যবস্থাপনার জন্য নগর ও অঞ্চল পরিকল্পনা কাউন্সিল গঠনের জন্য এই আইনে প্রস্তাব করা হয়।

UDD একমাত্র জাতীয় পরিকল্পনা সংস্থা যা দেশের ভৌত পরিকল্পনা প্রণয়নে কাজ করে। পরিবর্তন বিবেচনা এবং পরিকল্পনার প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করণে UDD গতানুগতিক মহাপরিকল্পনা প্রণয়ণের পরিবর্তে জনচাহিদাভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করছে। PRA এমন একটি পন্থা যার মাধ্যমে জনগণের জ্ঞান ও মতামত পরিকল্পনা, উন্নয়ন ও কর্মসূচী ব্যবস্থাপনায় সংযোজন করা যায় । উন্নয়ন ও গবেষণায় সাম্প্রতিক বছরগুলোতে জনগণের অংশগ্রহনের প্রতিফলন এবং কর্মপন্থায় PRA দ্রুত প্রসার লাভ করেছে। বর্তমানে গ্রামীণ এবং শহর এলাকায় PRA ব্যবহৃত হচ্ছে। এটা বিভিন্ন শ্রেণীর মানুষের মতামত বিবেচনা নিশ্চিত করে। পৌরসভা পর্যায়ে CBO,WLCC,TLCC গঠন, উন্নয়ন প্রক্রিয়ায় জনগণের আরও অংশগ্রহণ নিশ্চিত করেছে এবং সুশাসনের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করেছে।

উল্লেখ্য যে, স্থানীয়সরকার ব্যবস্থায় দুর্বলতার ধারনা থাকা স্বত্ত্বেও বাংলাদেশ খাদ্য উৎপাদন, নিরাপত্তা বেষ্টনী কর্মসূচী, গ্রামীণ অবকাঠামো, প্রাথমিক শিক্ষা, টিকাদান কর্মসূচী, পরিবার পরিকল্পনা, স্যানিটেশন, বিশুদ্ধ খাবার পানি সরবরাহে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে একই কাঠামো ও আইনের আওতায় আনা, মাঠ পর্যায়ের প্রশাসন পুনর্গঠন, কার্যক্রম যৌক্তিককরন, সাংবিধানিক সুরক্ষা শক্তিসালিকরন ভবিষ্যতে বড় চ্যালেঞ্জ।

এটা এখন ব্যাপকভাবে স্বীকৃত যে, অধিকাংশ উন্নয়নশীল অর্থনীতিতে নগরকে "প্রবৃদ্ধির ইঞ্জিন" বলা হয় এবং এটা এমন একটি স্থান যার মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ঘটানো যায়। বাংলাদেশ এর ব্যতিক্রম নয়, ১৯৯৬ থেকে ২০০০ সালের মধ্যে ঢাকার শ্রমশক্তি ১৫% বৃদ্ধি পেয়েছে যা সামগ্রিক দেশে ৭%। বাংলাদেশের নগর অর্থনীতিতে বেশীর ভাগ শ্রমিক অনানুষ্ঠানিক শ্রম খাতে জড়িত, ২০০৫ সালের শ্রমশক্তি জরিপ অনুযায়ী ৭৪% শ্রমিক অনানুষ্ঠানিক খাতে রয়েছে।

'Real-estate development and management Act, 2010' and it's Rules, 2011 have been formulated and 'Land Development Rules for the Private Residential Projects, 2004' has been updated. Besides, the draft Bills have been prepared to establish 4 (four) development authorities for Kuakata, Barisal, Sylhet, and Rangpur. Updating and modification of the 'National Housing Policy, 2012' is in progress to protect the cultivable land and for the planned usage of land. Urban and Regional Planning Act, 2014 (Draft) is another initiative.

The main objective of this act is to ensure effective land use management and integrated development in planned way for preventing unplanned urbanization. The Act is intended to integrate national policies into physical plan at different tires, such as National level, Regional level, Metropolitan level (city level) and Local level. The act proposed for formulation of Urban and Regional Planning Council for managing different urban issues.

UDD is the only national planning organization dealing with the physical planning matters of the country. Recognizing the changing scenario and the importance of people's participation in the planning process, UDD has shifted from making traditional Master Plan towards more people oriented development plan. PRA is an approach used to incorporate the knowledge and opinions of people in the planning and management of development projects and programs. In recent years there has been rapid expansion of new participatory reflection and action methods (PRA) and related approaches in the context of development and research. PRA methods are now increasingly used in both rural and urban situations. It can ensures and protect the voice of people of different classes. Formation of CBO, WLCC, TLCC at Paurashava level may ensure more people's participation in development process. It will ensure more transparency in urban governance.

It is worth noting that notwithstanding widely-shared perceptions on weaknesses of the local government system, Bangladesh has made remarkable strides in a host of areas including food production, safety net programs, rural infrastructure, credit provision, primary education, child immunization, family planning, sanitation, drinking water provision etc. Future challenges and issues in these areas are Unified framework law for local governments, Reforms in field administration, Rationalizing LGI functions, Strengthening Constitutional protection of local government system.

It is now widely recognized that urban centres within most developing economies are 'engines of growth' and sites of opportunity for those seeking to improve their livelihoods. Bangladesh is no different, with the labour force for Dhaka alone growing by 15% between 1996 and 2000, compared with 7% for the country as a whole. The growing urban economy in Bangladesh relies on a large

শহরের দরিদ্র পরিবারগুলোর জন্য শ্রম একটা গুরুত্বপূর্ণ সম্পদ সেটা রপ্তানীমুখী তৈরী পোশাক খাত থেকে শুরু করে গৃহকর্মী এবং রিক্সা ড্রাইভার পর্যন্ত। এইসব খাতে অভিবাসী পরিবার অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি করছে এবং অনেক শ্রমিক সফলভাবে মূলধন এবং তাদের অর্জিত আয় উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। অনেক অভিবাসী শ্রমিক এই ধরনের খাতে (যেমনঃ পোশাক শিল্প) আসায় শুধুমাত্র তাদের জীবনযাত্রার মান বৃদ্ধির পাশাপাশি রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পাওয়ায়, গ্রামীণ দারিদ্র জনগোষ্ঠীর উপর গুরুত্বপূর্ণ ইতিবাচক প্রভাব পড়েছে।

অধিকাংশ সামাজিক নিরাপত্তা কর্মসূচীর গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে লক্ষ্য রেখে প্রনয়ন করা হচ্ছে। বাংলাদেশের উদীয়মান অর্থনৈতিক রূপান্তরে নগর অর্থনীতি ক্রমশ সম্প্রসারিত হচ্ছে। অন্যদিকে, গ্রামীণ অর্থনীতির জিডিপি এবং কর্মসংস্থানের পরিমান হ্রাস পাচ্ছে এবং এর সাথে নগর অর্থনীতিতে দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে ক্রম পরিবর্তনীশল এই আর্থ-সামাজিক পরিস্থিতির সাথে সমন্বয় করে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর কৌশল পরিবর্তন করা উচিত, যেন দারিদ্র ও ঝুঁকির সম্মুখীন জনগন এই কর্মসূচীর আওতায় আসে, নগর বা গ্রামীণ জনগোষ্ঠীর বিবেচনায় নয়। শহরে পরিসেবাযুক্ত ভূমি সীমিত হবার জন্য নগর অর্থনীতিতে জনগণের অর্থপূর্ণ অংশ গ্রহণ বাধাগ্রস্থ হচ্ছে।

অপরদিকে, ভূমির সঠিক ব্যবহার, ভূমির সঠিক ব্যবস্থাপনা এবং পরিচালনার নীতির অভাব, দূর্বল অবকাঠামোগত সুবিধার ফলে শহরে জমির অপরিকল্পিত বা রৈখিক উন্নয়ন হচ্ছে যার কারনে শহরে ভূমিবাজার সরাসরি পরিবেশ এবং জীবনযাত্রার মানকে প্রভাবিত করছে। পরিবেশগত ধারণক্ষমতার উপর প্রভাব না ফেলে শহর এলাকায় পর্যাপ্ত পরিমান পরিসেবাযুক্ত ভূমি সরবরাহ নিশ্চিত করার জন্য প্রাতিষ্ঠানিক সুবিধা ও বিধিবিধান প্রনয়ন করা প্রয়োজন।

বাংলাদেশের নগর জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত আবাসনের অভাব সকল শহরের জন্য প্রধান সমস্যা। শহর এলাকাতে আবাসন ঘাটতি ২০০১ সালে ২.১৩ মিলিয়ন থেকে ২০১০ সালে ৪.৬ মিলিয়নে উন্নীত হয়েছে। জনসংখ্যা বৃদ্ধির সাথে চাহিদা অনুযায়ী বিনিয়োগ বৃদ্ধি করতে না পারলে ২০২১ সালের মধ্যে এই আবাসন ঘাটতি ৮.৫ মিলিয়নে পৌছাবে। নগর এলাকায় প্রায় ৪৪% পরিবার অস্থায়ী কাঠামোতে বসবাস করে এবং ২৯% লেকে আধা-স্থায়ী কাঠামোতে বাস করে। মাত্র ২৮% পরিবার স্থায়ী কাঠামোতে বসবাস করে। এই তথ্য থেকে এটাই প্রতীয়মান হয় যে, শহরে পরিবারের অধিকাংশ নিম্ন মানের ঘরে বসবাস করে। সুতরাং পরিমান ও মান উভয় দিক থেকেই নগরআবাসন বাংলাদেশের জন্য একটি প্রধান সমস্যা।

pool of informal labour, with the 2005 Labour Force Survey suggesting that as much as 74% of the urban workforce is in the informal sector. From the export-orientated garment sector, to the market for domestic staff, to rickshaw drivers, labour is the most important asset for poor urban households. It is through labour that the migrant households benefit most from economic growth and many workers in these sectors have successfully capitalized on these opportunities and significantly improved their earned income. Not only does this mean improved livelihoods for many families but, given the high percentage of migrants in sectors such as the garment industry, the resulting flow of remittances also has important positive impacts on rural poverty.

Much of the Social Security Programmes are focused on addressing the risks faced by the rural poor. With the evolving economic transformation in Bangladesh where both the GDP and employment domination of the rural economy is declining and the urban economy is growing with an increasing number of poor in the urban areas. So, Social Security system needs to be rethought strategically to anticipate the importance of these changing economic and social dynamics and develop programmes to more inclusive system whereby the poor and vulnerable can expect to access SSPs irrespective of where they live.

On the other hand, limited access to serviced land resulting obstacle to their meaningful participation in the urban economy. The urban land market which directly affects the urban environment and quality of urban life suffers from many distortions due to lack of proper land development and management policies including lack of planning and slow provision of infrastructure and services, thus leading to unplanned or ribbon development of land in the urban periphery. Adequate institutional setting and legal provision need to be made to ensure adequate supply of service land in the urban market to address the crisis yet without undermining the environmental and ecological sustainability.

Lack of adequate housing for Bangladesh's large urban population is obviously a key problem in all of the cities and secondary towns in Bangladesh. Housing deficit in urban areas grew from 1.13 million units in 2001 to 4.6 million units in 2010. The deficit is projected to reach 8.5 million units in 2021 if investment in the housing sector does not keep pace with the growth of population. Nearly 44% of the urban households live in purely temporary structures while those living in semi-permanent structures comprise about 29 percent of the urban households.

Only about 28 percent of the households live in permanent structures. These data suggest that overwhelming majority of urban households live in poor quality houses. So, in terms of both quantity (housing deficit) and quality, urban housing presents a major policy challenge for Bangladesh.

আগামী দিনের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন এবং সকল শ্রেণীর মানুষের জন্য অবকাঠামো সুবিধা প্রদান, জলাভূমির ভরাট হয়ে যাওয়া, উন্মুক্ত স্থান, পার্ক, পরিবেশের অবক্ষয়, শরীর চর্চার জন্য পর্যাপ্ত স্থানের অভাব, আবাসিক এলাকার অনন্য বৈশিষ্ট্যের মাধ্যমে আরামদায়ক বাসস্থান তৈরী, অদক্ষ ভবন নির্মাণ সমাজের জন্য বড় সমস্যা। পরিসেবা প্রদানের পর্যায়ে আনতে ভবনের ঘনত্ব হ্রাস, নগরের ভবন ও অবকাঠামোকে প্রাকৃতিক দুর্যোগ যেমনঃ বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প জলবায়ু পরিবর্তনের প্রভাবে থেকে রক্ষা করা বৃহত্তর চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। উপরন্তু, গতিশীল নগর অর্থনীতিতে বস্তি ব্যবস্থপনা অর্ন্তভূক্ত করা আরও একটি চ্যালেঞ্জ। বস্তি উন্নয়ন পুর্ণবাসন, আবাসনে মালিকানা নিরাপত্তা প্রদান, অবকাঠামো ও পরিসেবার প্রবেশ্যতা বৃদ্ধি, আয়বর্ধক কর্মকাণ্ড সম্প্রসারণ, যুব সমাজকে লক্ষ্য করে সামাজিক নিরাপত্তা বেষ্টনী সরকারের প্রধান কৌশল সমূহের অন্তর্ভূক্ত।

Future challenges providing affordable housing and infrastructure for people of all income classes as: Lack of wetland, open spaces, public parks, and land with tree cover causes environmental; Degradation, deprives people spaces for physical activities, and creates aesthetic discomfort; Making living comfortable by maintaining unique character of residential areas; Inefficient resource using buildings creates burden on the society; Reducing building density to manageable level; Protecting cities - buildings and infrastructure, from natural disasters such as floods and cyclones, climate change impacts and earthquakes pose increasing challenge for cities. The key challenge includes management of slums to make them part of dynamic urban economy. The strategies include upgrading slums, resettlements of slum dwellers, ensuring tenure security, enhancing access to infrastructure and all urban services, promoting income generating activities and providing social safety net coverage with special attention to generation of employment opportunities for the youth.

## প্রস্তাবিত নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৫


দেশে পরিকল্পিত ও সুষ্ট ভূমি ব্যবহার নিশ্চিতকরন তথা ভূমির অপব্যবহার রোধ করে পরিকল্পিত নগরায়নের জন্য নগর উন্নয়ন অধিদপ্তর মাষ্টার প্ল্যান/ভূমি ব্যবহার প্ল্যান প্রণয়ন করছে। উক্ত মাষ্টার প্ল্যান/ভূমি ব্যবহার প্ল্যানের আইনগত ভিত্তি হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর "নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৫" শীর্ষক খসড়া আইন প্রস্তাবনা করে মন্ত্রণালয়ে প্রেরন করে। উক্ত "নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৫" শীর্ষক খসড়া আইনটি বিষয়ে সর্বসাধারনের মতামতের লক্ষ্যে তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mohpw.gov.bd) এবং নগর উন্নয়নের ওয়েব সাইট (www.udd.gov.bd) এ প্রকাশ করা হয়। একইসাথে ০৩ টি জাতীয় পত্রিকায় (দৈনিক প্রথম আলো, দৈনিক ইত্তেফাক, The Daily Star) "গণ বিজ্ঞপ্তি" প্রকাশিত হয়। ফলে, বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান এবং ব্যক্তিবর্গ থেকে বিভিন্ন মতামত পাওয়া যায়। সর্বপরি, প্রস্তাবিত "নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৫" খসড়া আইনটির উপর বিশিষ্ঠ ব্যক্তিবর্গের মতামত গ্রহনের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের সভাকক্ষে সেমিনার অনুষ্ঠিত হয়। ওয়েব সাইট, দৈনিক পত্রিকা ও সেমিনারের মাধ্যমে পাওয়া মতামতগুলো সমন্বিত করে পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরন করা হয়।

## Proposed Urban and Regional Planning Act, 2015

Urban Development Directorate formulated Master Plan/Landuse Plan to prevent unplanned and misuse land in the country for ensure planned and well landuse. Urban and Regional Planning Act, 2014 formulated as the legal basis of Master Plan/Landuse Plan which was sent to the Ministry of Housing and Public Works. To concerning common opinion of all peoples of Bangladesh to published the draft Urban and Regional Planning Act, 2014 on the web site of Ministry of Housing and Public Works (www.mohpw.gov.bd) and Urban Development Directorate (www.udd.gov.bd) on 30 December, 2014. At the same time public notice was published in three national newspaper such as: The Daily Prothom Alo, The Daily Ittefaq and The Daily Star. As a result, various opinion found from different ministries , institutions , individual persons. Finally, A seminar held on 19/02/2015 at Urban Development Directorate's auditorium for opinion from the prominent personalities on the proposed draft Urban and Regional Planning Act, 2015. At last, to compilation of these opinions from the web site, The Daily News Paper and Seminar sent to Ministry of Housing and Public Works for further action.

## এশিয়ান ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার (এডিপেসি) থাইল্যান্ড এর সাথে সহযোগীতামূলক কর্মকান্ড

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নগরউন্নয়ন অধিদপ্তরএবং থাইল্যান্ডের দুর্যোগ বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান এশিয়ান ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার (এডিপিসি) কর্তৃক যৌথ গবেষণায়প্রণীত "Handbook for Risk Sensitive Land Use Planning for Upazilas and Municipalities in Bangladesh" শীর্ষকহ্যান্ডবুকগত ফেব্রুয়ারী, ২০১৬ তে প্রকাশিত হয়।



## Collaboration with Asian Disaster Preparedness Centre (ADPC) Thailand

Urban Development Directorate & Asian Disaster Preparedness Centre (ADPC) Thailand conducted a research entitled" Handbook for Risk Sensitive Land Use Planning for Upazilas and Municipalities in Bangladesh" was published on February 2016.

Handbook for Risk Sensitive Land Use Planning for Upazilas and Municipalities in Bangladesh" শীর্ষকহ্যান্ডবুক

## ম্যাপ আর্কাইভ

*শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান*, সিনিয়র প্ল্যানার
*মোঃ রাসেদুল ইসলাম*, গবেষণা সহকারী
থানা সেন্টার প্ল্যানিং-০১
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

১৯৬৫ সালে অত্র দপ্তরের প্রতিষ্ঠালগ্ন হতে দেশের জেলা, উপজেলা ও বিভাগীয় শহরের প্ল্যান ও ম্যাপ প্রণয়ন করে আসছে। এছাড়া অন্যান্য দপ্তর সমূহ বিশেষ করে রাজউক, এলজিইডি, আরডিএ, সিডিএ, কেডিএ -এর মাধ্যমে বিভিন্ন প্ল্যান ও ম্যাপ প্রণয়ন করা হয়েছে। দেশের বিভিন্ন শহরের নতুন প্ল্যান প্রণয়ন ও পুরানো প্ল্যানকে আধুনিকায়ন করার লক্ষ্যে উক্ত ম্যাপ ও প্ল্যান সমূহ বিশেষভাবে প্রয়োজন হয়ে পড়ে। সকল ম্যাপ ও প্ল্যান সমূহ যথাযথভাবে সংরক্ষনের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে গত ১৩/১২/২০১১খ্রিঃ তারিখে Plan/Map Archive গঠন করা হয়। এ উদ্যোগের অংশ হিসেবে নগর উন্নয়ন অধিদপ্তর হতে প্রণীত সকল ম্যাপ স্ক্যান করে কম্পিউটার ও সিডিতে সংরক্ষনের ব্যবস্থা গ্রহণ করা হয়। দেশের বিভিন্ন শহর কেন্দ্র (গ্রোথ সেন্টার, ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগীয় শহর) এর মৌজা ম্যাপ, প্ল্যান, ইমেজ, ডাটাবেজ, প্রতিবেদন ও অন্যান্য বিভিন্ন প্রকার অবকাঠামো ম্যাপ, ম্যাপ আর্কাইভে সংরক্ষনের ব্যবস্থা নেওয়া হয়েছে। উক্ত ম্যাপ, প্রতিবেদন ও ডাটাবেজ বিভিন্ন সংস্থা ও জনগণের চাহিদা মোতাবেক নির্ধারিত নিয়মানুযায়ী সরবরাহ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। অত্র দপ্তর হতে ১৯৮০-৯০ দশকে প্রণীত বিভিন্ন জেলার মাষ্টার প্ল্যানের ৫৮ টি জেলার মোট ৪৯২ টি ম্যাপ এবং ৩৮৭ টি উপজেলা/থানার মোট ১৭৭১ টি সহ সর্বমোট ২২৬৩ টি ম্যাপ স্ক্যান করে DVD ও কম্পিউটারে সংরক্ষণ করা হয়েছে। রাজউকের DAP ম্যাপ ও ডাটাবেজ এবং অত্র দপ্তর হতে প্রণীত সিলেট, বরিশাল, কক্সবাজার ও মাদারীপুর-রাজৈর মাস্টার প্ল্যান এর ম্যাপ, ডাটাবেজ সমূহ DVD ও কম্পিউটারে সংরক্ষণ করা হয়েছে। ফেব্রুয়ারি'২০১৬ এর মাসিক সমন্বয় সভায় সামগ্রিক আর্কাইভ গঠনের সিদ্ধান্ত অনুযায়ি নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত অন্যান্য প্রকল্পসমূহ থেকে সম্পাদিত ম্যাপ ও রিপোর্টসমূহ পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সংগ্রহ করা ও দেশের অন্যান্য সংস্থা কর্তৃক প্রণীত ম্যাপসমূহ সংরক্ষণ করার কাজ চলমান রয়েছে।

## Map Archive

**Sharif Mohammad Tariquzzaman**
Senior planner
**Md. Rashadul Islam,** Research Assistant
Thana Center Planning Unit-1
Urban Development Directorate, Dhaka

Urban Development Directorate (UDD) has prepared Plan and Maps and of divisional, district and upazila towns from the established of the directorate. However, plans and maps also prepared by others departments likes RAJUK, KDA, CDA, RDA, LGED. These plans and Maps are utmost important to prepare new plan and revise the older one. To satisfy the broads objectives UDD established Map Archive. In the parts of endeavor, all prepared maps as hard copy were scanned and preserved as softcopy. Action also has been taken to preserve mouza maps, plan, image, database, reports and different types of infrastructure Maps of the different urban centers (growth center, union, upazilas, districts, divisional towns) of the country would be delivered to the peoples as their requirement following some official formalities.

As a result, four hundred Ninety two Master plan maps of specific 58 district town prepared by UDD from 1980 to 1990, one thousand seven hundred seventy one Maps of 387 upazila/thana areas were preserved in DVD's and in Computer. DAP Maps of Rajuk and master plan Maps and database of sylhet, Barisal, Cox's bazar, Madaripur & Rajoir preserved as soft copy. In the monthly co-ordination meeting on Feb'2016 a decision has been taken to preserve soft copy of all reports, research, journals etc in the Map Archive.

## International Urban Training Centre (IUTC) of The Republic of Korea এবং UN-Habitat কর্তৃক আয়োজিত "Urban Development: Smart Eco-City 2016" শীর্ষক ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ

মোঃ তানভীর হাসান রেজাউল
প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

International Urban Training Centre of The Republic of Korea এবং UN-Habitat কর্তৃক আয়োজিত "Urban Development: Smart Eco-City 2016" শীর্ষক ট্রেনিং প্রোগ্রামে ২৬ এপ্রিল - ৪ মে ২০১৬ তারিখ পর্যন্ত অত্র অধিদপ্তরের প্ল্যানার জনাব মোঃ তানভীর হাসান রেজাউল অংশগ্রহণ করেন।

এই ট্রেনিং কোর্সের মূল উদ্দেশ্য ছিল পরিবেশগত ও সাশ্রয়ী উপায়ে টেকসই শহরের পরিকল্পনা, ডিজাইন ও উন্নয়নে প্ল্যানিং এর মূল টুলস্ ও টেকনিকস্ সরবরাহ করা। এই কোর্সে Smart Eco-City এর ধারণা ও নীতিসমূহের বোঝার ক্ষেত্রে সহায়তা করেছে। তাছাড়া এই কোর্স Case Study উপস্থাপনা এবং বাস্তবভিত্তিক অনুশীলনের মাধ্যমে কিছু নির্ধারিত শহর ও Best Practice শহরের সাথে পরিচয় করিয়ে দেয়া হয়।

কোর্সটি বাস্তবভিত্তিক ও সমস্যা সমাধানের উপায়ে পরিচালিত হয়। এটি Smart Eco-City উন্নয়নের বিভিন্ন লেকচার, Case Study উপস্থাপনা; বাস্তবভিত্তিক অনুশীলন, গ্রুপ ওয়ার্ক ইত্যাদির সমন্বয়ে পরিচালিত হয়। Smart Grid by Sector at the Different Scale বিষয়ে বিশেষ লেকচার উপস্থপন করা হয়। তাছাড়া অন্যান্য বিবিধ বিষয়েও লেকচার ছিল যেমনঃ (i) Post 2015 SDG and Smart Eco-City; (ii) Ecological Planning Development for Climate Resilient Smart City; (iii) Introduction of Smart Technology: Smart Home Technology based on IoT; (iv) Sectoral Approach of Smart Technology: Smart Energy Grid System; (v) Sectoral Approach of Smart Technology: Smart Water Grid System; (vi) Aspect of Climate Change Adaptation : Natural Disaster Control System utilizing ICT; (vii) Aspect of Climate Change Mitigation: Reducing Carbon Emission; (viii) Real Application Case by CISCO's IoT System; (ix) Preparation and Presentation of Action Plan.




চিত্র-১ঃ প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ
Pic-1: Training Participants

## Participation in the training entitled "Urban Development: Smart Eco-City 2016" organized by International Urban Training Centre (IUTC) of The Republic of Korea and UN-Habitat

**Md. Tanvir Hasan Rezaul**
Planner
Urban Development Directorate, Dhaka

Mr. Md. Tanvir Hasan Rezaul, Planner of this directorate participated in the training course entitled "Urban Development: Smart Eco-City 2016"from 26 April – 4 May 2016 organized by International Urban Training Centre (IUTC) of The Republic of Korea and UN-Habitat.

The objectives of the training course were to provide the basic planning tools and techniques for effective preparation, design, plan and development of environmentally and economically sustainable cities.

The course enhanced the understanding about the concepts and principles and major paradigms of the smart eco-city.

The course also enabled to get acquainted with selected case cities and best practices that were presented throughout the course in the forms of case study presentations and practical exercises.

The course was conducted in a practical and problem solving manner. It was comprised of lectures, case study presentations, practical exercises, group work about the various dimensions of smart eco-city development processes.

There was special lecture on types of Smart Grid by Sector at the different scale; And there were several lectures such as (i) Post 2015 SDG and Smart Eco-City; (ii) Ecological Planning Development for Climate Resilient Smart City; (iii) Introduction of Smart Technology: Smart Home Technology based on IoT; (iv) Sectoral Approach of Smart Technology: Smart Energy Grid System; (v) Sectoral Approach of Smart Technology: Smart Water Grid System; (vi) Aspect of Climate Change Adaptation : Natural Disaster Control System utilizing ICT; (vii) Aspect of Climate Change Mitigation: Reducing Carbon Emission; (viii) Real Application Case by CISCO's IoT System; (ix) Preparation and Presentation of Action Plan.




চিত্র-২ঃ প্রশিক্ষণ সনদপত্র গ্রহণ
Pic-2: Training Certificate Reception

## "প্রিপারেশন অব ন্যাশনাল কমপ্রিহেন্সিভ ডেভেলপমেন্টপ্ল্যান ফর দি হোলকান্ট্রি" শীর্ষক প্রকল্প প্রস্তাবনা

প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ ঃ

- নগর এবং অঞ্চল পরিকল্পনার সাথে সম্পর্কিত সকল সেক্টরালনীতিমালা, আইনসমূহ পর্যলোচনাকরণ এবং বাংলাদেশের সকল স্তরের প্রশাসনিক, আর্থিক ব্যবস্থাপন ।পর্যালোচনাকরণ এবং Land use plan এর সাথে সংশ্লিষ্টতা স্থাপনের উপায় নির্ধারন ও দেশের সকল প্রশাসনিক স্তরের ভূমি ব্যবহারের উপাদান সমূহকে নগর ও গ্রামাঞ্চলের সকল ভূমি ব্যবহার সম্পর্কিত ভৌত, সামাজিক এবং মানবিক অবকাঠামো এর সংজ্ঞায়িতকরণ, মানদন্ডনির্ধারন এবং শ্রেণীবিণ্যাসকরণ।
- বিদ্যমান শিল্পকারখানা সমূহের স্থানিক বিস্তার (Spatial Distribution) চিহ্নিতকরণ এবং নতুন শিল্প এলাকার জন্য স্থান নির্বাচন।
- বাংলাদেশের নদীসমূহের ওয়াটার সেড (Water Shed) এর স্থানিক বিস্তার চিহ্নিতকরণ এবং ওয়াটার সেডসমূহের জন্য স্থানিক পরিকল্পনার নীতিমালাপ্রণয়ন এবং বাস্তুসংস্থান সম্পর্কিত সংকটাপন্ন এলাকাসমূহ সহ উপকূলীয় অঞ্চলে জোয়ার-ভাটার প্রভাব সম্পন্ন এলাকাসমূহ চিহ্নিতকরণ এবং এলাকাসমূহের জন্য পরিকল্পনার নির্দেশিকা প্রণয়ন।
- স্থান ভেদে বিভিন্ন দুর্যোগের ঝুঁকিসম্পন্ন এলাকাসমূহ চিহ্নিতকরণ এবং দুর্যোগের ঝুঁকি অন্তর্ভুক্ত করে আঞ্চলিক এবং স্থানীয় পর্যায়ে পরিকল্পনার নির্দেশিকা প্রণয়ন।
- জাতীয় এবং অঞ্চল পর্যায়ের বিভিন্ন পরিকল্পনা এবং বিভিন্ন সেক্টরাল সংস্থাসমূহের কর্মসূচীকে একটি সমন্বিত পরিকল্পনার কাঠামোর জন্য আনয়ন করা এবং উক্ত পরিকল্পনা ও কর্মসূচীকে স্থানিকরূপ প্রদান।
- দেশের জনসাধারনের জীবনযাত্রার মানউন্নয়নের লক্ষ্যে সম্পদের সুষ্ঠু ব্যবহরের প্রয়োজনীয়তা (Need Assessment) নির্ধারন এবং বিভিন্ন অঞ্চলের আঞ্চলিক বৈষম্য (Regional Disparity) বিশ্লেষন এবং আঞ্চলিক বৈষম্য দূরীকরণের জন্য পরিকল্পনা প্রণয়ন।
- জাতীয় ও অঞ্চল পর্যায়ের হাইওয়ে এবং ফিডার রোডটাইপI বরাবর করিডোর ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন।

**National Comprehensive Development Plan for the Whole Country** *এর মূলবিষয়বস্তু নিম্নে বর্ণনা করা হলো ঃ*

**প্রথমস্তরঃ কৌশলগত পরিকল্পনা (Strategic Plan)ঃ** জাতীয় পর্যায়ের গুরুত্বপূর্ণ অ্যাকশন প্লানসমূহ একীভূতকরণপূর্বক সমন্বিত পরিকল্পনার প্রণয়ন এবং সরকারের সকল সেক্টরালনীতিমালা এবং নীতিমালা বাস্তবায়নের কৌশল সমূহেরর স্থানিকবিন্যাস চিহ্নিতকরণ।

**দ্বিতীয়স্তরঃ অ্যাকশন এরিয়াপ্ল্যানঃ** বিশেষ এলকাসমূহের বিশেষ করে সুন্দরবন, ওয়েটল্যান্ড (Wet land) যেমন হাওড়, বিল ইত্যাদি কুয়াকাটা, টুংগীপাড়া, ডীপসি পোর্ট নতুন জাতীয় বিমানবন্দর, ল্যান্ড পোর্ট, কোল সিটি (Coal City), মেগ পাওয়ার প্ল্যান্ট, হার্ড রকসিটি (Hard Rock City) ইত্যাদির জন্য অ্যাকশন প্ল্যান প্রণয়ন এবং দেশের কৌশলগত গুরুত্বপূর্ণ অবকাঠামো যেমন- বিমানবন্দর, ন্যাশনাল

## National Comprehensive Development Plan for the Whole Country

### 01 Background

The proposed project is intended to integrate the national and regional level plans of all relevant sectotral agencies and translating them into space; and also to identify overlapping and conflicting space. The pros and cons of the scenario would be notified to the policy makers and also to the sectoral agencies to undertake mitigative measures. Long term guidelines would also be prepared through translating vision and scenario of development of the government and prepare plan on the basis of the guideline.

### 02 Key Objectives of the Project:

" Definition, standardization and classification of all land use elements for all administrative tiers of Bangladesh (all urban and rural land use including physical, social and human infrastructure).

" Review of (i) all sectotral policies, acts and legislations relevant to urban and regional planning, (ii) National Physical Plan (Phase I and Phase II) and (iii) Integrate all national and regional levels plans and programmes of different sectoral agencies

" Physical determination of trends in land use pattern and its time based change for the last two decades

" Environmental protection, conserving agricultural land, maintaining aesthetic beauty of urban and rural areas;

" Identify watershed of the existing river system, the spatial distribution of ecologically critical areas, areas vulnerable to different types of disasters and provide guidelines for disaster risk all over the country

" Need assessment for optimum resource distribution, Regional disparity analysis, Corridor development plan along national & regional highways

" Identify the spatial distribution of industries and determination of suitable location of industrial areas; and restricting unplanned industrial development and promote planned industrial development in the country

### 03 The Integrated Package of Plan would be Comprised of 6 (six) Stages as Follows:

The 1st Stage-National Level Plan: Strategic Plan through spatial translation of all Sectoral policies and

হাইওয়ে, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট ইত্যাদির জন্য স্থান নির্বাচন এবং কৌশলগত পরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ ।

**তৃতীয়স্তর ঃ অঞ্চল উন্নয়ন পরিকল্পনা নিম্নলিখিত বিষয়ের ভিত্তিতে আঞ্চলিক ইকো-টোন বিশ্লেষণঃ** (ক) ভূমির প্রকৃতি, মৃত্তিকা এবং কৃষি, (খ) পানি বিজ্ঞান এবং পরিবেশগত বৈশিষ্ট্য, (গ) দুর্যোগের প্রবণতা, (ঘ) জনসংখ্যার বৈশিষ্ট্য, (ঙ) বেসিক সার্ভিসের পর্যায় এবং (চ) বিদ্যমান মৌলিক সেবা সুবিধাদির সম্পদের পটেনশিয়ালিটি এবং উন্নয়নের জন্য আর্থিক সংস্থান ।

**চতুর্থ স্তরঃ করিডোর ডেভেলপমেন্টপ্ল্যানঃ** (ক) হাইওয়ে করিডোর এবং ফিডার রোড বরাবর জাতীয় নীতিমালা এবং নীতিমালা বাস্তবায়নের সেক্টরাল কৌশলসমূহকে স্থানিক রূপান্তরকরণ এবং ন্যাশনালক ম্প্রিহেনসিভ প্ল্যানের আওতায় সমন্বয়করণ; (খ) হাইওয়েক রিডোর এবং ফিডার রোড সংলগ্ন এলাকাসমূহের জন্য সংরক্ষণ পরিকল্পনা, উন্নয়ন পরিকল্পনা এবং উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনা প্রণয়ন ।

**পঞ্চম স্তরঃ শিল্পায়ন সংক্রান্ত সমীক্ষা এবং সংরক্ষন পরিকল্পনা ঃ** (ক) দেশের বিদ্যমান শিল্প এলাকাসমূহের স্থানিকবিস্তার (Spatial Distribution) নির্ধারনের লক্ষ্যে দেশের শিল্পাঞ্চল সমূহকে চিহ্নিতকরণ; (খ) যত্রতত্র গড়ে উঠা শিল্প এলাকা সমূহকে চিহ্নিতকরণ এবং নতুনশিল্প এলাকা স্থাপনের নিমিত্তে উপযুক্ত স্থান নির্বাচন ।

**ষষ্ঠ স্তর ঃ পরিকল্পনার বাস্তবায়ন পরীক্ষণ এবং মূল্যায়ন ঃ** সামগ্রিক পরিকল্পনাটি প্রতিষ্ঠানিক কাঠামোর মধ্যে বাস্তবায়ন, পরীক্ষণ এবং মূল্যায়ন করা হবে । নগর উন্নয়ন অধিদপ্তর উক্ত পরিকল্পনার তত্ত্বাবধায়ক হবে ।

strategies of government of Bangladesh

The 2nd Stage-Action Area Plans:Development of priority plan based on all national/regional level plans/programmes of different sectoral agencies.These two stages would be done at first.

The 3rd Stage-Regional Level Plan: through regional disparity analysis on the basis of eco-tone under the guideline of stage-I for the whole country-This would be the first endeavor at regional level in Bangladesh

The 4th Stage-Corridor Development Plan:This includes detailed planning along national, Regional highways and also along Feeder road type-1.

The 5th Stage-Industrial Study and Conservation Plan: to ban unplanned industrial development and measures to undertake planned industrial development. Conservation plan includes conserving agricultural land and eco-sensitive region of Bangladesh.

The Last Stage of the plan would involve the implementation, monitoring and evaluation of the plan. UDD will be the custodian of the plan and will supervise the implementation of the plan.

## প্রিপারেশন অব কম্প্রিহেনসিভ রিজিওনাল ডেভেলপমেন্ট প্যাকেজ ফর রংপুর ডিভিশন

রংপুর বিভাগের ৮ টি জেলা ও ৫১ টি উপজেলার উন্নয়নের জন্য বিভাগের ১৬৩১৮ বর্গ কিলোমিটার এলাকার জন্য ২০ বছর মেয়াদি উন্নয়ন পরিকল্পনা, ১০ বছর মেয়াদি আরবান এরিয়া প্ল্যান ও ৫ বছর মেয়াদি একশন  এরিয়া প্ল্যান প্রনয়নের লক্ষে ১৮/০২/১৬ তারিখে রাজশাহী আঞ্চলিক অফিসের মাধ্যমে একটা ডিপিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয় । বিগত ৩ এপ্রিল ২০১৬ তারিখে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাকক্ষে পরবর্তী করণীয় বিষয়ে উক্ত ডিপিপির উপর ব্যয় যুক্তিযুক্ত করণ সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন গৃহায়ণ ও গনপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) । সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক জনাব খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ, রাজশাহী আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ) মোঃ জাহাঙ্গীর আলি এবং প্ল্যানার মোঃ ফখরুল ইসলাম ।

## Preparetion of Comprehensive Regiona Development Planning Package for Rangpur Division

A DPP consisting of 8 districts along with 51 upazilas with an area of 16318 sq. km aiming 20 years duration development plan, 10 years duration urban area plan and 5 years duration action area plan was sent to UDD Head Office on February 18, 2016 for further action. A budget justification meeting was held on April 3, 2016. The meeting was chaired by Additional Secretary (Development) of MoHPW. Mr. Khondoker Fowze Mohammed Bin Farid Director, Md. Jahangir Ali Senior Planner (Addl Chg), Md. Fakhrul Islam Planner of UDD among others were present in the meeting.

## প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্লানিং প্যাকেজ ফর কামারখন্দ উপজেলা

কামারখন্দের মাননীয় এমপি ডাক্তার হাবীবে মিল্লাত এর চাহিদা এবং গৃহায়ণ ও গনপূর্ত মন্ত্রণালয়ের নির্দেশের প্রেক্ষিতে উক্ত উপজেলায় ২০ বছর মেয়াদি একটা সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের লক্ষে "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্লানিং প্যাকেজ ফর কামারখন্দ উপজেলা" শীর্ষক একটি ডিপিপি প্রণয়নয়ের কাজ নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিসের মাধ্যমে চলমান আছে। এ লক্ষে বিগত ২৫ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ) মোঃ জাহাঙ্গীর আলি, প্ল্যানার মোঃ ফখরুল ইসলাম, সহকারী প্ল্যানার মোঃ আব্দুল ওয়াহাব এবং রেখাকার মোঃ মাহবুব হোসেন এর সমম্বয়ে একটি দল কামারখন্দ উপজেলা পরিদর্শণ করেন এবং উক্ত উপজেলার গণ্য মান্য লোকজনের সাথে উপজেলা মিলনায়তনে একটি মতবিনিময় সভায় অংশ গ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন কামারখন্দ উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মতিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব ইসরাত ফারজানা।

## Preparation of Development Planning Package for Kamerkhand Upazila

Preparation of Development Planning Package for Kamerkhand Upazila aiming land use development is running by UDD Regional Office Rajshaihi for the demand of local MP Dr. Habib-A-Millat and ordered by MoHPW. In conncetion of this task a team of 3 Officers and 1staf of UDD Regional Office named Md Jahangir Ali Senior Planner (Addl Chg), Md Fakhrul Ialam Planner, Md Abdul Wahab Asst Planner and Md Mahabub Hossain Tracer visited Kamerkhand Upazila for Primary observation and for exchanging views with local elits. Kamerkhand Upazila Chairman Mr. Md. Abdul Matin Chaired the meeting. Ms. Israt Farzana Upazila Nirbahi Officer presented in the meeting as chief guest.

## প্রস্তাবিত পায়রা উন্নয়ন কর্তৃপক্ষ, সমন্বিত মহাপরিকল্পনা এবং নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম

গত ০৪/০২/২০১৬ ইং তারিখে প্রধান মন্ত্রীর কার্যালয়ে সচিবের সভাপতিত্বে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন কুয়াকাটা পর্যটন এলাকার জন্য প্রণীত মহাপরিকল্পনা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তগুলির অন্যতম ঃ

(১) পায়রা, কুয়াকাটা, তালতলী, পাথরঘাটা, আমতলী ও রাঙাবালি সমম্বয়ে একটি উন্নয়ন কর্তৃপক্ষ গঠনের উদ্যোগ গ্রহণ করা হবে, (২) উল্লিখিত উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকার জন্য Comprehensive Master Plan প্রণয়ন করা হবে এবং (৩) নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত উন্নয়ন কর্তৃপক্ষ এলাকার একটি বড় ম্যাপ ও Power Point Presentation প্রধান মন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবেন।

উক্ত সিদ্ধান্ত মোতাবেক নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত উন্নয়ন কর্তৃপক্ষ এলাকার জন্য একটি বড় ম্যাপ IPower Point Presentation; এবং একই সাথে (১) কলাপাড়া, (২) আমতলী, (৩) তালতলী, (৪) পাথরঘাটা, (৫) গলাচিপা, (৬) রাঙাবালিও (৭) বরগুনা সদর সহ ৭ (সাত) টি উপজেলা নিয়ে প্রস্তাবিত উন্নয়ন কর্তৃপক্ষ সংক্রান্ত টউউ এর প্রস্তাবনা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধান মন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করে।

## Creation of Proposed PayraDevelopment Authority, Preparation of Comprehensive Master Plan and Role of UDD

Ameeting was held on 04.02.2016 at the Prime Minister'sOffice chaired by the Secretary about the prepared Master Plan for Kuakata Tourism Center of Patuakhalizila. Decision of the meeting was to (I) create a Development Authority including Payra,Kuakata, Patharghata, Amtali and Rangabali and (2) A Comprehensive Master Plan shall have to be prepared for the area of Development Authority and (3) UDD shall prepare a large map for the area of Proposed Development Authority Area and a Power Point Presentation as well.

Accordingly UDD prepared a large map for the proposed Development Authority Area and a Power Point Presentation along with a map containing UDDs own proposal relating to Proposed Development Authority Comprising of Seven Upazilasof the region Covering (i) Kalapara (ii)Amtali (iii)Taltali (iv)Galachipa (v)Rangabali (vi) BargunaSadar and (vii) PatharghataUpazilas.

# ভবিষ্যৎ পরিকল্পনা

গত ০৪/০২/২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত সভার ধারাবাহিকতায় গত২০/০৩/২০১৬ ইং তারিখে প্রধান মন্ত্রীর কার্যালয়ের সচিবের সভাপতিত্বে পায়রা, কুয়াকাটা, তালতলী, পাথরঘাটা, আমতলী ও রাঙ্গাবালি সমন্বয়ে একটি উন্নয়ন কর্তৃপক্ষ গঠন সংক্রান্ত দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত/সুপারিশ মোতাবেক পায়রা, কুয়াকাটা, তালতলী, পাথরঘাটা, আমতলী ও রাঙ্গাবালি সমগ্র এলাকাকে অন্তর্ভুক্ত করে একটি "উন্নয়ন কর্তৃপক্ষ" গঠন এবং "সমন্বিত মহাপরিকল্পনা" প্রণয়নের কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা দেওয়া হয়।

সভায় "ভিশন ২০২১" বাস্তবায়ন এবং "ভিশন ২০৪১" অনুযায়ী ২০৪১ সাল নাগাদ মধ্যম আয় পরবর্তী উন্নত দেশে উপনীত হওয়ার লক্ষ্যকে বিবেচনায় রেখে উক্ত এলাকায় সমন্বিত মহাপরিকল্পনা প্রণয়নের নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/আওতাধীন সংস্থা কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং ভবিষ্যতে করণীয় বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়; এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রস্তাবিত উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীণ এলাকায় বিভিন্নভাবে সম্পৃক্ত অন্যান্য মন্ত্রণালয়/সংস্থা থেকে তাদের সুপারিশ/মতামত সংগ্রহপূর্বক সেসব বিবেচনা করে একটি সমন্বিত প্রস্তাব আগামী সভায় পেশ করবে।

এর প্রেক্ষিতে পায়রা, কুয়াকাটা, তালতলী, পাথরঘাটা, আমতলী ও রাঙ্গাবালি সমন্বয়ে একটি উন্নয়ন কর্তৃপক্ষ গঠন সংক্রান্তবিষয়ে মতামত পর্যালোচনার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে গত ১৮/০৪/২০১৬ ইং তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে একটি আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃ মন্ত্রণালয় সভার প্রেক্ষিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত এবং মতামত সরবরাহ করে।

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রাপ্ত তথ্য ও উপাত্ত মতামত সমন্বয় করে একটি সমন্বিত ধারণাগত প্রস্তাবনার প্রতিবেদন প্রস্তুত করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করে। অতঃপর গত ২৯/০৫/২০১৬ ইং তারিখে পায়রা উন্নয়ন কর্তৃপক্ষ এবং সমন্বিত মহাপরিকল্পনা প্রণয়নের উপর তৃতীয় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক উন্নয়ন কর্তৃপক্ষ এলাকার জন্য সমন্বিত মহাপরিকল্পনা প্রণয়ন করার জন্য সম্মিলিত নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয় এবং বরিশাল বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে পায়রা উন্নয়ন কর্তৃপক্ষ এলাকার জন্য একটি কমিটি গঠন করা হয় যাতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধিত্ব থাকবে।

# Future Plan

Following the meeting, another meeting was held on 20.03.2016 at the Prime Minister's Office chaired by the Secretary. According to the decisions of the meeting (i) a Development Authority would be created including the whole area of Payra, Kuakata, Taltali, Patharghata, Amtali and Rangabali; (ii) considering "Vision 2021" and "Vision 2041" concerned ministry/ agency would send their information relating to what have been done by the Concerned ministry/ agency including theirSectoral Proposal and which issues should be included in the 'Comprehensive Master Plan'; and (iii) Ministry of Housing and Public Works would submita comprehensive Proposal by combining the recommendations/comments/proposal of concerned Sectoralministries/ agencies.

Following the decision, an inter-ministerialmeeting was held at the Ministry of Housing and public Works with various ministries.According to the decision of the meeting various ministries and Sectoralagencies sent their relevant data, information and recommendations concerning the proposed 'Comprehensive Master Plan'.

UDD prepared a report of Conceptual Proposal by combining all possible data and information and sent it to the Prime Minister's Office through Ministry of Housing and public Works.Then,the third meeting was held on 29.05.2016 relating to creation of 'Payra Development Authority' and 'Comprehensive Master Plan'. Decision was taken in the meeting that UDD shall prepare master plan for the proposed 'Development Authority'area and a Committee shall be formed headed by the Divisional Commissioner, Barisal concerning 'Development Authority' area, where UDD will have a representation.



নগর উন্নয়ন অধিদপ্তরের ৫০ বছর পূর্তি



৫০ বছর পূর্তিতে সাবেক ও বর্তমান কর্মকর্তা-কর্মচারীদের পুনর্মিলনী অনুষ্ঠান



প্রস্তাবিত "নগর ও অঞ্চল পরিকল্পনা আইন ২০১৫" শীর্ষক সেমিনার



প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর শীর্ষক সেমিনার



প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস শীর্ষক সেমিনার




ময়মনসিংহ শহরে আয়োজিত MSDP প্রকল্পের র‍্যালী



MSDP প্রকল্পের গণশুনানীর অংশ হিসেবে প্রদর্শনী



MSDP প্রকল্পের প্রস্তুতকৃত প্ল্যানের প্রাক-গেজেট নোটিফিকেশন শীর্ষক সেমিনার



MSDP প্রকল্পের প্রস্তুতকৃত প্ল্যানের প্রাক-গেজেট নোটিফিকেশন শীর্ষক সেমিনারে বক্তব্যরত প্রকল্প পরিচালক



HABITAT III: The New Urban Agenda শীর্ষক সেমিনার



সিলেট আঞ্চলিক অফিস আয়োজিত সেমিনার



খুলনা আঞ্চলিক অফিস আয়োজিত সেমিনার




পরিচালক মহোদয়ের বরিশাল আঞ্চলিক অফিস পরিদর্শন



রাজশাহী আঞ্চলিক অফিস আয়োজিত সেমিনার



উপ-পরিচালক (স ও গ) মহোদয়ের কক্সবাজার আঞ্চলিক অফিস পরিদর্শন

# নগর উন্নয়ন অধিদপ্তর

## পরিকল্পনার রোড ম্যাপ





উপদেষ্টা : খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

সম্পাদকমন্ডলী : আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

উদয় শংকর দাস, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

ইয়ারুন্নেছা খানম, সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা



পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ কর্তৃক প্রকাশিত। ফোন : +৮৮০-২-৯৫৬২৭২৮

ফ্যাক্স : +৮৮০-২-৯৫৫৭৮৬৮, ই-মেইল : director.udd1965@gmail.com, ওয়েবসাইট : www.udd.gov.bd